চিরবিশ্বস্ত
চিরনূতন
শ্যাম সুন্দর কোং
জুয়েলার্স
আগরতলা • খোয়াই • উদয়পুর
ধর্মনগর • কলকাতা

ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৬ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 7 August, 2020 ■ আগরতলা, ৭ আগষ্ট, ২০২০ ইং ■ ২৩ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ, শুক্রবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা




# রাজ্যে করোনায় আরও পাঁচজনের মৃত্যু

## নতুন আক্রান্ত ১২৮, সুস্থ হলেন ৬৭

**আগরতলা, ৬ আগস্ট (হি.স.)।।** ত্রিপুরায় একদিনে করোনা আক্রান্ত সর্বোচ্চ মৃত্যু হয়েছে আজ বৃহস্পতিবার। করোনা আক্রান্ত পাঁচজনের আজ মৃত্যু হয়েছে। স্বাস্থ্য দফতরের বুলেটিনে এই খবর জানানো হয়েছে। তাতে, ত্রিপুরায় এখন পর্যন্ত ৩৬ জনের মৃত্যু হয়েছে।

প্রসঙ্গত, করোনা-র সংক্রমণ বৃদ্ধির সাথে পাল্লা দিয়ে মৃত্যুর হারও ত্রিপুরায় বেড়ে চলেছে। তবে, অধিকাংশই বার্ধক্যজনিত রোগে কিংবা অন্য রোগের উপসর্গ নিয়ে অসুস্থ রয়েছেন। ফলে, করোনা তাদের দ্রুত কাবু করে ফেলছে।

এদিকে, শুক্রবার নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ১২৮ জন। এদিন ২৭৬৪ জনের নমুনা পরীক্ষা করা হয়েছিল। তাতে ১২৮ জনের কোভিড-১৯ রিপোর্ট পজেটিভ এসেছে। এর মধ্যে সমীক্ষার বকলগে ৩২১ জনের মধ্যে ১৭ জনের রিপোর্ট পজেটিভ এসেছে। তাছাড়া বিভিন্ন কোয়ারেন্টাইন সেন্টারে এবং প্রবেশ পথে পরীক্ষা করা হয়েছিল ১৭০৮ জনের নমুনা। তাতে ১১০ জনের কোভিড-১৯ রিপোর্ট পজেটিভ এসেছে। অন্যদিকে, আরটিপিসিআরের মাধ্যমে নমুনা পরীক্ষা করা হয়েছিল ৭৩৫ জনের। এর মধ্যে এক জনের কোভিড-১৯ রিপোর্ট পজেটিভ এসেছে।

ত্রিপুরায় বুধবার পর্যন্ত ৫৭৪০ জন করোনা আক্রান্ত হয়েছেন। তাদের মধ্যে ৩৭৯৩ জন সুস্থ হয়েছেন। তাছাড়া, ১৮ জন ত্রিপুরার বাইরে রয়েছেন। এদিকে, পশ্চিম ত্রিপুরা জেলা বর্তমানে করোনা সংক্রামিতের দিক দিয়ে শীর্ষে রয়েছে। শুরুর দিকে, ধলাই জেলা করোনা আক্রান্তের ঘাটি হিসেবে পরিচিতি পেয়েছিল। কিন্ত, সময়ের সাথে সিপাহিজলা জেলা মারাত্মক ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছিল। কিন্ত, এখন সমস্ত জেলাকে ছাপিয়ে পশ্চিম ত্রিপুরা জেলা শীর্ষে রয়েছে। এই জেলায় ১৪৩২ জন এখন পর্যন্ত করোনা আক্রান্তের সন্ধান মিলেছে।

আজ একদিনে ৫ জনের মৃত্যু হয়েছে। তারা সকলেই বয়স্ক বলে স্বাস্থ্য দফতর সূত্রের খবর। তাছাড়া, তাদের দেহে অন্য রোগের উপসর্গও ছিল। এদিকে, এদিন রাজ্যের বিভিন্ন কোভিড কেয়ার সেন্টার থেকে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৬৭ জন করোনা আক্রান্ত রোগী। এখন পর্যন্ত রাজ্যে করোনায় মৃতের সংখ্যা ৩৬। সক্রিয় রোগীর সংখ্যা ১৮২৬ জন এবং সুস্থ্য হয়ে ফিরেছেন ৩৮৬০ জন।

প্রসঙ্গত, রাজ্যে করোনা আক্রান্তের সাথে মৃত্যুর সংখ্যাও বাড়ছে। যদিও রাজ্য সরকার করোনা মোকাবেলায় বর্তমানে আনলক-১ জারি রেখেছে। সেই সাথে প্রশাসন বিভিন্ন ক্ষেত্রে কঠোর নাজরদারী চালিয়ে যাচ্ছে। কিন্তু, মৃতের সংখ্যা বৃদ্ধিতে উদ্বেগে রয়েছে জনগণ।

## চিকিৎসকের সাসপেনশন প্রত্যাহার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ আগস্ট।।** ভগৎ সিং কোভিড কেয়ার সেন্টারে চিকিৎসক ডাঃ উত্তম কুমার ভট্টাচার্যের উপর থেকে সাসপেনশন প্রত্যাহার করে নেওয়া হয়েছে বলে জানা গিয়েছে। সূত্রের খবর বৃহস্পতিবার সন্ধ্যায় মহাকরণে অতিরিক্ত মুখ্য সচিবের সাথে চিকিৎসকদের তিনটি সংগঠনের প্রতিনিধিদের বৈঠকের পর এই সাসপেনশন প্রত্যাহার করা হয়েছে।

প্রসঙ্গত, করোনা পরিস্থিতিতে অনেক কিছু বিষয় চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের দিকে ঠেলে না দিয়ে বিষয় গুলিকে প্রশাসন ও স্বাস্থ্য কর্মীরা মিলে সুরাহা করার চেষ্টা করলে এটা রাজ্যের ৩৭ লক্ষ জনগণের জন্য অত্যন্ত সুখের হবে। একই সঙ্গে করোনার বিরুদ্ধে যুদ্ধে তা সহায়তা করবে। কিন্তু তা না করে একে অপরকে দোষারোপ, শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ এবং নিগৃহীত হতে হলে তা মেনে নেবে না আইএমএ, এটিজিডিএ এবং এজিএমসি-র ফাকাল্টি এসোসিয়েশন। অবিলম্বে প্রশাসন ডাঃ উত্তম ভট্টাচার্যের উপর থেকে সাসপেনশন প্রত্যাহার করুক তাঁর দাবি জানায় এটিজিডিএ-র সম্পাদক ডাঃ কনক নারায়ন চৌধুরী। একই সঙ্গে গোমতী জেলার ঘটনায় জেলা শাসকের দুঃখ প্রকাশ এবং ডাঃ কৌশিক চক্রবর্তীর বিষয়টিও গুরুত্ব ☞ ৬ এর পাতায় দেখুন

## ১০৩২৩ অধ্যায়ের সমাপ্তি নিয়ম মেনে ৩১ মার্চ ২০২৩ পর্যন্ত নিয়োগে অনুমতি, বিকল্প কর্মসংস্থানে পদনমন নয়

**আগরতলা, ৬ আগস্ট (হি.স.)।।** ত্রিপুরায় চাকরিচ্যুত শিক্ষকদের অধ্যায়ের সমাপ্তি হল। বহুল চর্চিত ১০৩২৩ চাকরিচ্যুত মামলা সুপ্রিমকোর্টে নিস্পত্তি হয়েছে। শীর্ষ আদালত সমস্ত আবেদন খারিজ করে দিয়েছে। তবে নিয়ম মেনে আগামী ২০২৩ সালের ৩১ মার্চ



পর্যন্ত চাকরিচ্যুতদের শিক্ষক পদে নিয়োগের সুযোগ দিয়েছে। কিন্তু শিক্ষকতায় নিয়োগ প্রক্রিয়ায় অকৃতকার্যদের গ্রুপ-সি কিংবা গ্রুপ-ডি পদে বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা হলে তা কোনওভাবেই পদনমন হিসেবে বিবেচিত হবে না। সুপ্রিম কোর্টের বিচারপতি উদয় উমেশ ললিত এবং বিচারপতি বিনীত শরণের ডিভিশন বেঞ্চ শিক্ষক মামলায় এই রায় দিয়েছে।

প্রসঙ্গত, ২০১৪ সাল থেকে ১০৩২৩ চাকরিচ্যুত শিক্ষকরা আদালতের দ্বারে দ্বারে ঘুরছেন। ত্রিপুরা হাইকোর্ট ওই চাকরি বাতিল করে দিয়েছিল। তদানীন্তন বামফ্রন্ট সরকার হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে আপিল করেছিল। কিন্ত দীর্ঘ শুনানি শেষে সুপ্রিমকোর্ট ত্রিপুরা হাইকোর্টের রায় বহাল রেখেছিল। তবে ত্রিপুরা সরকারের আবেদনে তাদের অ্যাডহক ভিত্তিতে নিয়োগ করার সুযোগ দিয়েছিল সুপ্রিমকোর্ট। পরবর্তী সময়ে ত্রিপুরায় সরকার পরিবর্তনের পর পুনরায় তাঁদের অ্যাডহক ভিত্তিতে চাকরির মেয়াদ বৃদ্ধি হয়েছিল। সে মোতাবেক চলতি ☞ ৬ এর পাতায় দেখুন

## রূপাইছড়িতে পেয়ার গাছে বিদ্যুতের ছোঁবলে মর্মান্তিক মৃত্যু নাবালকের

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ৬ আগস্ট।।** বিদ্যুৎস্পৃষ্টে মর্মান্তিক মৃত্যু হল এক বালকের। পেয়ারা গাছে বিদ্যুতের তারে পৃষ্ট হয়ে এই মৃত্যুর ঘটনায় গোটা গ্রাম শোকস্তব্ধ।

সংবাদে প্রকাশে, খুব ইচ্ছে হয়েছিল গাছে উঠে নিজের হাতে গাছ থেকে পেড়ে পেয়ারা খাবে।ব ছর ১২-এর নিষ্পাপ অবুজ বালক শ্রাবন দেবনাথ তখনও জানত না সেই পেয়ারা গাছেই তার প্রান কেড়ে নিতে ফাঁদ তৈরী করে রেখেছে প্রতিবেশী জেঠু।গাছে চড়তেই বিদ্যুতের ছোবলে নিস্তেজ হয়ে যায় শ্রাবনের গোটা শরীর অন্যদের নজরে আসার আগেই চঞ্চল শ্রাবন ঢলে পড়ে মৃত্যুর কোলে।আর কোন দিন সে আর ছুটে যাবে না গাছ তলায়।

মর্মান্তিক এই ঘটনাটি ঘটেছে রুপাইছড়ি ব্লকের অধীন গরিফা গ্রামে।পড়শি জেঠুও বুঝে উঠতে পারে নি পেয়ারা গাছে লাগিয়ে রাখা বিদ্যুতের তারে এরকম মর্মান্তিক ঘটনা ঘটে যাবে। পেয়ারা চুরি ঠেকাতে, না বানরের হাত থেকে পেয়ারা রক্ষা করতে ☞ ৬ এর পাতায় দেখুন

## নাবালিকা ধর্ষণের দায়ে গ্রেপ্তার রেশন ডিলার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ আগস্ট।।** আবারো চাম্পাহাওর থানা এলাকায় ধর্ষণের শিকার ১২ বছরের নাবালিকা। থানায় মামলা না করার জন্য ধর্ষিতা নাবালিকার পরিবারকে ভয়-ভীতি প্রদর্শন করা হয় বলে অভিযোগ। ঘটনা খোয়াই চাম্পাহাওর থানাধীন তুলাশিখর নন্দকুমার পাড়া এলাকায়। ঘটনার দুই দিন পর চাম্পাহওর থানায় মামলা রজু হয়। বৃহস্পতিবার সকালে ধৃত বাবুল দেববর্মা , বয়স ৩৫। চম্পাহাওর থানার পুলিশ নিজ বাড়ি থেকে গ্রেফতার করে। দুষ্কৃতী বাবুল দেববর্মা তুলাশিখর ব্লক অন্তর্গত প্রমোদনগর এলাকার রেশন ডিলার।

ঘটনার বিবরণে জানা যায় ,তুলাশিখড়ের নন্দকুমার পাড়া এলাকায় বাসিন্দা বাবুল দেববর্মা এই এলাকারই অন্য একটি বাড়িতে রাত দশটার সময় জানালা ভেঙ্গে ঘরের ভেতর প্রবেশ করে। ঘরের ভেতর থাকা ১২ বছরের নাবালিকাকে ধর্ষণ করে। নাবালিকার মা-বাবা বিষয়টি টের পেতেই পালিয়ে যায় বাবুল।এমনকি বাবুল পরের দিন নাবালিকা বাড়িতে ভয়-ভীতি প্রদর্শন করে ,যেন থানায় মামলা ☞ ৬ এর পাতায় দেখুন

## কল্যাণপুরে হাতির উপর গুলি চালাল বনদস্যুরা, চাঞ্চল্য

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া,৬ আগস্ট।।** গত গভীররাতে কল্যাণপুরের কলাবাগান এলাকায় দুষ্কৃতিকারীরা একটি বন্য হাতিকে গুলি করে হত্যার চেষ্টা করে। হাতিকে লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলি চালাল তাদের চেষ্টা ব্যর্থ হয়েছে। খবর পেয়ে বনদপ্তর এর কর্মীরা দ্রুত ঘটনাস্থলে ছুটে যায়। অবশ্য দুষ্কৃতিকারীদের টিকির নাগাল পায়নি পুলিশ ও বনদপ্তর এর কর্মীরা। আশঙ্কা করা হচ্ছে বনদস্যুরা হাতিকে হত্যা করে হাতির দাঁত ☞ ৬ এর পাতায় দেখুন



শুক্রবার জাতীয় সড়কের মাধববাড়িতে দূর্ঘটনার পর ডিআই গাড়িতে অগ্নি সংযোগ।

## ঘিলাতলীতে যুবকের ঝুলন্ত মৃতদেহ উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ আগস্ট।।** কল্যাণপুর থানা এলাকার পশ্চিম ঘিলাতলী গ্রাম পঞ্চায়েতের দাওছড়া এলাকায় এক যুবক আত্মহত্যা করেছে। তার নাম বাবুল দেবনাথ। তার মৃত্যুর সংবাদ ছড়িয়ে পড়তেই এলাকায় তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। আত্মঘাতী যুবক এলাকায় একজন ভালো মানুষ হিসেবেই পরিচিত ছিল। কেন ওই যুবক আত্মহত্যার পথ বেছে নিলো তা নিয়ে জনমনে কৌতুহলের সৃষ্টি হয়েছে। ☞ ৬ এর পাতায় দেখুন

### ৩৭০ ধারা বাতিলের বর্ষপূর্তিতে

## মুখ্যমন্ত্রী বিপ্লবের চোখে জম্মু-কাশ্মীর নতুন ভূস্বর্গ

**আগরতলা, ৬ আগস্ট (হি.স.)।।** জম্মু ও কাশ্মীরের ধারা ৩৭০ বাতিলের প্রথম বর্ষপূর্তিতে ভারতের এক নতুন ভূস্বর্গ-এর ছবি ত্রিপুরার মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের চোখে ভেসে উঠেছে। এক বছর আগে কেন্দ্রীয় সরকারের এক ঐতিহাসিক সিদ্ধান্তে আজ জম্মু ও কাশ্মীর এবং লাদাখে নানাবিধ সম্ভাবনার দ্বার খুলে গেছে। এইমস-এর ধাঁচে দুই প্রতিষ্ঠান, আটটি মেডিক্যাল কলেজ হাসপাতালের অনুমোদন সহ কেন্দ্রীয় সরকার ঢালাও সহায়তার হাত বাড়িয়ে দিয়েছে। এক ভারত একাত্ম ভারতের স্বপ্ন সফল হওয়ায় তিনি আজ ড় শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়, প্রাক্তন প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ীকে স্মরণ করেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে ধারা ৩৭০ বাতিলের সাহসী সিদ্ধান্ত নেওয়ার জন্য ধন্যবাদ জানিয়েছেন মুখ্যমন্ত্রী দেব।

বৃহস্পতিবার মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব একাধিক টুইট বার্তায় নতুন ভূস্বর্গকে সকলের সামনে তুলে ধরেছেন। তাঁর কথায়, ধারা ৩৭০ বাতিল হওয়ায় কেন্দ্রীয় সরকার জম্মু ও কাশ্মীর এবং লাদাখের জন্য দুটি এইমস-এর ধাঁচে প্রতিষ্ঠান এবং আটটি মেডিক্যাল কলেজের অনুমোদন দিয়েছে। কেন্দ্রের সহায়তায় ওই অঞ্চলের ছাত্রছাত্রীরা মেডিক্যাল শিক্ষায় দারুণ উপকৃত হবেন বলে তিনি ☞ ৬ এর পাতায় দেখুন

## পাঁচটি হাসপাতালে ঠাঁই মেলেনি গর্ভবতীর অবশেষে মৃত্যুবরণ

**ইমফল, ৬ আগস্ট (হি.স.)।।** পাঁচ-পাঁচটি হাসপাতালে ভরতি করেনি। ফলে বিনা চিকিৎসায় অকালে প্রাণ হারিয়েছেন গর্ভবতী মহিলা। সম্ভবত সন্তানেরও মাতৃগর্ভেই মৃত্যু হয়েছে। মৃত সন্তানের প্রসবের জন্য উন্নত চিকিৎসা পরিষেবার প্রয়োজন অনুভব করে চিকিৎসকরা ওই গর্ভবতী মহিলাকে স্থানান্তর করেন। কিন্তু অভিযোগ, ইমফলের পাঁচটি নামজাদা হাসপাতাল কর্তৃপক্ষ ভরতি করতে গররাজি হয় ওই অভাগিনীর। হৃদয়বিদারক এই ঘটনায় মণিপুরকে কলংকিত করেছে বলে সচেতন মহলের বক্তব্য।

প্রাপ্ত খবরে জানা গেছে, মণিপুরের নোনি জেলার নুঙবা মহকুমার পুঁইচি গ্রামের বাসিন্দা জনৈক রোশান বালাঙের স্ত্রী কাচাকনা কামেই প্রসবযন্ত্রনা নিয়ে বুধবার বেলা দুটো নাগাদ সেনাপতি হাসপাতালে ভরতি হন। তাঁর স্বামী জানিয়েছেন, চিকিৎসকরা প্রসূতির সমস্ত কিছু স্বাভাবিক বলে জানিয়েছিলেন। কিন্তু রাত সাড়ে দশটা নাগাদ চিকিৎসকরা তাঁকে অন্যত্র উন্নত চিকিৎসা পরিষেবার জন্য স্থানান্তরের পরামর্শ দেন। চিকিৎসকদের বক্তব্য, প্রসবে কিছু ☞ ৬ এর পাতায় দেখুন

## চিকিৎসক হেনস্তা ঃ আত্মসমর্পণ চার অভিযুক্তের

**আগরতলা, ৬ আগস্ট (হি.স.) ।।** চিকিৎসক হেনস্তার ঘটনায় অভিযুক্ত চারজন বৃহস্পতিবার পুলিশের কাছে আত্মসমর্পণ করেছেন। পুলিশ আজই তাঁদের আদালতে সোপর্দ করেছে। আদালত তাদের একদিনের জেল হেপাজতে পাঠিয়েছে। কারণ, হেনস্তার শিকার চিকিৎসক ডাঃ সঙ্গীতা চক্রবর্তী বর্তমানে একান্তবাসে রয়েছেন। ৯ আগস্ট পর্যন্ত তিনি একান্তবাসে থাকবেন। ফলে, টিআই প্যারেডের দিনক্ষণ নির্ধারণের বিষয়ে আগামীকাল পুনরায় শুনানী হবে।

এদিকে, অভিযুক্ত কর্ণজিৎ দে'র আইনজীবী আদালতে পুলিশের বিরুদ্ধে অভিযোগ জানিয়েছেন। আত্মসমর্পণ করার সময় ওই চারজনের ছবি তোলার পাশাপাশি প্রত্যক্ষদর্শীদের মুখোমুখি নেওয়া হয়েছে তাদের। পুলিশের এই ভূমিকায় আপত্তি জানিয়ে আদালতে বিচার চাওয়া হয়েছে।

প্রসঙ্গত, ভগৎসিং কোভিড কেয়ার সেন্টারে চিকিৎসকের সাথে দুর্ব্যবহারের ঘটনায় অভিযুক্ত চার জনের জামিন বাতিল করেছে উচ্চ আদালত। থানায় মামলা হওয়ার পর অভিযুক্তরা উচ্চ আদালতে আগাম জামিনের আবেদন জানিয়েছিলেন। কিন্তু, উচ্চ আদালত ওই আবেদন মঞ্জুর করেনি। বরং টিআই প্যারেডের নির্দেশ দিয়েছিল। এরই মধ্যে মঙ্গলবার পুলিশ চার অভিযুক্তকে গ্রেফতারের পর রিমান্ড ও টিআই প্যারেডের আর্জি জানিয়ে নিম্ন আদালতে সোপর্দ করে।

মঙ্গলবার নিম্ন আদালতে শুনানি শেষে ফার্স্টক্লাস ম্যাজিস্ট্রেট চার অভিযুক্তের জামিন মঞ্জুর করেন। নিম্ন আদালত থেকে জামিন পাওয়ার পর বুধবার অভিযুক্তদের পক্ষের আইনজীবী উচ্চ আদালত থেকে আগাম জামিনের আবেদন প্রত্যাহারের আবেদন জানান। আগাম জামিনের আবেদন প্রত্যাহারের জন্য আবেদন করার পর উচ্চ আদালতের বিচারপতি অরিন্দম লোধ স্বতঃপ্রণোদিত মামলা গ্রহণ করেন। সেই মামলার শুনানি হয় বিচারপতি অরিন্দম লোধের এজলাসে। শুনানি শেষে বিচারপতি অরিন্দম লোধ নিম্ন আদালত প্রদত্ত ☞ ৬ এর পাতায় দেখুন




## এক তৃতীয়াংশ দোকান খোলা রাখার অনুমতি বইয়ের দোকানও খোলা থাকবে প্রতিদিন

**আগরতলা, ৬ আগস্ট (হি.স.)।।** আনলক-১ চলাকালীন নিষেধাজ্ঞায় কিছু শিথিল করেছে ত্রিপুরা সরকার। করোনা ঝুঁকিপূর্ণ এলাকার বাইরে এক তৃতীয়াংশ দোকান ও বিক্রয়কেন্দ্র খোলা রাখার অনুমতি দেওয়া হয়েছে। পাশাপাশি বইয়ের দোকান প্রতিদিন রাত সাড়ে আটটা পর্যন্ত খোলা রাখারও অনুমতি মিলেছে।



প্রসঙ্গত, আনলক-১ চলাকালীন জরুরি পরিষেবা এবং জরুরি প্রয়োজনীয় সামগ্রীর দোকান ছাড়া অন্যান্য দোকান খোলা রাখার ক্ষেত্রে বিধিনিষেধ আরোপ করা হয়েছিল। তাতে, ব্যবসায়ীরা মারাত্মক লোকসানের মুখে পড়েছেন। তাই, অল ত্রিপুরা মার্চেন্ট অ্যাসোসিয়েশন মুখ্যমন্ত্রীর কাছে এ-বিষয়ে পুনর্বিবেচনার আবেদন জানিয়েছিল।

তাতে সন্ধ্যায় মুখ্যসচিব মনোজ কুমার এক আদেশনামা জারি করে করোনা ঝুঁকিপূর্ণ এলাকার বাইরে এক তৃতীয়াংশ দোকান এবং বিক্রয়কেন্দ্র খোলা রাখার ঘোষণা করেছেন। এক্ষেত্রে কোন কোন দোকান খোলা থাকবে বাজার কমিটি তার সূচি তৈরি করবে।

এদিকে, পুস্তক বিক্রেতারা পশ্চিম ত্রিপুরা জেলাশাসকের কাছে বইয়ের দোকান খোলা রাখার অনুমতি দেওয়ার আবেদন জানিয়েছিলেন। ওই আবেদন জেলা প্রশাসন মঞ্জুর করেছে। পশ্চিম ত্রিপুরার জেলা শাসক সন্দীপ এন মাহাত্মে এক বিজ্ঞপ্তি জারি করে বইয়ের দোকান খোলা রাখার বিষয়ে ঘোষণা করেছেন। তবে এক্ষেত্রে সমস্ত স্বাস্থ্যবিধি কঠোরভাবে পালন করার নির্দেশ দিয়েছেন তিনি। শুধু তা-ই নয়, প্রতিদিন রাত সাড়ে আটটার মধ্যে দোকান বন্ধ করা বাধ্যতামূলক করেছেন জেলাশাসক। কারণ, রাত্রিকালীন কারফিউ রাত নয়টায় শুরু হওয়ার আগেই দোকানের মালিক-কর্মচারীদের বাড়ি ফেরা সুনিশ্চিত করতে হবে।

## পৃথক স্থানে যান দূর্ঘটনায় গুরুতর তিন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ আগস্ট।।** সিধাই থানা এলাকার মোহনপুরের কড়ইতলায় এবং দক্ষিণ ত্রিপুরা জেলার সাবরুম এর সাতচান ব্লকের জলেফায় পৃথক দুর্ঘটনায় তিনজন গুরুতর ভাবে আহত হয়েছেন । আহতদের আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার বিবরণে জানা যায় মোহনপুরের কড়ইতলা এলাকায় বাইক এবং লরির মধ্যে সংঘর্ষে দুই যুবক গুরুতর ভাবে আহত হয়েছে। দুর্ঘটনার খবর পেয়ে দমকল বাহিনীর জওয়ানরা দ্রুত ঘটনাস্থলে ছুটে এসে আহতদের উদ্ধার করে প্রথমে মোহনপুর হাসপাতালে নিয়ে যায়।

তাদের অবস্থা সঙ্কটজনক হয় মোহনপুর হাসপাতাল থেকে উন্নত চিকিৎসার জন্য হাসপাতালে স্থানান্তর করা হয়। আহতদের মধ্যে লিলিয়ান ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৮ ▫ সংখ্যা ২৯৪ ▫ ৭ আগস্ট ২০২০ ইং ▫ ২২ শ্রাবণ ▫ শুক্রবার ▫ ১৪২৭ বঙ্গাব্দ

## অযোধ্যায় রাম মন্দির

রাম রাজ্যের স্বপ্ন যুগ যুগ ধরিয়া এদেশের মানুষ দেখিতেছে। কিন্তু, আজ সেই রাম'ও নাই অযোধ্যাও নাই। কিন্তু, মানুষের মনে রামের মাহাত্ম আজও খুব সক্রিয় ভাবে বিরাজমান। পিতৃসত্য রক্ষার জন্য রাম চৌদ্দ বছরের বনবাসে গিয়াছিলেন। তখনই রাম-রাবণের যুদ্ধের কাহিনী আজও আমাদের হিন্দু মানসিকতায় সমৃদ্ধ মানুষ খুব গভীরভাবে অনুধাবন করে। সীতা হরণের মধ্য দিয়াই রামায়ণের বা রাম কাহিনীর অনেকখানি জায়গা জুড়িয়া আছে। রাবণকে বধ করিবার জন্য রাম দেবী দুর্গার অকাল বোধন করিয়াছিলেন শরৎ কালে। ইহাই সার্বজনীনতা পায় মানুষের হৃদয়ে। শরৎ কাল শারদোৎসবের মাহাত্ম্য সেই রামকে নিয়াই। প্রজানুরঞ্জনের জন্য রাম কতখানি আত্মত্যাগী ছিলেন তাহা রামায়ণে বর্ণিত আছে। প্রজানুরঞ্জনের জন্য পত্নী সীতাকে অগ্নিপরীক্ষার জন্যও বাধ্য করিয়াছিলেন। এই যে রামচরিত তাহা আমাদের শৈশব অবস্থা হইতেই এক গভীর শিক্ষণীয় বিষয় হিসাবে লক্ষ্য করা যাইতেছে। ধর্মপ্রাণ মানুষ রামকে প্রতিনিয়ত স্মরণ করেন, তাঁহার আরাধনায় নিয়োজিত থাকেন। সেই রাম আজ আমাদের রাষ্ট্রীয় জীবনেও এক মহত্মপূর্ণ ভূমিকায় দেখা যাইতেছে।

প্রায় তিন দশকের নানা ঘাত প্রতিঘাত ইত্যাদির মধ্য দিয়া অযোধ্যায় রাম জন্মভূমি নিয়া বহু ঘটনা সংঘটিত হইয়াছে। বাবরি মসজিদ না রাম জন্মভূমি তাহা নিয়া বিতর্কের পর বিতর্ক হইয়াছে। বাবরি মসজিদ গুড়াইয়া দেওয়া বা ভাঙ্গিয়া ফেলিবার দায়ে বিজেপির বর্ষীয়াণ নেতা এল কে আদবানীর মতো অনেকেই অভিযুক্ত হইয়াছিলেন। আদালতে দীর্ঘ লড়াইয়ের পর সুপ্রিম কোর্ট অযোধ্যায় রাম মন্দির নির্মাণের পক্ষে রায় প্রদান করে। ৫ই আগস্ট বুধবার সেই মাহেন্দ্রক্ষণে জয় সিয়া রাম ধ্বনিতে প্রকম্পিত হইয়াছে অযোধ্যার সরযূ নদীর পাড় এলাকা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দীর্ঘ ২৯ বছর পর এদিনই আযোধ্যায় পা রাখেন। বুধবারের এই মাহেন্দ্রক্ষণকে ভারতের স্বাধীনতা যুদ্ধের সঙ্গে তুলনা করেন। যাহারা এই মন্দিরের জন্য প্রাণ বলিদান দিয়াছেন তাদেরও তিনি স্মরণ করেন। ১৫ আগস্ট যেমন স্বাধীনতার প্রতীক, বুধবার ৫ই আগস্ট তেমনি ত্যাগ, সংকল্প ও সংঘর্ষের প্রতীক। প্রধানমন্ত্রীর অনুভব শুধুমাত্র ভারতেই নয় গোটা পৃথিবীতে ভগবান রামের জয়ধ্বনি শোনা যাইতেছে। গোটা দেশ রামময়, পৃথিবীর সর্বত্র রামের ধ্বনি শোনা যাইতেছে। এই রাম মন্দির আমাদের সংস্কৃতির আধুনিক প্রতীক। আমাদের রাষ্ট্রীয় ভাবনার প্রতীক। সারা পৃথিবীর মানুষ এখানে আসিবেন। এই মন্দিরের মাধ্যমে বর্তমানের সঙ্গে অতীতের যোগসূত্র স্থাপিত হইবে।

ভারত বৈচিত্র্যের মধ্যে ঐক্যের যে ভিত্তি গড়িয়া তুলিয়াছে তাহা বিশ্বে নজিরবিহীন। হিন্দু ধর্মের অনুগামী যাহারা তাহারা অনেক বেশী উদার ও সহনশীল বলিয়াই মনে করা যাইতে পারে। ভারতবর্ষে হিন্দু জাগরণের যে সংগ্রাম দীর্ঘ সময় চলিতেছে তাহার সাফল্যের কেন্দ্রবিন্দু অযোধ্যায় রাম মন্দির প্রতিষ্ঠার ঘটনা স্বীকার করিতেই হইবে। অযোধ্যায় রাম মন্দির প্রতিষ্ঠার মধ্য দিয়া হিন্দু জাগরণের যে সাফল্য দেখা যাইতেছে সেখানে ধৈর্য্য, সহনশীলতা, অন্য ধর্মের প্রতি শ্রদ্ধাবোধ আনিয়া দিতে পারে। ভারতবর্ষের বিভিন্ন জায়গায় হিন্দু মন্দির রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের ঘোষিত নীতি রহিয়াছে। তেমনি অন্য ধর্মের প্রতিও সরকারি কর্মসূচি বিদ্যমান। অযোধ্যায় রাম মন্দির নির্মাণ একটি ঐতিহাসিক ঘটনা হিসাবে দেখা যাইতে পারে। কারণ, দীর্ঘ তিন দশক এই অযোধ্যা নিয়া লড়াই-পাল্টা লড়াই হইয়াছে। আইনের বিচারে শেষ পর্য্যন্ত অযোধ্যায় রাম জন্মভূমি নির্মাণের পক্ষে রায় ঘোষণা করায় আজকের এই শুভক্ষণ দেশবাসীর সামনে উপস্থিত হইয়াছে।

## রাজ্যে একদিনে আক্রান্ত প্রায় তিন হাজার

কলকাতা, ৬আগস্ট(হি. স.): সব রেকর্ডকে পেছনে ফেলে একদিনে পশ্চিমবঙ্গে সংক্রমিত হলেন প্রায় তিন হাজার। গত ২৪ ঘন্টায় নতুন করে আক্রান্ত হয়েছেন ২৯৫৪ জন। মৃত্যু অবশ্য কমেছে গত কালের তুলনায়। এদিন ২৪ ঘন্টায় করোনা আক্রান্ত হয়ে মারা গেছেন ৫৬ জন। গতকাল এই সংখ্যা ছিল ৬১। এদিকে ২০৬১ জন গত ২৪ ঘন্টায় সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছেন। অতএব রাজ্যে এখন সক্রিয় চিকিৎসাধীন, করোনা আক্রান্তের সংখ্যা ২৩, ৮২৯জন। এই পর্যন্ত রাজ্যে মোট করোনা আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৮৬,৭৫৪জন। রাজ্যে মোট করণা মুক্ত হয়েছেন ৬১,০২৩জন। রাজ্যে করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ১৯০২জনের। ২৪ ঘন্টায় রাজ্যে সুস্থতার হার বেড়ে দাঁড়িয়েছে ৭০.৩৪ শতাংশ।

এদিন রাজ্য স্বাস্থ্য দফতরের বুলেটিন অনুযায়ী জানানো হয়েছে এমনটাই। এদিকে গত ২৪ ঘণ্টায় কলকাতা থেকে ৬৮০টি নতুন কেস পাওয়া যাওয়ায় শহরে মোট কেস বেড়ে দাঁড়িয়েছে ২৫,৮৮২। গত ২৪ ঘণ্টায় ৫৪৮জন সুস্থ হয়ে উঠছেন। তাই এখন সুস্থ হওয়ার সংখ্যা মোট ১৮, ১০৯জন। এদিকে করোনা আক্রান্ত হয়ে কলকাতায় গত ২৪ ঘণ্টায় ২৭জনের মৃত্যু হয়েছে। তাই এখনও পর্যন্ত কলকাতায় মোট ৮৮৭জন মারা গেছে করোনা আক্রান্ত হয়ে। বর্তমানে কলকাতায় করোনা আক্রান্ত সক্রিয় চিকিৎসাধীন রয়েছেন ৬৮৮৬জন। এদিকে রাজ্যে সংক্রমনের নিরিখে কলকাতার পরেই রয়েছে উত্তর চব্বিশ পরগনা। এই জেলায় একদিনে আক্রান্ত হয়েছেন ৬০১ জন। পাশাপাশি রাজ্যে বাকি মৃতদের মধ্যে তিনজন দার্জিলিং, দুজন উত্তর দিনাজপুর, একজন মুর্শিদাবাদ, একজন নদীয়া, একজন পূর্ব মেদিনীপুর,একজন পশ্চিম বর্ধমান , দুজন হাওরা, ১৪ জন উত্তর ২৪ পরগনা, চারজন দক্ষিণ ২৪ পরগনার বাসিন্দা। এদিনের বুলেটিনে আরও জানানো হয়েছে, গত ২৪ ঘন্টায় রাজ্যে ২৫হাজার ২২৪টি নমুনা পরীক্ষা করা হয়েছে। এই পর্যন্ত রাজ্যে মোট নমুনা পরীক্ষা করা হয়েছে ১০লাখ ২৮হাজার ২৫১টি। এখন রাজ্যে ৫৯টি ল্যাবরেটরীতে নমুনা পরীক্ষা করা হচ্ছে।

## ভুয়ো করোনা পরীক্ষার ফাঁদে পা দেবেন না, পরামর্শ মুখ্যমন্ত্রীর

কলকাতা, ৬আগস্ট (হি. স.): করোনা পরিস্থিতিকে হাতিয়ার করে কিছু অসাধু ব্যবসায়ী ভুয়ো করোনা পরীক্ষা করাচ্ছেন। তবে এই সমস্ত প্রতারণার ফাঁদে পা না দিতেই পরামর্শ দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবার নবান্ন থেকে সাফ জানিয়ে দিলেন, রাজ্য সরকারের স্টাম্প ও আইসিএমআর-এর অনুমোদিত ছাড়া কোনও রকম সংস্থা থেকে করোনার পরীক্ষা না করাতে।

সাম্প্রতিককালে একাধিকবার অভিযোগ উঠে এসেছে করবো পরীক্ষা করিয়ে রোগীর পরিজনের থেকে বিপুল পরিমাণ টাকা হাতিয়েছে অসাধু ব্যবসায়ীরা। এই অভিযোগে গ্রেফতার হয়েছেন বেশ কিছু জন। এই অভিযোগ নবান্নে যেতেই নড়েচড়ে বসল প্রশাসন। এই ধরনের নকল সংস্থা থেকে কোনমতেই করোনার পরীক্ষা না করানোর জন্য পরামর্শ দিলেন মুখ্যমন্ত্রী। এদিন মুখ্যমন্ত্রী এই প্রসঙ্গে মুখ্য সচিবকে জানান, 'স্বাস্থ্য দফতরের ওয়েবসাইটে নির্দিষ্ট ল্যাবের তালিকা দেওয়া হোক। ল্যাবে গিয়ে পরীক্ষা করছেন বিশেষজ্ঞরা। কোভিড পরীক্ষার নামে প্রতারণা নয়। এদিকে কড়া নজর রাখতে হবে'।

মুখ্যমন্ত্রী আরও বলেন, 'বেশি টেস্ট হচ্ছে, তাই বেশি সংক্রমণ ধরা পড়ছে। আক্রান্তের সংখ্যা দেখে আতঙ্ক হওয়ার কারণ নেই'। রাজ্যবাসীকে সতর্ক করে বললেন, 'কোনওভাবেই বৈধ কাগজপত্র ছাড়া কোনও এজেন্টের কথায় বিশ্বাস করবেন না।'

# ভিক্টোরিয়া নৌবন্দর এবং প্রসিদ্ধ হাসপাতাল

অরুণ কুমার রায়

অষ্টদশ শতাব্দীতে মহারাজা রাজর্ষি রাধাকিশোর মাণিক্য বৃটিশ আদালতের সম্মতিক্রমে ত্রিপুরার রাজ সিংহাসনে আরোহন করেন। রাজা হয়েই তিনি রাজধানীর উন্নতির জন্য প্রাথমিক পরিকল্পনা গ্রহণ করেন। বৃটেনের সহায়াতায় বৃটেনেরই বাকিংহাম প্যালেসের অনুকরনে প্রায় দশ লক্ষ টাকা ব্যায় করে একটি প্রাসাদ নির্মাণ করান যা বর্তমানে উজ্জয়ন্ত প্রাসাদ নামে পরিচিত। তাছাড়া বড়বড় পুকুর মোঘল গার্ডেন রাজ গেইট মিলান রেলিং পথঘাট বাজার হাট যাদুঘর ভিক্টোরিয়া হাসপাতাল উমাকান্ত একাডেমী অফিস আদালত প্রভৃতি। শিক্ষার উন্নতির জন্য তিনি কুমিল্লা ভিক্টোরিয়া মহাবিদ্যালয় যাদবপুর বিশ্ববিদ্যালয় ব্রহ্মবিদ্যালয় অবৈতনিক বিদ্যালয় এবং বিজ্ঞান গবেষণায় জগদীশ চন্দ্র বসুর জন্য আর্থিক অনুদান মঞ্জুর করতেন। শহর এবং দূরবর্তী স্থানের যোগাযোগ ব্যবস্থার জন্য পুরানো তিনটি পথেরই সংস্কার করেন যেমন হাওড়া রিভার পরিবহণ আখাউড়া ক্যানেল পরিবহণ আর সড়ক পরিবহণ। রাজতন্ত্র উজ্জয়ন্ত প্রাসাদে প্রবেশ করার পর থেকেই এই তিনটি পথের উপর রাজতান্ত্রিক তৎপরতা আরো বেড়ে যায়। উক্ত তিনটি পথই গুরুত্ব পূর্ণ পথে পরিণত হয় তার মধ্য মালের গুরুত্ব ছিল বেশি। মহারাজা নৌ নিরাপত্তা বহরনিয়ে জ্যাকসন গেইট থেকে আখাউড়া পৌঁছাইতেন রেল ধরার জন্য অশ্বারোহী নিয়েও সড়ক পথে রেল স্টেশনে যেতেন গন্তব্যে যাওয়ার জন্য। তখন রাজবাহীনি বর্শা নিয়ে খালের পারে সড়কের ধারে দাঁড়িয়ে থাকত রাজার আগমন ধ্বনি উচ্চারনের সঙ্গে সঙ্গে বর্শা উচিয়ে রাজাকে স্যালুট দেওয়া হত। এই দৃশ্য আজ অতীত তখন পণ্য বাহী নৌ চলাচলবন্ধ রাখা হত রাজা চলে গেলে পুনরায় তা স্বাভাবিক হয়ে যেত। পণ্যবাহী নৌযান গুলি জ্যাকসনগেইট শকুন্তলা রাস্তার পাড়ে লাইন ধরে পাকিং করে দাঁড়িয়ে থাকত। অন্যদিকে পণ্যবাহী গরুর গাড়ি গুলিও রাস্তার পাশে সারি বদ্ধ ভাবে দাঁড়িয়ে থাকত পরে উভয়ের পণ্য সামগ্রী উঠানামার পর নিজ নিজ গন্তব্যের দিকে রওয়ানা দিত। আবার অবলুপ্ত আগরগঞ্চ তথা মহারাগঞ্জে বাজারের দক্ষিণ পশ্চিম অংশেও দাঁড়িয়ে থাকত পণ্যবাহী নৌ এবং গরুর গাড়ি গুলি। সেক্ষেত্রেও একইরকম হাওড়া রিভার পরিবহণের মাধ্যমে যাত্রী এবং পণ্য সামগ্রী আসা যাওয়া করত। ফলে মালের পারে নদী তীরে বেশ কিছু পোর্ট গড়ে উঠে ছিল। যেমন শকুন্তলা




মাঠ ভিক্টোরিয়া মাঠ জর্জ ঘাট রামপুর ঘাট গাজীর বাজার হীরাপুর ঘাট প্রেসিডেন্সী ঘাট দুর্গাপুর ঘাট এবং আখউড়া। তার মধ্যে ভিক্টোরিয়া মাঠ , শকুন্তলা ঘাট আর জর্জ ঘাটেই ব্যাস্ত থাকত বেশি। দূরদূরান্ত এমনকি আখাউড়া ব্রাহ্মণবাড়িয়া থেকেও ছাত্র শিক্ষক রাজকর্মচারী বিচারপতি রোগী সবাই নৌ পথে এসে ভিক্টোরিয়া ঘাটে নয়ত জর্জ ঘাটে নামত। ছাত্র শিক্ষকরা উমাকান্ত স্কুলে প্রবেশ করতে রাজকর্মচারী আফিস আদালতে রোগীরা ভিক্টোরিয়া হাসপাতালে প্রবেশ করত। মোগড়া সেন্ট্রাল জেল থেকেও কয়েদিরা নৌকা ভ্যানে করে এসে কোর্টে হাজিরা দিত। মামলা মোকদ্দমা শেষে পুনঃরায় যে যার স্থানে নৌ পথেই ফিরতেন। ভিক্টোরিয়া ঘাটটি দিবারাত্র সব সময়েই খোলা থাকত এবং সরল মাঝিরা রোগীদের গ্রামেগঞ্জে পৌঁছে দিত। তখন আকাশ ছিল নির্মল আগরতলা ছিল তৃণ গুল্ম লতা পাতা ফুল ফল সবুজে সবুজে মোড়া বাতাসে কার্বন ডাই অক্সাইড ছিল না ভারী মাত্রায় ছিল অক্সিজেন ফলে জলের প্লবতা ছিল বেশি। বিভূতি ভূষণ বন্দোপাধ্যায়, জগদীশ চন্দ্র বসু এবং অন্যান্য মনিষীগণ রেল পথে আখাউড়া জংশনে এসে নামতেন সেখান থেকে নৌপথে নয়ত সড়ক পথেই রাজবাড়িতে আসিতেন কিংবা বন দর্শনে যেতেন। রবীন্দ্রনাথ ঠাকুরও প্রথম ত্রিপুরা সফরে আসার সময় রেল পথে এসে আখাউড়ায় নামেন। পরে এক সংক্ষিপ্ত সংবর্ধনা আনুষ্ঠানের মধ্য দিয়ে নৌ পথেই আসেন জ্যাকসন গেইট পর্যন্ত। সেখান থেকে ঘোড়ার টাঙ্গায় করে প্রবেশ করানো হয় রাজ প্রাসাদে এর পর তিনি যত বারই এসেছেন বাণ্ডীয় শকটে চড়েই আসতেন যেমন ত্রিপুরা কিং এক্সপ্রেস, জয়ন্তিয়া এক্সপ্রেস, কর্ণফুলি এক্সপ্রেস, ঢাকা মেল হাওড়া মেল প্রভৃতি। আখাউড়া রেল স্টেশনে নেমে রবীন্দ্রনাথ ঠাকুর ডিঙ্গি কিংবা লঞ্চে চড়েই উজ্জয়ন্ত প্রাসাদ কিংবা পুস্পরবন্ত প্রাসাদে যেতেন। আবার বীরবিক্রম কিশোর মাণিক্যের রাজ্যাভিষেকের সময় বৃটিশ বাংলার গভর্নর জেনারেল হাওড়া থেকে রেলে চড়েই আসেন আখাউড়া রেল স্টেশনে। পরে সেখান থেকে নৌ পথেই আসেন জ্যাকসন গেইট পর্যন্ত সেখান থেকে সব বাহিনীর গার্ড অব্ অনার দিয়ে আনা হয় রাজপ্রাসাদে এবং শপথ বাক্য পাঠ করিয়ে ফিরতি পথে একই ভাবে চলে যান কলিকাতায়। আগরতলায় অবস্থান কালে রবীন্দ্রনাথ ঠাকুর বিভিন্ন অঞ্চল পরিদর্শন করতেন উমাকান্ত স্কুলে যেতেন ছাত্রদের শিক্ষকদের পরামর্শ দিতেন। তাছাড়া উনার পরামর্শেই খোলা হয় সঙ্গীত শালা এবং অঙ্কন চর্চার কেন্দ্র। তিনি মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরে যেতেন ভুবনেশ্বরী মন্দিরে যেতেন এবং এত রক্ত কেন সেই উক্তি ও করতেন। দীর্ঘ শতাধিক বছর পেরিয়ে ভিক্টোরিয়া হাসপাাজ্রতলটি জরাজীর্ণ অবস্থায় অস্তিত্বের সংকটে ভুগছে। পর পর এর সাক্ষী ছিলেন রাধা কিশোর মাণিক্য নিজে ছিলেন মহারাজ বীরেন্দ্র কিশোর মাণিক্য মহারাজ বীর বিক্রম কিশোর মাণিক্য এবং অন্যান্য রানীগণ। সাক্ষী ছিলেন বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর, বিজ্ঞানী জগদীশ চন্দ্র বসু, সাহিত্যিক হেমচন্দ্র বন্দোপাধ্যায়, দীনেশ চন্দ্র সেন, উমাকান্ত দাস। আর ছিলেন বৃটিশ বাংলার গভর্নর বৃটিশ ত্রিপুরার। রেসিডেন্স কমিশনার বৃটিশ সেনাবাহিনীর ল্যাপ্টট্যানেন্ট বৃটিশ ত্রিপুরার রাজস্ব সচিব প্রমুখ এবং সব শেষ সাক্ষী দ্বিতীয় বিশ্ব যুদ্ধ। সেকালে অনেক রাজা রানী রাজমন্ত্রী উজির নাজির কর্তা গিন্নী এবং প্রজাবর্গ এখানে এসে সুস্থ হয়েছেন। রাজকার্য চালিয়েছেন নিখুঁতভাবে। হাজারো লক্ষ মা তাদের সন্তান ও জন্ম দিয়েছেন এই হাসপাতালেই। গরিব আর ধনী পিতা মাতাই তাদের ছেলে মেয়েদের সুস্থ করে নিয়ে ডাক্তারই বিজ্ঞানীরা বানিয়েছেন। তারাও আবার জি বি কবে বিনিময়ে সেবা দিচ্ছেন এখানে। আশাহীন মৃত প্রায় ব্যাক্তিও ভাগ্যের জোরে চিকিৎসকের চেষ্টায় বেঁচে গেছেন। রাজতন্ত্রের পর প্রজাতন্ত্র ঢুকলে সেই তন্ত্রের মহামন্ত্রী কেবিনেট মন্ত্রী আমলা কামলা ছাত্র শিক্ষিক কর্মচারী থেকে শুরু করে আপামোর জনগণ সকলেই এখান থেকে জীবন ফিরে পেয়েছেন। এমন কি দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় আহত সৈনিকেরাও। এহেন বিশ্বখ্যাত রাজন্য স্মৃতি বিজারিত এই হাসপাতালটির আজ করুন দশা। দাম্ভিক গগন চুম্বী আট্টালিকার নিচে দৈন্যদশা অবস্থায় পড়ে আছে। হীনমন্য কুরুচীকর বিকৃত মনের মানুষেরা অনেক মাটি থেকে তাকে উচ্ছেদ করা হয়েছে। বর্তমানে ইতিহাসের পাতা থেকেও তাকে তুলে দেওয়া হয়েছে। তার পরও মানুষ সেটিকে ভি এম হাসপাতাল হিসাবেই ডাকে। পৃথিবীর সবদেশেই ভিক্টোরিয়ার নামে স্মৃতি সৌধ রয়েছে। আমাদের রাজ্যেও এই স্মৃতি সৌধটি ছিল সেবা কেন্দ্র রূপে। এটা একটা ইতিহাসের সাক্ষও বহন করে চলছিল। সব যুগেই সব মানুষের সব শাসনের ইতিহাস জানতে হয়। তার জন্য কিছু স্থাপত্য নিদর্শনকে ধরে রাখতে হয়। কিন্তু আমাদের সমাজের কিছু নিম্ন রুচির মানুষ হাসপাতালের নামটি মুছে দিয়ে সরকারি ভাবে এটিকে বন্ধ করে দেয় বর্তমানে এটি কঙ্কালসার অবস্থায় কিছু ধ্বংসাবশেসের উপর দাঁড়িয়ে আছে। সিমেন্ট গুদাম করা হয়েছে। কিন্তু প্রশ্ন হল কেন এমনটা হবে। একজনের নাম মুছে দিয়ে সেই জায়গায় আরেক জনের মান লাগিয়ে দেওয়া নেহাত পাপ নয় অন্যায়ও বটে। ইতিহাস এই অপরাধ মাপ করেনা। হাসপাতালটি বৃটিশের গোলামীকে বোঝয়না। এটি একটি স্বাস্থ্য সেবা কেন্দ্র। মহারানী ভিক্টোরিয়ার এবং শ্রীমতি ইন্দিরা গান্ধী উভয়েই ভারত সম্রাজ্ঞী রাজনীতিবিদ। তাদের খ্যাতি এবং শ্রেষ্ঠত্ব সারা বিশ্বজুড়েই রয়েছে। সুতরাং এই খ্যাতিকে ধরে রাখাতে হবে। হাসপাতালটি পুনঃ নির্মাণ করে প্রাচীন নির্মাণ শৈলীর সঙ্গে সামঞ্জস্য রেখে আর ও আকর্ষণীয় করে এটিকে চালু করা হোক। এটিকে নষ্ট করা রাজ্যের গর্বকেই কুঠারাঘাত করা। ভি এম, আই জি এম দুইটি হাসপাতালই রাখা হোক উত্তরে এবং দক্ষিণে বর্তমান স্থানে। নতুন করে যে হেতু বিল্ডিং হয়েছে সুতরাং কক্ষ বা ওয়ার্ডের অভাব হবেনা। তাতে রাজ্যের গৌরবও উজ্জ্বল হবে। পুরানো স্থাপত্যটি সংস্কার করে তার সামনে সাইন বোর্ড লাগিয়ে আগের মতই স্বাস্থ্য পরিষেবা চালুকার হোক অথবা প্রশাসনিক ভবন নতুবা স্বাস্থ্য সংগ্রহশালাও করা যেতে পারে। কেননা স্বাস্থ্যই যে সম্পদ। তাছাড়া আখাউড়া খালের বাকী অংশ সংস্কার না করে মুখ ঘুরিয়ে দিয়ে নোবান চালু হোক। পাশাপাশি কাটাখালটি ও সংস্কার করে আখাউড়া খালের বিকল্প হিসাবে সিঙ্গারবিল কিংবা আখাউড়া সঙ্গে যুক্ত করা যায় কিনা খতিয়ে দেখা দরকার, এই খালটিও রণজিৎনগর রামপুরহাট হয়ে আখাউড়ার পাশ দিয়ে সিঙ্গারবিল প্রবেশ করেছে। তার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

## স্বাধীনতার সাতকাহন : স্নাতকস্তরের শিক্ষা

# দেশ ও জাতির স্বার্থে স্নাতকস্তরের শিক্ষায় কর্পোরেট নির্ভরতা কমানোর ডাক শিক্ষাবিদদের

শুভঙ্কর দাস

স্বাধীনতার পর পেরিয়ে গিয়েছে সাত দশকেরও বেশি সময়। উচ্চশিক্ষায় বিশেষ করে স্নাতকস্তরে শিক্ষার প্রসার ও প্রচারে কতদূর এগিয়েছে ভারত, তা নিয়ে বিতর্ক থাকতেই পারে।তবে বিভিন্ন উত্থান-পতনের মধ্য দিয়ে এগিয়ে চলেছে ভারতের স্নাতকস্তরের শিক্ষাব্যবস্থা।কলেজে এসেই দেশের সিংহভাগ পড়ুয়া উচ্চশিক্ষার সুযোগ পায়। এদের মধ্যে বহু পড়ুয়াই রয়েছে যারা স্নাতক হওয়ার পর স্নাতকোত্তরে না গিয়ে কর্মসংস্থানে উদ্দেশ্যে বেরিয়ে পড়ে। ফলে সবদিক দিয়েই কলেজ শিক্ষার মাহাত্ম্য অপরিসীম বলে মনে করেন শিক্ষাবিদরা। বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক তরুণ নস্কর জানিয়েছেন, স্বাধীনতার সময় থেকে বৈজ্ঞানিক মনস্ক শিক্ষা এবং সার্বজনীন শিক্ষার দাবিতে সেই সময় সরব হয়েছিলেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, আচার্য প্রফুল্ল চন্দ্র রায়, আশুতোষ মুখোপাধ্যায়ের মতন ব্যক্তিত্বরা। দেশের শিক্ষা পরিকাঠামো গড়ে তোলার জন্য সেই সময় স্বাধীনতা সংগ্রামীরা গড়ে তুলেছিলেন জাতীয় শিক্ষা পরিষদ। এই সংগঠনের সঙ্গে নাম জড়িয়ে রয়েছে অরবিন্দ ঘোষের।জাতীয় শিক্ষা পরিষদই যাদবপুর বিশ্ববিদ্যালয় গড়ে তোলে। স্বাধীনতার পরও আশা প্রকাশ করা হয়েছিল যে শিক্ষা খাতে বাজেট বরাদ্দ বাড়াবে সরকার। সকলের জন্য শিক্ষার অধিকার রক্ষার্থে এই পদক্ষেপ নেবে প্রশাসন। দিন যত গিয়েছে শিক্ষা খাতে বাজেট বরাদ্দ কমেছে। সরকারের একাধিক কমিশন সুপারিশ করেছিল যে কেন্দ্রীয় বাজেটের দশ শতাংশ শিক্ষাখাতে বরাদ্দ করতে হবে। বর্তমান সময়ের দাবি ছিল জিডিপির ছয় শতাংশ শিক্ষাখাতের জন্য নিয়োজিত করতে হবে। কিন্তু তেমনটা হয়নি।২০১৪ সালে যেখানে শিক্ষাখাতে বরাদ্দ করা হয়েছিল ০.৫৩ শতাংশ। বর্তমান সময়ে তা কমে দাঁড়িয়েছে ০. ৪৪ শতাংশ। সেই কারণেই উচ্চ শিক্ষায় বেসরকারি সংস্থাগুলি একের পর এক কলেজ, বিশ্ববিদ্যালয় এমনকি মেডিকেল কলেজ তৈরি করে চলেছে। অবিলম্বে প্রয়োজন কলেজ শিক্ষার পরিকাঠামোকে বিপুল হারে গড়ে তোলা। স্নাতক স্তরের শিক্ষাকে সর্বজনীন করে তোলার জন্য কলেজের সংখ্যা বৃদ্ধি করতে হবে। বেসরকারি ওপর নির্ভরতা কমিয়ে সরকারকে এগিয়ে আসতে হবে স্নাতক স্তরের শিক্ষাকে আরো শক্তিশালী করার জন্য।



ইঞ্জিনিয়ারিং পড়ার হুজুক কয়েক বছর আগেও দেখা গিয়েছে এখন সেটা অনেকটাই নিম্নমুখী। বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজগুলি মশা মাছি তাড়াচ্ছে। নতুন শিক্ষানীতিতে বেসরকারি সংস্থার বিনিয়োগ করার পরিসরকে বৃদ্ধি করা হয়েছে। যা কাম্য নয়। শিক্ষানীতি এমন করে গড়ে তুলতে হবে যাতে স্নাতক স্তরের পর্যাপ্ত শিক্ষা একজন পড়ুয়া পায়। শিক্ষা খাতে অর্থ বরাদ্দ করলেও শিক্ষা সংস্থাগুলির মাথায় শিক্ষাবিদকেই রাখতে হবে। বিশিষ্ট শিক্ষাবিদ মীরাতুন নাহার জানিয়েছেন, ২০০৯ সালে স্কুল শিক্ষা সার্বজনীন করে তোলার জন্য নীতি তৈরি করা হয়েছিল।কিন্তু সাংসদ, বিধায়ক, পঞ্চায়েত সদস্য হওয়ার লক্ষ্যে রাজনীতিবিদরা এতটাই ব্যস্ত যে তারা শিক্ষার বিষয়টি অবজ্ঞা করে গিয়েছে। সাংসদ, বিধায়ক হলে অর্থ উপার্জনের নিশ্চিত পথ খুলে যাবে। ফলে সেই দিকেই ছুটে চলেছে তারা। একাধিক সাংসদ এমনও রয়েছে যাদের শিক্ষাগত যোগ্যতা প্রশ্নের মুখে। আগে একজন স্নাতক হয়ে বেরোলে সমাজে তার সম্মান অনেক বেশি ছিল। এখন তা ধরাতলে পতিত হয়েছে।অনলাইনের নাম করে ধীরে ধীরে একদিন কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলি বন্ধ হয়ে যাবে।কর্পোরেট সংস্থার সঙ্গে নীতিনির্ধারকরা সুপরিকল্পিতভাবে শিক্ষাব্যবস্থার অবনতি ঘটিয়েছে। প্রকৃত ইনার এডুকেশনের অভাব রয়েছে।শিক্ষার মধ্যে যে জাতির উন্নয়ন, মানুষের উন্নয়ন এবং মানব সম্পদের উন্নয়ন নিহিত সেটা ব্রাত্য থেকে যাচ্ছে।শুধু স্নাতক স্তর নয়।শিক্ষার প্রতিটি স্তরেই অক্ষয় দেখা যাচ্ছে।

উল্লেখ করা যেতে পারে স্বাধীনতা সংগ্রামে উচ্চ শিক্ষাকে সর্বজনীন করে তোলার জন্য আন্দোলন চালানো হয়েছিল। স্বাধীনতার পর কয়েক বছর সেই ভাবে চলা হলেও দিন যত গিয়েছে শিক্ষা খাতে ব্যয় বরাদ্দ কমতে শুরু। দেশের প্রত্যন্ত অঞ্চলে কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অভাব চোখে পড়ার মতো। কর্পোরেট বিনিয়োগের ফলে উচ্চশিক্ষা ক্রমশই নাগালের বাইরে যেতে বসেছে নিম্ন মধ্যবিত্ত এবং নিম্নবিত্ত শ্রেণীর।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# বাংলাদেশ-ভারত সম্পর্ক হালকা নয় দু'দেশ পরিক্ষিত বন্ধু : রীভা গাঙ্গুলি



মনির হোসেন,ঢাকা,আগষ্ট ০৬।।ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার শ্রীমতী রীভা গাঙ্গুলি দাশ বলেছেন, বাংলাদেশ-ভারত সম্পর্ক হালকা নয়,দু'দেশ পরিক্ষিত বন্ধু। দু'দেশের সম্পর্ক অবনতি করার জন্য কেউ কেউ উদ্দেশ্য প্রণোদিতভাবে বিভ্রান্তিকর প্রচারণা চালায়। ভারত-বাংলাদেশের মধ্যে এমন সম্পর্ক বিশ্বে আর নেই। গত কয়েক বছরে দু'দেশের মধ্যে অনেক কাজ হয়েছে। ছিটমহল সমস্যা, সমুদ্র সীমানা বিরোধ সমাধান হয়েছে। দু'দেশ উন্নয়ন অংশীদার হিসেবে কাজ করে যাচ্ছে। তাছাড়াও মুক্তিযুদ্ধের উপর লিখিত বইয়ের হিন্দিতে অনুবাদ করার জন্য অনুরোধ করেন হাইকমিশনার।

বৃহস্পতিবার ঢাকায় বাংলাদেশের সচিবালায়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী আ ক ম মোজাম্মেল হকের সঙ্গে তার দপ্তরে স্যাৎ করেন ভারতের বিদায়ী রাষ্ট্রদূত রীভা গাঙ্গুলি দাশ। এ সময় বাংলাদেশের সাথে ভারতের সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক, বাংলাদেশের মুক্তিযুদ্ধ এবং দ্বিপাকি বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

এসময় বাংলাদেশের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেন, আগামী দিনগুলোতে বাংলাদেশ-ভারত সম্পর্ক আরও দৃঢ় হবে। মহান মুক্তিযুদ্ধে ভারত সরকার এবং জনগণের সহায়তার কথা কৃতজ্ঞচিত্তে স্মরণ করেন এবং স্বাধীনতার ৫০ বছর পূর্তিতে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে ভারতের মিত্র বাহিনীর শহীদ সদস্যদের অবদান স্মরণে বাংলাদেশ স্মৃতিস্তম্ভ নির্মাণ করছে বলে জানান।

ভারতের হাইকমিশনার আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের অভূতপূর্ণ উন্নয়ন এবং নারীর মতায়নের ভূয়সী প্রশংসনীয়। তিনি আরো বলেন, আমি তো মনে করি, ভবিষ্যতে আমাদের সম্পর্ক আরও ঘনিষ্ঠ হবে,জোরালো হবে। আমরা তাকিয়ে আছি ২০২১ এর দিকে, যখন বাংলাদেশ স্বাধীনতার ৫০ বছর উদযাপন করবে। একাত্তরের মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে যে সম্পর্ক গড়ে উঠেছে, আগামী বছর অন্যান্য এই সম্পর্ককে তুলে ধরাররে ত্রে এটা আমাদের জন্য একটি সুযোগ। আমি তো মনে করি না পৃথিবীতে আর দুইটা দেশ আছে যাদের এমন সম্পর্ক রয়েছে। বাংলাদেশ মুক্তিযুদ্ধের পাঁচ দশক উদযাপন করার পরপরই আমরা দুই দেশের কূটনৈতিক সম্পর্কের ৫০ বছর উদযাপন করব।

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক শ্রীমতি গাঙ্গুলীর ভারতের বিদেশ মন্ত্রণালয়ের সচিব হিসেবে পরবর্তী পদায়নের জন্য অভিনন্দন এবং শুভকামনা জানান। তার বিদেশ মন্ত্রণালয়ের সচিব হিসেবে দায়িত্ব কালীন দু'দেশের সুসম্পর্ক ভিন্ন মাত্রা পাবে বলে মন্ত্রী আশা করেন।




বৃহস্পতিবার আগরতলা প্রেস ক্লাবে প্রয়াত সাংস্কৃতিক ব্যক্তিত্ব অগ্নিকুমার আচার্যের স্মরণ সভা আয়োজিত হয়। ছবি- নিজস্ব।

# আন্তর্জাতিক চক্রের অঙুলি হেলন, শোণিতপুরের ঘটনায় কং-এআইউডিএফের হাত, অসমকে পূর্ববঙ্গীয় মুসলমানপ্রধান রাজ্য বানানোর চক্রান্ত, বক্তা মমিনুল

গুয়াহাটি, ৬ আগস্ট (হি.স.) : শোণিতপুর জেলার বরসলা নির্বাচন ক্ষেত্রের ঠেলামারা ভরাশিঙরিতে গতকাল সংঘটিত গোষ্ঠী সংঘর্ষের ঘটনার প্রেক্ষিতে ইতিমধ্যে ঢেকিয়াজুলি ও ঠেলামারায় সান্ধ্যআইন জারি করেছে প্রশাসন। জেলাশাসকের গাড়িতে দুষ্কৃতীরা হামলা চালিয়ে ভাঙচুর চালিয়েছে। গোটা অপ্রীতিকর এই ঘটনার পেছনে আন্তর্জাতিক চক্রের হাত রয়েছে। অসমকে পূর্ববঙ্গীয় মুসলমানপ্রধান রাজ্য বানানোর চক্রান্তের প্রতিফলন এটা। সম্পূর্ণ পরিকল্পিতভাবে এই ন্যাক্কারজনক আক্রমণ চালানো হয়েছে শান্তিপূর্ণ মিছিলকারী যুবকদের উপর। গোটা ঘটনার আড়ালে মদত জুগিয়েছে কংগ্রেস ও এআইইউডিএফ। অভিযোগ অসম সংখ্যালঘু উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান তথা প্রদেশ বিজেপির অন্যতম মুখপাত্র সৈয়দ মমিনুল আওয়াল গরিয়ার।

হিন্দুস্থান সমাচার-এর সঙ্গে টেলিফোনিক বার্তালাপে মমিনুল আওয়াল বলেন, ৫ আগস্ট ভারতের ঐতিহাসিক গৌরবময় দিন। সুপ্রিমকোর্টের রায়ের ভিত্তিতে অযোধ্যায় রামজন্মভূমির দীর্ঘ পাঁচশো বছরের পুরোনো বিবাদের সমাধান হয়েছে। সমগ্র দেশের মানুষ শান্তিপূর্ণভাবে রামমন্দির পুনর্নির্মাণের ভূমিপূজন হিসেবে আনন্দ উৎসবে মেতে উঠেছেন। কিন্তু শোণিতপুর জেলার ঠেলামারা বরসলা বিধানসভা ক্ষেত্রের ভরাশিঙরি অঞ্চলের হরগৌরী মন্দিরে রামমন্দিরের ভূমিপূজন উপলক্ষ্যে আনন্দোৎসব উদযাপনকে কেন্দ্র করে যে অপ্রীতিকর ঘটনা সংঘটিত হয়েছে তা কোনও ভারতীয় মানুষ সমর্থন করবে না। আনন্দ মিছিল আটকে দিয়ে গাড়ি বাইককে অগ্নিসংযোগ করা অত্যন্ত নিন্দনীয় ও ন্যাক্কারজনক ঘটনা। এমন-কি ওই ঘটনার পর শোণিতপুরের জেলাশাসক মানবেন্দ্র প্রতাপ সিঙের গাড়িতে হামলা চালাতেও পিছপা হয়নি দুষ্কৃতকারীর দল।

মমিনুল আওয়াল গরিয়ার স্পষ্ট বক্তব্য, এ ধরনের ঘটনা সৃষ্টিকারীরা কখনও ভারতীয় হতে পারে না। কাগজেপত্রে এরা নিজেদের ভারতীয় বলে দাবি করলেও প্রকৃতপক্ষে এই সব হামলাবাজ বিদেশি মদতপুষ্ট বিচ্ছিন্নবাদী ভারতীয়। যা সংগঠিত করা হয়েছে তাতে এদের তন মন ধন প্রভৃতি বিচ্ছিন্নতাবাদী পাকিস্তানি উগ্রবাদী আচরণের প্রতিফলন ঘটেছে। ভারতের কৃষ্টি সংস্কৃতিতে বিশ্বাস ও আস্থা সংবলিত মানুষ কখনও এ ধরনের হিংসাত্মক ঘটনা সংগঠিত পারে না। এই হিংসাত্মক ঘটনাকে আন্তর্জাতিক চক্রের পূর্ব পরিকল্পিত ব্লুপ্রিন্ট বলে মনে করেন মমিনুল। ঘটনা প্রসঙ্গে তিনি কংগ্রেসের রিপুন বরাকে সতর্ক করে বলেছেন, অসমকে কখনও পূর্ববঙ্গীয় মুসলমানপ্রধান রাজ্য বানানোর পরিকল্পনা সফল করতে দেওয়া হবে না। বলেন, কংগ্রেসের বর্তমান বিধায়কদের নিয়ে অনুসন্ধান চালালে বিষয়টি স্পষ্ট হয়ে উঠবে। অসমকে নিয়ে কংগ্রেসিদের চিন্তাভাবনা কী? এছাড়া রামমন্দির পুনর্নির্মাণের আনন্দোৎসবকে ঘিরে শোণিতপুরে সংঘটিত ঘটনার পর সোশ্যাল মিডিয়ায় মুসলমানদের প্রতি এআইইউডিএফ যুব ফ্রন্টের নেতারা যেভাবে নিষ্প্রদীপ আন্দোলনের আহ্বান জানিয়েছেন তাতে উভয় রাজনৈতিক দলের অবস্থান স্পষ্ট হয়ে উঠেছে। তিনি এআইইউডিএফ দলের প্রেক্ষাপট নিয়েও প্রশ্ন তুলেছেন। বলেন, আসলে ভারতের গণতান্ত্রিক পদ্ধতি ও নির্বাচন কমিশনের নিয়মানুসারে রাজনৈতিক দলের অনুমতি পেয়েছে এআইইউডিএফ। কিন্তু বর্তমান রাজ্যের সামগ্রিক পরিস্থিতি পর্যালোচনা করলে কংগ্রেস এআইইউডিএফের সঙ্গে জোট বন্ধনের পরিকল্পনা হতাশাজনক। কারণ কংগ্রেস এবং এআইইউডিএফ অসমকে পূর্ববঙ্গীয় মুসলমানপ্রধান রাজ্য বানানোর অপচেষ্টা করছে। এটা তাদের রাজনৈতিক আচার আচরণ তথা কার্যপ্রণালীতে প্রতিফলিত হচ্ছে।

মমিনুল আওয়াল আরও বলেন, শোণিতপুরে সংগঠিত অপ্রীতিকর ঘটনার সঙ্গে জড়িতদের সুরক্ষা প্রদান করছেন কংগ্রস ও এআইইউডিএফের একাংশ তথাকথিত বুদ্ধিজীবী ও নেতারা। ফলে এই ঘটনার পেছনে গভীর পরিকল্পিত ষড়যন্ত্রের আভাস পাওয়া যাচ্ছে। তিনি বারবার কংগ্রেসের প্রদেশ সভাপতি রিপুন বরাকে সতর্ক করে বলেন, কোনও চক্রান্তই অসমকে বাংলাদেশি মুসলমানদের রাজ্য বানানোর পরিকল্পনা সফল হবে না।

অসম অসমিয়া জাতি ও খিলঞ্জিয়াদের জন্য থাকবে বরাবর।

মমিনুল আওয়াল গরিয়া রামমন্দির প্রসঙ্গে বলেন, রামমন্দির হচ্ছে ভারতের ঐতিহাসিক গৌরব ও ভারতবর্ষের বিভিন্ন জাতি গোষ্ঠী ধর্মের মানুষের সমন্বয়ের প্রতীক। রামচন্দ্র কোনও বিশেষ ধর্মের ব্যক্তিত্ব নন। রামচন্দ্র ভারতের মহাপুরুষ ছিলেন। একাধিক আদর্শ ও শক্তির প্রতীক রামচন্দ্র। ভারতের হাজার হাজার বছরের পুরোনো ইতিহাসের সাথে রামচন্দ্রের ইতিহাস জড়িত। তাই দেশের ইতিহাস না জেনে আজ যারা রামমন্দিরকে কেন্দ্র করে আশান্তির বাতাবরণ সৃষ্টি করতে চাইছে এরা কোনওভাবে ভারতীয় হতে পারে না। পাকিস্তানি মনোভাবাপন্ন উগ্রবাদী দুষ্কৃতীদের সুরক্ষার ভূমিকায় রয়েছেন একাংশ ছদ্মবেশী জাতীয়তাবাদী নেতা ও বুদ্ধিজীবী। শোণিতপুরের ঠেলামারায় শান্তিপ্রিয় মিছিলে দা,

# বাংলাদেশে পুলিশের গুলিতে সেনা কর্মকর্তা নিহত, ওসি প্রদীপসহ তিনজন ৭ দিনের রিমান্ডে

মনির হোসেন,ঢাকা,আগষ্ট ০৬।।বাংলাদেশে পুলিশের গুলিতে অবসরপ্রাপ্ত মেজর সিনহা মোহাম্মদ রাশেদ খানের মৃত্যুর ঘটনায় টেকনাফ থানার প্রত্যাহার হওয়া ওসি প্রদীপ কুমার দাশসহ তিন আসামির সাতদিনের রিমান্ড মঞ্জুর করেছে আদালত। এছাড়া চার আসামিকে জেলগেটে জিজ্ঞাসাবাদের নির্দেশ দেয়া হয়েছে।

বৃহস্পতিবার রাতে র্যা বের ১০ দিনের রিমান্ড আবেদনের পরিপ্রিেত কক্সবাজার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট তৃতীয় আদালতের বিচারক এ নির্দেশ দেন। এ সময় বাকি দুই আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে। এর আগে, প্রদীপ কুমার দাশ ও টেকনাফের বাহারছড়া শামলাপুর তদন্ত কেন্দ্রের প্রত্যাহার হওয়া পরিদর্শক লিয়াকত আলীসহ সাতজনকে একসঙ্গে আদালতে হাজির করা হয়। বাকি দুই আসামি শেষ মুহূর্তে আত্মসমর্পণ করেননি। প্রদীপ কুমার দাশকে চট্টগ্রাম থেকে পুলিশ হেফাজতে কক্সবাজার আদালতে নেয়া হয়েছে।

৩১ জুলাই রাত সাড়ে ১০টার দিকে কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ সড়কের টেকনাফের বাহারছড়া শামলাপুর তল্লাশি চৌকিতে পুলিশের গুলিতে নিহত হন সিনহা রাশেদ খান। এ ঘটনায় বুধবার কক্সবাজারে টেকনাফ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট তামান্না ফারাহর আদালতে ওসি প্রদীপ ও মো. লিয়াকতসহ নয়জনকে অভিযুক্ত করে হত্যা মামলা দায়ের করেন নিহতের বড় বোন শারমিন শাহরিয়া ফেরদৌস। আদালত মামলাটি আমলে নিয়ে টেকনাফ থানার ওসিকে মামলাটি এফআইআর হিসাবে রুজু এবং র্যা ব-১৫ কে তদন্তের নির্দেশ দেয়।

আদালত সূত্র জানায়, আদালতের আদেশ মতে মামলাটি বুধবার রাতেই টেকনাফ মডেল থানায় নিয়মিত একটি হত্যা মামলা করা হয়েছে। এজাহারভুক্ত ৯ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি হয়েছে। ওসি প্রদীপ ও লিয়াকত ছাড়া বাকি আসামিরা হলেন, এসআই নন্দলাল রতি, এসআই টুটুল, এএসআই লিটন মিয়া, কনস্টেবল সাফানুর করিম, কনস্টেবল কামাল হোসেন, কনস্টেবল আবদুল্লাহ আল মামুন ও কনস্টেবল মো. মোস্তফা। এ মামলায় নিহত সিনহা রাশেদ খানের সঙ্গী সাহেদুল ইসলাম সিফাতসহ ১০ জনকে সাক্ষী করা হয়েছে।

# বন্দেভারত মিশনে স্পেশাল ফ্লাইটে চিন থেকে দেশে ফিরছেন ২৩৩ জন ভারতীয় নাগরিক

নয়াদিল্লি, ৬আগস্ট (হি.স.): চিন থেকে দেশে ফিরছেন ২৩৩ জন ভারতীয় নাগরিক। বৃহস্পতিবার চিনের গুয়াংঝাউ প্রদেশে অবস্থিত ভারতীয় দূতাবাসের তরফে জানানো হয়েছে, বন্দেভারত মিশনের আওতায় গুয়াংঝাউ-দিল্লি স্পেশাল ফ্লাইটে চিনে আটকে পড়া ভারতীয় নাগরিকদের দেশে ফিরিয়ে আনা হচ্ছে।

ভারতীয় দূতাবাস তরফে টুইটে জানানো হয়, বন্দেভারত মিশনের আওতায় গুয়াংঝাউ-দিল্লি স্পেশাল ফ্লাইটে চিনে আটকে পড়া ভারতীয় নাগরিকদের দেশে ফিরিয়ে আনা হবে। ওই ২৩৩ জনের মধ্যে বেশিরভাগই পড়ুয়া। তাঁরা চিনের বিভিন্ন বিশ্ব বিদ্যালয়ে পড়াশোনা করেন। এছাড়া অনেকেই রয়েছেন যাঁরা কর্মসূত্রে চিনে থাকেন।

উল্লেখ্য, প্রচুর ভারতীয় নাগরিক ও পড়ুয়া কাজের সূত্রে বা পড়াশোনার জন্য চিনে থাকেন। চিনে করোনা সংক্রমণ শুরু হওয়ার পর ভারত সহ বিভিন্ন দেশের মানুষ সেখানে আটকে পড়েন। তবে ভারত সরকারের তরফে নাগরিকদের দেশে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হয়েছিল। বন্দেভারত মিশনের আওতায় বিশেষ ফ্লাইটে চিন সহ অন্য দেশ থেকে ইতিমধ্যেই প্রচুর ভারতীয় নাগরিক দেশে ফিরেছেন। বৃহস্পতিবার চিন থেকে আরও ২৩৩ জন ভারতীয় দেশে ফিরছেন।

# করিমগঞ্জের বাজারিছড়ায় যুবকের ঝুলন্ত লাশ উদ্ধার, খুন না আত্মহত্যা, চাঞ্চল্য

বাজারিছড়া (অসম), ৬ আগস্ট (হি.স.) : করিমগঞ্জ জেলার অন্তর্গত বাজারিছড়া থানাধীন নাগ্রা পুলিশ পেট্রোল পোস্টের প্রপার মাগুরা গ্রামের পরিত্যক্ত একটি দোকানঘরের ভিতর থেকে তরতাজা জনৈক যুবকের ঝুকলন্ত লাশ উদ্ধারের ঘটনায় স্থানীয় জনমনে চাঞ্চল্য দেখা দিয়েছে। এটা পরিকল্পিত খুন না আত্মহত্যা , এ বিষয়ের জট খুলতে ইতিমধ্যে তদন্তে নেমে পড়েছে স্থানীয় পুলিশ।

জানা গেছে, মাগুরা গ্রামের বাসিন্দা তথা ডাক বিভাগের পিয়ন অধীর দাসের পুত্র অর্পণ দাস (১৯) অন্যান্য দিনের মতো বুধবার সন্ধ্যায় নিজের বাড়ি থেকে বেরিয়েছিল। কিন্তু যথা সময়ে সে আর বাড়ি ফিরে যায়নি। এতে দুশ্চিন্তায় পড়েন তার পরিবারের লোক সহ পড়শিরা। এমন-কি তাকে মোবাইল ফোনেও পাওয়া যায়নি। দীর্ঘক্ষণ অপেক্ষা করার পর সে বাড়িতে ফিরছে না দেখে তার পরিবারের লোকেরা পড়শিদের সঙ্গে নিয়ে তাকে খুঁজতে শুরু করেন। অবশেষে ভোররাতের দিকে তাদের নিজের বাড়ির লাগোয়া একটি পরিত্যক্ত দোকান ঘরের ভিতরে গলায় লাল শালু কাপড় দিয়ে ফাঁস লাগানো ঝুলন্ত অবস্থায় পাওয়া যায় অর্পণকে। ততক্ষণে তার দেহ থেকে প্রাণ উবে গিয়েছিল না বলে জানান প্রত্যক্ষদর্শীরা।

পরে বিষয়টি গ্রামবাসীর পক্ষে স্থানীয় পুলিশ সহ বাজারিছড়া থানার ওসি নির্মল দে-কে অবগত করা হয়। খবর পেয়ে আজ বৃহস্পতিবার অকুস্থলে পৌঁছেন বাজারিছড়া থানার ওসি ও নাগ্রা পুলিশ পেট্রোল পোস্টের ইনচার্জ এন ডেকা।

তারা প্রথমে মৃতদেহের এনকুয়েস্ট করে পরে ময়না তদন্তের জন্যর করিমগঞ্জ সিভিল হাসপাতালে পাঠিয়ে দেন। মৃতের পরিবারের লোকদের ধারণা, অর্পণকে কেউ পরিকল্পিত ভাবে খুন করে গলায় ফাঁস লাগিয়ে ঝুলিয়ে রেখে আত্মহত্যা র রূপ দেওয়ার চেষ্টা করেছে।

এদিকে এ ব্যাপারে নাগ্রা পুলিশ পেট্রোল পোস্টের ইনচার্জের কাছে জানতে চাইলে তিনি জানান, এটা হত্যা না আত্মাহত্যা তা ময়না তদন্তের রিপোর্ট হাতে আসার পরই হলফ করে বলা যাবে। তবে এই ঘটনার রহস্যন ভেদ করতে পুলিশ তদন্তে নেমে পড়েছে। এদিকে চাঞ্চল্যকর এ ঘটনার খবর পেয়ে আজ সকালে মৃত যুবকের বাড়িতে গিয়ে ঘটনার খবর নেন লোয়াইরপোয়া জেলা পরিষদ সদস্যার প্রতিনিধি অমিতাভ দে সহ বিজেপি নেতা আজমত আলি ও স্থানীয় ওয়ার্ড সদস্যার প্রতিনিধি অশোক দাস ও অন্যা। তারা এ ঘটনায় দুঃখ প্রকাশ করে পুরো বিষয়টি খতিয়ে দেখতে পুলিশের হস্তক্ষেপ কামনা করেন। এ ঘটনায় গোটা এলাকা জুড়ে চাপা উত্তেজনা বিরাজ করছে। আজ সন্ধ্যায় মৃতদেহ ময়না তদন্তের পর বাড়িতে এলে মৃতের অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন হয়েছে।

# করোনা-র থাবা, নাগাল্যান্ডের স্বাস্থ্যমন্ত্রীর সরকারি বাসভবন সিল

কোহিমা, ৬ আগস্ট (হি.স.) : করোনা থাবা বসিয়েছে নাগাল্যান্ডের স্বাস্থ্যমন্ত্রীর সরকারি বাসভবনে। একসাথে কয়েকজন কর্মচারীর করোনা আক্রান্তের ঘটনায় স্বাস্থ্যমন্ত্রীর সরকারি বাসভবন সিল করে দিয়েছে স্বাস্থ্য দফতর। সাথে স্বাস্থ্যমন্ত্রীকে গৃহে আইসোলেশনে থাকার পরামর্শ দেওয়া হয়েছে। তিনি এখন বাড়িতে থেকেই কাজ করবেন।

বৃহস্পতিবার রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী এস পাংন্যু ফোম নিজের টুইট হ্যান্ডলে লিখেছেন, তাঁর সরকারি বাসভবনের সাথে যুক্ত কয়েকজন সহকারী কর্মী, দুই দেহরক্ষী এবং চার গৃহরক্ষীর দেহে করোনা-র সংক্রমণ মিলেছে। সঙ্গে সঙ্গে এসওপি মেনে প্রয়োজনীয় সমস্ত ব্যবস্থা নেওয়া হয়েছে। সাথে তিনি যোগ করেন, নিয়ম মেনে আমিও আইসোলেশনে রয়েছি। বাড়িতে বসেই সরকারি সমস্ত কাজকর্ম করব।

সূত্রের খবর, নাগাল্যান্ডের স্বাস্থ্যমন্ত্রীর কোভিড-১৯ রিপোর্ট নেগেটিভ এসেছে। তবুও তিনি আইসোলেশনে থাকবেন বলে স্থির করেছেন। করোনা আক্রান্ত কর্মীদের ইতিমধ্যে কোভিড কেয়ার সেন্টারে ভরতি করা হয়েছে।

এদিকে, পশুপালন ও ভেটেরিনারি পরিষেবা, নারী সম্পদ উন্নয়নের উপদেষ্টা আর খিঙের কোভিড-১৯ রিপোর্ট পুনরায় নেগেটিভ এসেছে। এক টুইট বার্তায় তিনি জানিয়েছেন, দ্বিতীয়বার কোভিড-১৯ পরীক্ষায় রিপোর্ট নেগেটিভ এসেছে। তিনি করোনা আক্রান্ত সহকর্মীদের দ্রুত আরোগ্য কামনা করেছেন।

# উমরাংসো পানিমরে অবৈধ খননের বিরুদ্ধে বিক্ষোভ ডিমা হাসাও জেলা কংগ্রেসের

হাফলং (অসম), ৬ আগস্ট (হি.স.) : শিল্পনগরী হিসেবে পরিচিত উমরাংসো পানিমরে অবৈধ খনন নিয়ে এবার সরব হয়েছে ডিমা হাসাও জেলা কংগ্রেস। উমরাংসো হচ্ছে অসমের অন্যতম ট্যুরিস্ট হটস্পট। আর এই উমরাংসো কপিলি জলপ্রপাত সব সময় দেশ বিদেশের পর্যটকদের আকর্ষিত করে। বলিউডের রেঙ্গুন ছবির শুটিং হয়েছিল এই পানিমর জলপ্রপাতে। তাছাড়া ঐতিহাসিক দিক দিয়ে এই পানিমর এক তীর্থক্ষেত্র। ডিমাসা জনগোষ্ঠীর মানুষ প্রতিবছর মাঘী পূর্ণিমায় এখানে পুণ্য স্নান করেন। কিন্তু এই পানিমরে এখন শুরু হয়েছে অবৈধ খনন, অভিযোগ উত্থাপন করেছে জেলা কংগ্রেস।

অবৈধ খনন বন্ধ করতে বৃহস্পতিবার পানিমরে কংগ্রেস দলের কর্মীরা বিক্ষোভ প্রদর্শন করেন। আজ পানিমর জলপ্রপাতের কাছে, যেখানে অবৈধ খনন চলছে এবং পাথর তোলা হচ্ছে সেখানে ডিমা হাসাও জেলা কংগ্রেস সভাপতি নির্মল লাংথাসা উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের কংগ্রেস সদস্য ড্যানিয়াল লাংথাসা এবং জয়সিং দ্রুং সহ কংগ্রেস সদস্যরা উপস্থিত হয়ে পানিমরে অবিলম্বে অবৈধ খনন বন্ধ করার দাবিতে বিক্ষোভ প্রদর্শন করেন।

কংগ্রেসের অভিযোগ, জাটিঙ্গা নদী, মাহুর নদী, মাইবাং নদী থেকে অবৈধ খনন করে সব পাথর শেষ করে দেওয়া হয়েছে। এতে প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হয়ে পড়েছে পাহাড়ি জেলার। এবার পানিমরে এভাবে অবৈধ খনন করে পাথর সংগ্রহ করে পর্যটকদের আকর্ষণের কেন্দ্র বিন্দু পানিমর জল প্রপাতকে ধ্বংসের দিকে ঠেলে দেওয়ার পরিকল্পনা চলছে। আর এভাবে অবৈধ খনন কার্য চললে ডিমাসা জনগোষ্ঠীর তীর্থ ক্ষেত্র পানিমর এলাকায় প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হবে যা কখনও হতে দেবে না কংগ্রেস বলে জানান নির্মল লাংথাসা।

# এক কোটি টাকার বেশি বকেয়া, বিচ্ছিন্ন পিএইচইর বিদ্যুৎ সংযোগ, জল সংকট হাফলঙে

হাফলং (অসম), ৬ আগস্ট (হি.স.) : বিদ্যুৎ বিচ্ছিন্ন করে দেওয়া হল হাফলং জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ট্রিটম্যান্ট প্ল্যান্ট ও সংপিজাং পাম্প হাউস সহ নতুনবস্তি কৃষ্ণনগর পাম্প হাউসের। ১ কোটি টাকার বেশি বিদ্যুৎ বিল জনস্বাস্থ্য করিগরি বিভাগ বিদ্যুৎ পর্ষদকে মিটিয়ে না দেওয়ার জেরে বিদ্যুৎ বিচ্ছিন্ন করে দিয়েছে বিদ্যুৎ পর্ষদ। যার দরুন হাফলং শহরে ব্যাপক জলের সমস্যা দেখা দিয়েছে। বন্ধ হয়ে পড়েছে হাফলং শহরে জল সরবরাহ।

গত এক পক্ষ কালের বেশি সময় থেকে বৃহত্তর হাফলং শহরে পানীয় জল সরবরাহ বন্ধ হয়ে পড়ায় বিপাকে পড়েছেন সাধারণ নাগরিকরা। বাধ্য হয়ে পাহাড়ি নদীর জল প্রতি হাজার লিটার ৫০০ টাকা করে কিনতে হচ্ছে সাধারণ নাগরিকদের। এত টাকা বিদ্যুতের বিল কেন মিটিয়ে দেওয়া হয়নি বিদ্যুৎ পর্ষদকে, এ নিয়ে হাফলং জনস্বাস্থ্য করিগরি বিভাগের ভারপ্রাপ্ত অভিযন্তা প্রাগজ্যোতিষ বর্মণের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করা হলেও তা সম্ভব হয়ে উঠেনি। তবে এভাবে দিনের পর দিন জনস্বাস্থ্য কারিগরি বিভাগ বিদ্যুৎ পর্ষদকে বিদ্যুতের বিল মিটিয়ে না দেওয়ায় এবার চরম দুর্ভোগের মুখে পড়েছেন হাফলং শহরের জনগণ।

# বরসলাকাণ্ডে তদন্তের নির্দেশ মুখ্যমন্ত্রীর, অনির্দিষ্টকালীন কার্ফিউ ঠেলামারা-ঢেকিয়াজুলি থানা এলাকায়

গুয়াহাটি, ৬ আগস্ট (হি.স.) : মধ্য অসমের শোণিতপুর জেলার বরসলা নির্বাচন ক্ষেত্রের ঠেলামারা ভরাশিঙরিতে সংগঠিত ঘটনাবলির শীঘ্র প্রামাণিক তথ্য বের করতে অসমের পুলিশ-প্রধান ভাস্করজ্যোতি মহন্তকে নির্দেশ দিয়েছেন গৃহ দফতরের দায়িত্বপ্রাপ্ত মুখ্যমন্ত্রী সর্বানন্দ সনোয়াল। প্রসঙ্গত ইতিমধ্যে মুখ্যমন্ত্রীর তাৎক্ষণিক নির্দেশে রাজ্যের অতিরিক্ত পুলিশপ্রধান (আইন-শৃঙ্খলা) জিপি সিং সংঘর্ষ জর্জরিত বরসলা নির্বাচন ক্ষেত্রের ঠেলামারা ভরাশিঙরি এলাকা পরিদর্শন করেছেন। এলাকা পরিদর্শন করে হিন্দুস্থান সমাচার-কে এডিজিপি জিপি সিং জানান, গতকাল বজরং দল ও বিশ্বহিন্দু পরিষদের মিছিলে অংশগ্রহণকারী ১২ জন আহত হয়েছেন। নয়টি মটর বাইকে অগ্নিসংযোগ করে জ্বালিয়ে দেওয়া হয়েছে। তিনি জানান, ঘটনা সম্পর্কে একটি মামলা রুজু করা হয়েছে।

এদিকে গতকাল ঘটনাস্থল পরিদর্শনে গিয়ে দুষ্কৃতীদের হামলার শিকার হয়েছিলেন শোণিতপুরের জেলাশাসক মানবেন্দ্র প্রতাপ সিং। তাঁর গাড়িতে ভাঙচুর চালানো হয়েছিল। এর পর রাত দশটা থেকে অনির্দিষ্টকালের জন্য ঠেলামারা এবং ঢেকিয়াজুলি থানা এলাকায় কার্ফিউ জারি করা করেছেন জেলাশাসক।

# হরেকরকম হরেকরকম হরেকরকম

## এক হাজার পরিবারের খাবার দিচ্ছেন সঞ্জয়



করোনাভাইরাসের প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত ১ হাজার দুস্থ পরিবারের খাবারের ব্যবস্থা করছেন বলিউড তারকা সঞ্জয় দত্ত ভারতের মুম্বাইতে এই ত্রাণ কার্যক্রমের জন্য স্থানীয় একটি সাহায্য সংস্থাকে সঙ্গে নিয়েছেন তিনি মহামারিতে দুস্থ মানুষদের সাহায্যে ভারত সরকারের সঙ্গে যখন একাত্ম হচ্ছেন বলিউডের মোটা অঙ্গের অর্থ আয় করা তারকারা, তখন সঞ্জয় দত্ত একাই দায়িত্ব নিলেন এতগুলো পরিবারের।

সম্প্রতি টুইটারে এ নিয়ে একটি বিবৃতি দিয়েছেন সঞ্জয় দত্ত তিনি লিখেছেন, 'দেশজুড়ে ভয়াবহ সংকট যে যেভাবে পারছেন, সবাইকে সহযোগিতা করছেন, এমনকি বাড়িতে অবস্থান করে, সামাজিক দূরত্ব বজায় রেখেও সেটা করছেন সবাই আমি আমার সাধ্য মতো যত জনকে পারি সাহায্য করতে চেষ্টা করছি।'

এক হাজার পরিবারের জন্য দুই বেলা খাবারের ব্যবস্থা করার পাশাপাশি সঞ্জয় দত্ত যুক্ত হয়েছেন একটি সাহায্য সংস্থার সঙ্গে বরিভালি ও বান্দ্রায় বসবাসরত পরিবারের জন্য সঞ্জয়ের সাহায্যের অর্থ ব্যয় হবে ওই সাহায্য সংস্থা প্রসঙ্গে সঞ্জয় জানিয়েছেন, 'সাওয়ারকার নামের ওই সংস্থাটি ভালো কাজ করে দুস্থদের সাহায্য করার সময় প্রথমেই আমার তাদের কথা মনে পড়ে আমরা একে অন্যকে সাহায্য করার মধ্য দিয়েই এই পরিস্থিতি মোকাবিলা করতে পারব।'

শুধু দুস্থদের জন্য ত্রাণ নয়, এই দুর্দিনে ভক্তদের জন্য ভালো ভালো পরামর্শও দিয়েছেন সঞ্জয় এক টুইটবার্তায় ভক্তদের উদ্দেশে সঞ্জয় বলেন, 'এই সময়টা সবাইকে শারীরিকভাবে ফিট থাকতে হবে সুতরাং ভালো খান, শরীরের যত্ন নিন, ব্যায়াম করুন।'

## না, জ্যাকুলিন হারিয়ে যাননি

গ্ল্যামার দুনিয়ার অমোঘ হাতছানিতে অনেকেই ছুটে আসেন। চাকচিক্যে ভরা জীবনের জন্য অনেকে এই দুনিয়ায় পা রাখেন। হাজার হাজার তরুণ-তরুণী বিটাউনে প্রতিষ্ঠা পাওয়ার স্বপ্ন দেখেন। কিন্তু খুব কমসংখ্যক মানুষের স্বপ্ন সত্যি হয়। আর তখনই তাঁদের ঘিরে ধরে মানসিক অবসাদ। অনেকে ধীরে ধীরে হারিয়ে যান এই 'রেস' থেকে। ক্যারিয়ারের শুরুর দিকে এ রকম এক মানসিক অবসাদে ভুগছিলেন বলিউড তারকা জ্যাকুলিন ফার্নান্দেজ। কিন্তু তিনি হারিয়ে যাননি। বলিউডে নিজের শক্ত অবস্থান অনেকটাই পাকাপোক্ত করে ফেলেছেন তিনি।

এই বলিউড অভিনয়শিল্পী সম্প্রতি মুখ খুললেন নিজের জীবনের মন খারাপের অধ্যায় নিয়ে। জ্যাকুলিন জানান, একসময় তাঁকে মানসিক অবসাদ ঘিরে ধরেছিল। খুব কঠিন সময়ের মধ্য দিয়ে তিনি সেই দিনগুলো কাটিয়েছিলেন। সেই সময় থেরাপিস্টের সাহায্য নিয়েছিলেন তিনি। জ্যাকুলিন এই হতাশার কারণ চাপিয়েছেন সামাজিক যোগাযোগমাধ্যমের ঘাড়ে।



জ্যাকুলিন জানান, ইন্ডাস্ট্রিতে নানা গুঞ্জন শোনা যায়। আর সামাজিক যোগাযোগমাধ্যমের জন্য আলোর গতিতে ছড়িয়ে পড়ে। এ জন্য অনেককে অপ্রীতিকর পরিস্থিতির মুখোমুখি হতে হয়। মানসিক অবসাদ প্রসঙ্গে বলেন, 'আমি আমার থেরাপিস্টের কাছে সব কথা খুলে বলতাম। দীর্ঘ সময় আমি একা কাটিয়েছি। আমার সঙ্গে কেউ ছিল না। আর তখনই আমি শিখে গিয়েছি যে, সব বিরূপ পরিস্থিতি কীভাবে মোকাবিলা করতে হয়। আজ সবাই আমার সঙ্গে আছে। আমি এখন অনেক ভালো আছি।'

করোনার তাণ্ডবের সময় জ্যাকুলিন অন্যভাবে সবার পাশে দাঁড়াচ্ছেন। করোনাকে ঘিরে নানান গুজব আটকানোর চেষ্টা করছেন তিনি। করোনাভাইরাস সংক্রমিত ব্যক্তিদের সঙ্গে সামাজিক যোগাযোগমাধ্যমে কথা বলছেন। জ্যাকুলিন লাইভ চ্যাটের মাধ্যমে সুরাতের প্রথম করোনায় আক্রান্ত নারী রীতার সঙ্গে কথা বলেছেন।

বলিউড র‍্যাপার বাদশার সঙ্গে সম্প্রতি 'গেন্দা ফুল' নামে একটি গানের ভিডিওতে দেখা গেছে জ্যাকুলিনকে। বিপুল পরিমাণ দর্শকের কাছে অন্য রকম এক জ্যাকুলিনকে পৌঁছে দিয়েছে গানটি।

## করোনার দিনে ভাগ্যশ্রীর চুমুর চিহ্ন মুছে দিলেন সালমান

২১ দিনের লকডাউনে ঘরে ঢুকে পড়েছেন বলিউড তারকারা। কিন্তু থেমে নেই তাঁদের সৃজনশীলতা। ঘরে বসেই তাঁরা বানিয়ে ফেলছেন শর্টফিল্ম, সেখানে আবার অংশ নিচ্ছেন দক্ষিণ ভারত, কলকাতা আর মুম্বাইয়ের একঝাঁক জনপ্রিয় মুখ। ঘরে বসেই চলছে টক শো। রিচা চাডঢার খবর পড়া দেখে আপনি না হেসে থাকতেই পারবেন না। আর টিকটক ভিডিওর তো ছড়াছড়ি। থেকে থেকে সচেতনতামূলক আর থ্যাংক ইউ ভিডিওতেও ভরে ওঠে ইনস্টাগ্রামের উঠান। থেমে নেই দান করছেন করোনামুক্ত ভারত গড়তে। জন্য সিরিজ বানাচ্ছেন কার্তিক আরিয়ান। সালমান খান নতুন করে তৈরি করলেন তাঁর দৃশ্য।



১৯৮৯ সালের ২৯ ডিসেম্বর মুক্তি পেয়েছিল ছবি 'ম্যায়নে প্যায়ার কিয়া'। সেখানে দেখা পালিয়েছেন। এভাবেই সালমানের প্রেমে চিহ্নের ওপর ঠোঁট বোলাচ্ছেন সালমান বানিয়েছেন সালমান।

নতুন দৃশ্যে দেখা যাচ্ছে, সালমান খান ওপর জাঁদরেল গোয়েন্দার মতো সন্দেহের স্যানিটাইজার, অন্য হাতে ন্যাপকিন। তারপর ন্যাপকিন ব্যবহার করে মুছলেন ঠোঁটের দাগ। এভাবেই করোনার দিনে সতর্ক থাকতে বার্তা চলতে বলছেন। ইনস্টাগ্রামে এই ভিডিও

অনুদান। বলিউড তারকারা কোটি কোটি টাকা এদিকে করোনা নিয়ে ঘরে বসেই ইউটিউবের অন্যদিকে পানভেল ফার্মহাউস থেকেই আইকনিক ছবি 'ম্যায়নে প্যায়ার কিয়া'র একটি

সালমান খান ও ভাগ্যশ্রী অভিনীত তুমুল হিট যায়, প্রেমিকা ভাগ্যশ্রী কাচের দেয়ালে চুমু এঁকে সায় দেন ভাগ্যশ্রী। এদিকে প্রেমিকার চুমুর খান। এই দৃশ্যটিই 'সংশোধন' করে নতুন করে

প্রেমিকার লিপস্টিকে ছাপা ঠোঁটের চিহ্নের চোখে তাকাচ্ছেন। তাঁর এক হাতে কাচের দেয়াল থেকে স্যানিটাইজার আর

দিয়েছেন সালমান খান। সামাজিক দূরত্ব মেনে পোস্ট করে সালমান লিখেছেন, 'ম্যায়নে প্যায়ার কিয়া' যদি এখন মুক্তি দেওয়া হতো, তাহলে দৃশ্যটা যেমন হতো। বরুণ ধাওয়ান, নুসরাত বরুচা, কারিশমা তান্না, রাশমি দেশাইসহ অসংখ্য তারকা মন্তব্যে জানিয়েছেন, তাঁদের মনে ধরেছে এই ভিডিও। ২৪ ঘণ্টায় ভিডিওটি ইনস্টাগ্রামে দেখা হয়েছে ২১ লাখের বেশিবার।

## প্রথম ছবিতেই হিট যেসব বলিউড নায়িকা


প্রথম ছবিতেই অভিনয় শাহরুখ খানের সঙ্গে। বলিউডে খানদের ছবিতে তাঁদের দাপট থাকে সিনেমাজুড়ে। আর আনুশকা জুটি বাধলেন কিং খানের সঙ্গে। কিন্তু চঞ্চল চরিত্রের 'তানি' ওরফে আনুশকা শর্মা অভিষেকেই নিজেকে চেনালেন অন্যরূপেকী নাচে, কী অভিনয়ে। ছবির গল্প সবার জানা। চঞ্চল ও নাচপাগল মেয়ে তানি। আচমকা মৃত্যু হয় বাবার। বাবা তানিকে সঁপে দিয়ে যান সুরিন্দরের কাছে। সুরিন্দর (শাহরুখ খান) ঠিক তানির উল্টো চরিত্র। শান্তশিষ্ট, মধ্যবিত্ত চাকুরে। কী আর করা। স্বামী হিসেবে সুরিন্দরকে মেনে নেয় তানি। কিন্তু মনের মধ্যে নাচের ঝলক জেগে ওঠে। এদিকে সুরিন্দর বিয়ে করে যেন নতুন করে প্রেমে পড়ে তানির। তানির মন ভালো থাকে এমন সব কাজ করতে প্রস্তুত তিনি। তানি ভর্তি হয় নাচের ক্লাসে। সুরিন্দর এবার তার রূপ বদলে রাজ কাপুর সেজে ওই নাচের ক্লাসেই ভর্তি হন। দুজনের শুরু হয় দোস্তি। গড়ায় প্রেমেও। কিন্তু তানি কাকে ভালোবাসে, সুরিন্দর নাকি রাজকে? এমন দ্বন্দ্ব নিয়ে এগিয়ে চলা ছবিটি অভিনয়, নাচ আর বলিউডের রোমান্টিক গল্প দিয়ে মাত করে রাখে দর্শকদের।

প্রথম ছবিতেই নাচ আর অভিনয় দিয়ে আনুশকা শর্মা বুঝিয়ে দিয়েছিলেন, সহজে মিলিয়ে যেতে আসেননি তিনি। প্রথম ছবিতেই হিট। আর এখন, বলিউডের প্রথম সারির নায়িকাদের একজন।

'শাহরুখ খানকে নিয়ে বন্ধু নির্মাতা ও পরিচালক ফারাহ খান নির্মাণ করবেন মিস্ট্রিয়াস একটি ছবি। যে ছবিতে শাহরুখ ও নায়িকা দুজনেরই দ্বৈত চরিত্রে অভিনয় করতে হবে। ফারাহ খান শাহরুখের নায়িকা হিসেবে আস্থা রাখলেন একজন খেলোয়াড়ের মেয়ের ওপর। ভারতীয় ব্যাডমিন্টন খেলোয়াড় প্রকাশ পাড়ুকোনের মেয়ে দীপিকা পাড়ুকোন এলেন নায়িকারূপে। এসেই বাজিমাত। 'ওম শান্তি ওম' ছবিতে কিং খানের সঙ্গে পাল্লা দিয়ে অভিনয় করেছেন দীপিকা। কুড়িয়েছেন প্রশংসাও। সেই শুরু, এখনো অভিনয় করেই চলছেন। এই সময়ে বলিউডের শীর্ষ নায়িকা বললে দীপিকা পাড়ুকোনের নাম আসবে সবার আগে।

হিমাচল প্রদেশের মেয়ে কঙ্গনার কেবলই 'শো---পিস', সেখানে কঙ্গনার ছবিগুলো থাকে কঙ্গনাকে ঘিরেই। 'কুইন' থেকে শুরু করে 'তানু ওয়েডস মানু' কিংবা 'ফ্যাশন'কঙ্গনা নিজের স্বাক্ষর রেখেছেন অভিনয়ে। ২০০৬ সালের 'গ্যাংস্টার' ছবির নায়িকার চরিত্রটি করতে পরিচালক অনুরাগ বসু ভরসা করেন এই নবাগতর ওপর। অনুরাগের ভরসার বিফলে যায়নি। প্রথম ছবিতেই নিজেকে চিনিয়েছেন কঙ্গনা। পরের বছর ২০০৭ সালে অনুরাগের আরেক ছবি 'লাইফ ইন মেট্রো'তেও তাই অনুরাগ নিলেন কঙ্গনাকেই।

১৯৭৯ সাল। পরিচালক কে বিশ্বনাথ তেলুগু ছবি 'শ্রী শ্রী



মুবা'---এর রিমেক করবেন হিন্দিতে।

অসাধারণ এই মিউজিক্যাল সিনেমার নায়ক ঋষি কাপুর। নায়িকা একজন নৃত্যশিল্পী। মিউজিক্যাল হওয়ায় ছবির গানের দায়িত্ব দেওয়া হয়েছে লক্ষ্মীকান্ত ---পেয়ারেলালকে। গানগুলো গাইবেন মোহাম্মদ রাফি আর লতা মঙ্গেশকর জুটি। ছবির সবকিছুই তারকা দিয়ে ঠাসা। কিন্তু নায়িকা কে? কে বিশ্বনাথ তারকায় ঠাঁসা এই ছবিতে নিয়ে এলেন নতুন এক নায়িকাকে। নামজয়া প্রদা। 'সারগাম' নিয়ে কি কিছু বলার আছে? বলিউড এই মিউজিক্যালে জয়ার সৌন্দর্যের দাগ এখনো মুছে যায়নি সে সময়ের দর্শকদের হৃদয় থেকে।

বলিউডে অভিনয়ের এক দশক শেষ শাম্মী কাপুরের। তাঁর সঙ্গেই কিনা অভিনয় করতে এসেছে ১৬ বছরের সায়রা! সে যা—ই হোক। অত চিন্তা কী? এক শাম্মীকে দেখেই তো দর্শক মাত। নায়িকার অত গুরুত্বের কী দরকার। এই হলো হিসাব—নিকাশ। কিন্তু 'জংলি' ছবি মুক্তির পর সব হিসাব—নিকাশ যে উল্টে গেল। ছবির রাজকুমারী চরিত্রের সায়রা বানু দর্শকের 'রাজকুমারী' হয়ে দেখা দিলেন। আর দর্শকের মুখে, শুধু সায়রা আর সায়রা। শাম্মী কাপুর যেন উড়ে গেলেন সায়রা বানুর রূপের ছটায়। সেই তো শুরু। তারপর কেবলই এগিয়ে চলা। হয়ে ওঠা সৌন্দর্যের প্রতীক 'প্রাচ্যের ভেনাস' হিসেবে।

বলিউড---যাত্রা খুব সহজ নয়। ভাঙা হিন্দি বলা মেয়েটি এখন শুধু অভিনয়শিল্পীই নন, পরিচালকও। 'মনিকর্ণিকা: দ্য কুইন অব ঝাঁসি' ছবিতে অভিনয়ের পাশপাশি পরিচালনার ভারটিও বহন করেছেন।

বলিউডে অভিনয় দিয়েই টিকে আছেন এই অভিনেত্রী। নায়কদের ভিড়ে যেখানে বলিউডে নায়িকা

## যে কারণে তিনি প্রতিদিন পুরি—হালুয়া, আলুর পরোটা খাচ্ছেন

অধিকাংশ বিটাউন তারকা লকডাউনের ষোলো আনা কাজে লাগাচ্ছেন। দীপিকা, সোনমসহ অনেক নায়িকা হেঁশেলে গিয়ে বাহারি পদ রান্না করছেন। এদিকে বলিউড অভিনয়শিল্পী কৃতি শ্যানন কবজি ডুবিয়ে খাওয়াদাওয়া করছেন। তবে তিনি এই গৃহবন্দী দশাতেও আগামী ছবির প্রস্তুতি শুরু করে দিয়েছেন। তাই চরিত্রের প্রয়োজনে মোটা হওয়ার জন্য জমিয়ে খাওয়াদাওয়া করছেন এই বলিউড অভিনয়শিল্পী।

'বরেলি কি বরফি', 'লুকা ছুপি', 'পানিপথ'সহ নানান ছবিতে নানান চরিত্রে কৃতি নিজেকে মেলে ধরেছেন। এবার তাঁর আগামী ছবি মিমিতে তাঁকে দেখা যাবে এক ভিন্ন চরিত্রে। স্যারোগেসির ওপর নির্মিত এই ছবিতে কৃতি মূল চরিত্রে অভিনয় করবেন। মিমি ছবিতে তাঁর লুকও হবে একেবারে অন্য রকম। আর তাই এই লকডাউন সময়ের পুরোপুরি ফায়দা নিচ্ছেন তিনি। মিমি ছবির জন্য তাঁকে ১৫ কেজি ওজন বাড়াতে হবে। তাই সকাল থেকেই লোভনীয় নানান খাবারের মজা নিচ্ছেন এই বলিউড কন্যা। প্রাতরাশে তিনি খাচ্ছেন পুরি-হালুয়া, আর ছোলার তরকারি। আবার কখনো কখনো লুফে নিচ্ছেন আলুর পরোটারও।



কৃতি তাঁর এই ছবিটিকে ঘিরে খুবই উৎসাহিত। মিমি ছবির প্রসঙ্গে তিনি বলেন, 'আমি জানি না ওজন বাড়ার পর আমাকে কেমন দেখতে লাগবে। এই ছবির জন্য আমি নতুন কোনো প্রজেক্টে হাত দিচ্ছি না। আমি নাচ করতে দারুণ ভালোবাসি। গান শুনলেই আমি নাচতে শুরু করে দিই। কিন্তু এখন আমি এসব কিছু থেকে নিজেকে দূরে রাখছি। আমার পুরো নজর এখন ওজন বাড়ানোর দিকে। মিমি ছবিতে আমার অভিনীত চরিত্রের জন্য আমি নতুন ধরনের নানা পরীক্ষা—নিরীক্ষা চালাচ্ছি।'

কৃতির শেষ মুক্তিপ্রাপ্ত ছবি ছিল 'পানিপথ'। আশুতোষ গোয়ারিকর পরিচালিত এই ঐতিহাসিক ছবিটি বক্স অফিসে সফলতা পায়নি। ছবির সফলতা এবং অসফলতা প্রসঙ্গে তিনি বলেন, 'ছবি হিট হলে দারুণ লাগবে, তা স্বাভাবিক। তবে কোনো ছবি না চললে এর আর একটা দিক আছে। কারণ, অনেক পরিশ্রমের পর ছবিটা যখন চলে না, তখন খুব খারাপ লাগে। 'পানিপথ'-এর ক্ষেত্রেও তা—ই হয়েছিল। তবে দু-তিন সপ্তাহ পর এই মন খারাপ কাটিয়ে উঠি। আর এই মন খারাপ ভাব থেকে বের হয়ে আসা উচিত। তা না হলে আগামী ছবির জন্য নিজেকে প্রস্তুত করতে পারব না।'

লকডাউনে মা, বাবা, বোন নূপুর শ্যানন আর কৃতি একসঙ্গে আছেন। বোন কবিতা লিখে আবৃত্তি করছেন। সেই ভিডিও আপলোড করছেন তিনি। কেক বানাচ্ছেন, ইয়োগা করছেন। আর নিশ্চিন্তে খাচ্ছেন।

## পড়তে পারো আবোল তাবোল

করোনাভাইরাসের এই কঠিন সময়ে বন্ধুরা সব দূরে। তবে একটা বন্ধু কিন্তু কাছেই আছে। কে সে? সে হচ্ছে বইবন্ধু। নানা ব্যস্ততায় হয়তোবা শেলফের ওই ধুলাজমা বন্ধুটির খবর নেওয়া হয়নি। এখন স্কুল ছুটি থাকায় বন্ধুটির সঙ্গে কল্পনার রাজ্যে হারিয়ে যেতে মানা নেই। আজ তোমাদের আমি এক বইবন্ধুর সঙ্গে পরিচয় করিয়ে দেব। সে হচ্ছে সুকুমার রায়ের আবোল তাবোল। সাধারণ কিংবা মামুলি বিষয়ও যে অসাধারণ হয়ে উঠতে পারে, তার অনন্য উদাহরণ আবোল তাবোল। এই ছুটিতে আমি যে বইগুলো পড়েছি, তার মধ্যে এই বই সেরা। আবোল তাবোল লিখেছেন প্রখ্যাত শিশুসাহিত্যিক সুকুমার রায়।

তোমরা নিশ্চয়ই জানো, সুকুমার রায় রসের রাজা। মানে তাঁর প্রতিটি লেখাই দারুণ মজার। আবোল তাবোলও এর ব্যতিক্রম নয়। ছড়ার এই বইয়ে হাঁস আর শজারু মিলে হয় হাঁসজারু, বক আর কচ্ছপ মিলে বকচ্ছপ, হাতি আর তিমি মিলে হয় হাতিমি। আরও কত শত অদ্ভুত মজার ঘটনা যে ঘটতে পারে, তা তোমরা বইটা পড়লেই জানতে পারবে। কাঠবুড়ো, কুমড়োপটাশের মতো অদ্ভুত চরিত্রগুলো তোমার মুখে হাসি ফোটাবে। আর ছড়ার সঙ্গে লেখকের আঁকা ছবিগুলো দেবে বাড়তি মজা। বইটি একবার হাতে নিয়ে দেখো, শেষ না করে উঠতে পারবে না।



বৃহস্পতিবার ওজন পরিমাপ দপ্তরের উদ্যোগে ওজন মাপক যন্ত্রগুলির পরীক্ষা করা হয়। ছবি- নিজস্ব।

# করিমগঞ্জে সংগঠিত বহু কোটি টাকার মাইনোরিটি স্কলারপশিপ (প্রি-মেট্রিক) কেলেঙ্কারিতে নাম জড়িয়েছে এক মাদ্রাসার

করিমগঞ্জ (অসম), ৬ আগস্ট (হি.স.) : প্রান্তিক জেলা করিমগঞ্জে সংগঠিত বহু কোটি টাকার মাইনোরিটি স্কলারপশিপ (প্রি-মেট্রিক) কেলেঙ্কারিতে একের পর এক স্কুল মাদ্রাসার নাম জড়িত থাকার তথ্য বের হচ্ছে। এই কেলেঙ্কারিতে এবার নাম জড়িয়েছে জালালপুর এমই মাদ্রাসার। পাথারকান্দি শিক্ষাখণ্ডের অন্তর্গত বিনোদিনীপুঞ্জিতে অবসিত জালালপুর এমই মাদ্রাসা কর্তৃপক্ষের কাছে স্কলারশিপপ্রাপ্ত ৫৩ জন সুবিধাভোগী ছাত্রছাত্রীর কোনও তথ্য নেই। স্কলারশিপ সুবিধাভোগীদের মধ্যে সুমন সরকার নামের এক পার্সি ধর্মাবলম্বী ছাত্রও প্রথম কিস্তির ১৩ হাজার ৩০০ টাকা লাভ করেছে। ৫৩ জন ভুয়ো পড়ুয়ার নামে মাইনোরিটি স্কলারশিপের ৫ লক্ষ ৪৪ হাজার ২০০ টাকা কার পকেটে ঢুকেছে বলতে পারছে না করিমগঞ্জ জেলা শিক্ষা দফতরও।

উল্লেখ্য, ২০১১ সালের জনগণনা মতে, দেশের ৫৭ হাজার পার্সি ধর্মাবলম্বীর মধ্যে সর্বোচ্চ সংখ্যা মহারাষ্ট্রে। মাত্র ১৬ জন রয়েছেন অসমে। আর এই ১৬ জনের মধ্যে একজনও নেই বরাক উপত্যকায়। অথচ রহস্যজনক ভাবে দক্ষিণ করিমগঞ্জ বিধানসভা এলাকার বিনোদিনীপুঞ্জির জালালপুরে এমই মাদ্রাসার ৫৩ ভুয়ো জন সুবিধাভোগীদের মধ্যে ১০৮৫ ক্রমিক নম্বরে নাম রয়েছে পার্সি ধর্মাবলম্বী আদিতা সরকারের ছেলে সুমন সরকারের। সরকার অনুমোদিত সুবিধাভোগীদের তালিকার তথ্য মতে, সুমন সরকারের ধর্মীয় পরিচয়ের সানে পার্সি ধর্মাবলম্বী বলেও উল্লেখ রয়েছে।

পাথারকান্দি শিক্ষাখণ্ডের অধিনস্ত জালালপুর এমই মাদ্রাসা পড়ুয়া আদিত্যা সরকারের ছেলে সুমন সরকার সহ মোট ৫৩ জন পড়ুয়া মাইনোরিটি স্কলারশিপের টাকা পেয়েছে। অথচ এই সকল পড়ুয়ার একজনও সংশ্লিষ্ট মাদ্রাসা বা এলাকার বাসিন্দা নয়। জেলার বহু অস্তিত্বহীন ভুয়ো স্কুল মাদ্রাসার ভুয়ো ছাত্রছাত্রীদের নামে মাইনোরিটি স্কলারশিপের বহু কোটি টাকা আত্মসাৎ করা হয়েছে।

কৃষক মুক্তি সংগ্রাম সমিতির করিমগঞ্জ জেলা কমিটির উপদেষ্টা জুনেদ আহমেদ ও জেলা সভাপতি ফজলে আলম সিদ্দেকি করিমগঞ্জ সদর থানা সহ নিলামবাজার ও বদরপুর থানায় মাইনোরিটি স্কলারশিপ কেলেঙ্কারির তদন্ত চেয়ে এফআইআর দায়ের করেছেন। দীর্ঘ দিন গড়ালেও করিমগঞ্জ পুলিশ প্রায় ১০০ কোটি টাকার কেলেঙ্কারির মামলার কোনও কিনারা করতে পারেনি। জেলার সচেতন মহল সহ কৃষক মুক্তির বিস্ফোরক অভিযোগ, জেলা পুলিশ প্রশাসন মামলারটির তদন্তে ইচ্ছাকৃত ভাবে বিলম্ব করছে। এই কেলেঙ্কারির সঙ্গে জড়িতদের মামলা থেকে পার পেয়ে যাওয়ার বিভিন্ন ফন্দি তৈরির সুযোগ করে দিচ্ছে পুলিশ। দাবি উঠছে, প্রয়োজনে অভিযুক্তদের বিচার বিভাগীয় হেফাজতে রেখে তদন্ত প্রক্রিয়া এগিয়ে নিয়ে যাওয়া হোক। জেলার মোট কতটি স্কুলের নামে কেলেঙ্কারি সংগঠিত হয়েছে, তা এখনও নিশ্চিত করতে পারেনি করিমগঞ্জ পুলিশ। এ নিয়ে জেলার সচেতন মহলে পুলিশের ভূমিকা নিয়ে তীব্র ক্ষোভ পুঞ্জিভূত হচ্ছে।

## প্রেমের জালে বন্দি করে শিলিগুড়ির পতিতালয়ে বিক্রি কিশোরীকে, গ্রেফতার ছয় সন্তানের বাবা

গোয়ালপাড়া (অসম), ৬ আগস্ট (হি.স.) : প্রেমের ফাঁদ পেতে কিশোরীকে পতিতালয়ে বিক্রি করার অপরাধে গ্রেফতার হয়েছে ছয় সন্তানের বাবা। ঘটনা নিম্ন অসমের গোয়ালপাড়া জেলায় সংঘটিত হয়েছে। অভিযুক্ত ব্যক্তিকে মহম্মদ সফিউর বলে পরিচয় পাওয়া গেছে।

পুলিশ সূত্রের খবর, গ্রামে তার প্রতিবেশী এক কিশোরীর সঙ্গে প্রথমে নানা কৌশলে, প্রলোভন দর্শিয়ে প্রেমের সম্পর্ক তৈরি করে অভিযুক্ত সফিউর। সম্পর্ক গভীর হলে কিশোরী সফিউরকে বিয়ের জন্য চাপ দিতে শুরু করে। পরবর্তীতে অভিযুক্ত মহম্মদ সফিউর কিশোরীকে বিয়ের স্বপ্ন দেখিয়ে পশ্চিমবঙ্গের কোচবিহার জেলায় নিয়ে যায়। সেখানে প্রথমে একটি হোটেলে রাত কাটানোর পর ওই ব্যক্তি কিশোরীকে শিলিগুড়ির পতিতালয়ে জনৈক মহিলা দালালের হাতে বিক্রি করে দেয়।

এদিকে কিশোরীর পরিবারের লোকজন তাকে না পেয়ে পুলিশে নিখোঁজ সংক্রান্ত অভিযোগ দায়ের করেন। পরিবারের লোকজনের অভিযোগের ভিত্তিতে পুলিশ সফিউরের সঙ্গে যোগাযোগ করে তাকে নিরন্তর জেরা চালায়। তার পরই আসল সত্য প্রকাশ্যে আসে। নাবালিকা কিশোরীটিকে সফিউর শিলিগুড়িতে এক মহিলার কাছে বিক্রি করে দেওয়ার কথা পুলিশের কাছে স্বীকার করে অভিযুক্ত সফিউর। তারপর পুলিশ প্রশাসন ওই মহিলাকে খুঁজে বের করে তার হেফাজত থেকে কিশোরীকেও উদ্ধার করেছে। এবার ওই কিশোরীকে তার পরিবারের সদস্যদের হাতে সমঝে দেওয়ার ব্যবস্থা করছে পুলিশ। এই ঘটনায় জড়িত নারী পাচারকারী চক্রের সঙ্গে আর কে কে জড়িত, তার সন্ধানে নেমেছে পুলিশ।

## বিশ্বমঞ্চে ভারতের কণ্ঠস্বর ছিলেন সুষমা স্বরাজ : প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ৬ আগস্ট (হি.স.): প্রাক্তন কেন্দ্রীয় বিদেশমন্ত্রী তথা প্রবীণ বিজেপি নেত্রী সুষমা স্বরাজের প্রথম মৃত্যু-বার্ষিকীতে শোকে ভেঙে পড়লেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শোকপ্রকাশ করে ভারাক্রান্ত মনে প্রধানমন্ত্রী টুইটারে লিখলেন, প্রথম পুণ্য তিথিতে সুষমা জিকে ভীষণ মনে পড়ছে।

বৃহস্পতিবার টুইটারে প্রধানমন্ত্রী লিখেছেন, প্রথম পুণ্য তিথিতে সুষমা জিকে ভীষণ মনে পড়ছে। তাঁর অকাল ও দুর্ভাগ্যজনক প্রয়াণ অনেককেই কাঁদিয়েছে। নিঃস্বার্থে দেশের সেবা করেছেন তিনি এবং বিশ্ব মঞ্চে ভারতের কণ্ঠস্বর ছিলেন। প্রসঙ্গত, ২০১৯ সালের ৬ আগস্ট, রাতে দিল্লির এইমস-এ শেষ নিঃশ্বাস ত্যাগ করেছিলেন সুষমা স্বরাজ। দীর্ঘ দিন ধরেই অসুস্থ ছিলেন সুষমা স্বরাজ। যে কারণে ওই বছরের লোকসভা নির্বাচনেও অংশ নেননি তিনি।

## হাইলাকান্দি জেলায় মোট করোনা-আক্রান্তের সংখ্যা ১,১৪১

হাইলাকান্দি (অসম), ৬ আগস্ট (হি.স.) : হাইলাকান্দি জেলায় নতুন ৪৩ জন কোভিড পজিটিভ পাওয়া গিয়েছে। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ১,১৪১ জনে। জেলা স্বাস্থ্য দফতরের জনৈক আধিকারিক বুধবারের তথ্য দিয়ে জানান আজ এখনও নতুন কোনও পজিটিভের খবর পাওয়া যায়নি।

আধিকারিকটি জানান, গতকাল যে ৪৩ জনের শরীরে কোভিড-১৯ পজিটিভ ধরা পড়েছে তার মধ্যে ৩৯ জনকে রেপিড অ্যান্টিজেন টেস্টের মাধ্যমে শনাক্ত করা হয়েছে। হাইলাকান্দিতে এখন পর্যন্ত মোট ৩০৬ জনকে রেপিড অ্যান্টিজেন টেস্টের মাধ্যমে করোনায় সংক্রমিত বলে শনাক্ত করা হয়েছে। গতকাল জেলার বিভিন্ন হাসপাতাল থেকে ২১ জনকে ছুটি দেওয়া হয়েছে। তাঁদের নিয়ে জেলায় মোট ৮৬৭ জনকে সুস্থ বলে ডিসচার্জ করা হল। বর্তমানে হাইলাকান্দি জেলায় ২৬৬ জন সক্রিয় রোগী রয়েছেন।

তিনি জানান, এঁদের মধ্যে ৩৫ জন হাইলাকান্দি শহরে অবস্থিত এসকে রায় সিভিল হাসপাতালে, ১৮ জন শিলচর মেডিক্যাল কলেজ হাসপাতালে, পাঁচ জন এইচপিসি মডেল হাসপাতালে, ৪২ জন আলগাপুর মডেল কোভিড হাসপাতালে এবং ৮৮ জন আদর্শ বিদ্যালয় কোভিড কেয়ার সেন্টারে, ৪৭ জন মডেল স্কুল গার্ল হস্টেলের কোভিড কেয়ার সেন্টারে এবং ২৮ জন জেএনভি কোভিড কেয়ার সেন্টারে চিকিৎসাধীন রয়েছেন।

জেলায় ১৫,২৯০ জনের সোয়াব নেওয়া হয়েছে। এর মধ্যে ১৩,২৭৯ জনের নেগেটিভ রেজাল্ট এসেছে। ২৯৬ জনের রেজাল্ট এখনও আসেনি। জেলার মাত্র ২৬ জন জেলার ফেসিলিটি কোয়ারেন্টাইন সেন্টার এবং ৬,৪২২ জন হোম কোয়ারেন্টাইনে রয়েছেন। হাইলাকান্দি জেলায় যাতে অধিক সংখ্যক মানুষ নিজেদের সোয়াব পরীক্ষা করান এর জন্য জেলা প্রশাসনের তরফ থেকে ১৯টি সোয়াব কালেকশন সেন্টার খোলা হয়েছে। জনসাধারণের প্রতি আবেদন জানানো হয়েছে, তাঁরা যেন এ ব্যাপারে সহযোগিতা করেন।

## করোনা পজিটিভ তিন ব্যক্তির অবাধ বিচরণ, আতঙ্ক করিমগঞ্জের নিলামবাজারে

নিলামবাজার (অসম), ৬ আগস্ট (হি.স.) : বর্তমান পরিস্থিতিতে করোনা সংক্রমণকে কেন্দ্র করে জনমনে এমনিতেই ব্যাপক আতঙ্ক বিরাজ করছে। তাঁর উপর এ সম্পর্কে প্রশাসনিক উদাসীনতা জনগণকে অতিরিক্ত ভাবনায় ফেলেছে। করিমগঞ্জ জেলার নিলামবাজারের কালীবাড়ি এলাকায় তিন-তিনজন ব্যক্তির কোভিড পজিটিভ ধরা পড়েছে গত সোমবার। কিন্তু চারদিন অতিবাহিত হলেও কোনও ধরনের কোভিড প্রটোকল মানা হচ্ছে না এলাকায়। খোদ কোভিড পজিটিভ ব্যক্তি এবং তাঁদের পরিবারের সদস্যদের অবাধ বিচরণে রীতিমতো আতঙ্ক ছড়িয়েছে গোটা নিলামবাজার এলাকায়। প্রশাসনিক উদাসীনতার বিরুদ্ধেও সৃষ্টি হয়েছে তীব্র জনক্ষোভ।

আজ বৃহস্পতিবার, পজিটিভ রিপোর্ট বেরোনোর চারদিন অতিবাহিত হয়ে গেছে। অথচ এখন পর্যন্ত প্রশাসনিক তরফে কোনও ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়নি সংশ্লিষ্ট এলাকায়। কোভিড-১৯ প্রটোকল বলতে কোনও কিছুই মানা হচ্ছে না। ফলে গণ সংক্রমণের আশঙ্কায় আতঙ্কের সৃষ্টি হয়েছে কালীবাড়ি সহ গোটা নিলামবাজার এলাকায়। গত শুক্রবার কালীবাড়িতে সোয়াব সংগ্রহ করা হয়েছিল টেস্টের জন্য। সোমবার জেলা স্বাস্য বিভাগের তরফ থেকে তাঁদের যে রিপোর্ট প্রকাশ করা হয়েছে, ওই তালিকায় কোভিড পজিটিভ হিসাবে নাম রয়েছে কালীবাড়ির বাসিন্দা প্রণব দে ওরফে পিকলু (৪৯), জয়দীপ রায় ওরফে গোষ্ঠ (২৭) এবং সমীরণ কুমার দেব (৫৫)-এর। এই খবর লেখা পর্যন্ত এই তিন পজিটিভ রোগীকে কোভিড হাসপাতালে নিয়ে যাওয়া সহ পরিবারের সদস্যদের হোম কোয়ারেন্টাইন বা পজিটিভ ব্যক্তিদের বাড়ি সিল করা কোনও কিছুই করা হয়নি।

এছাড়া সরকারিভাবে স্যানিটাইজেশনের কোনও বন্দোবস্ত করা না হওয়ায় প্রশাসনের বিরুদ্ধে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। অভিযোগ, কোভিড পজিটিভ খোদ প্রণব দে নাকি অবাধে বাজার এলাকায় ঘোরাফেরা করছেন। এছাড়া অন্য দুই পজিটিভ ব্যক্তির পরিবারের সদস্যরাও নাকি অবাধে বিচরণ করছেন সর্বত্র। এতে গণ সংক্রমণের আশঙ্কার পাশাপাশি প্রশাসনের ভূমিকায় তীব্র জনক্ষোভের সৃষ্টি হয়েছে নিলামবাজারে।

## অসমে আরও এক কোভিড আক্রান্তের মৃত্যু, নিহতের সংখ্যা বেড়ে ১২২

গুয়াহাটি, ৬ আগস্ট (হি.স.) : গুয়াহাটি মেডিক্যাল কলেজ হাসপাতালে বৃহস্পতিবার আরও এক কোভিড-১৯ সংক্রমিত ব্যক্তির মৃত্যু হয়েছে। মৃত্যুবরণকারী ব্যক্তিকে ৫২ বছর বয়সি জনৈক ধীরেন কলিতা বলে পরিচয় পাওয়া গেছে। এ নিয়ে অসমে কোভিড-আক্রান্ত হয়ে নিহতের সংখ্যা ১২২-এ দাঁড়িয়েছে। মেডিক্যাল কলেজ হাসপাতালের এক সূত্রে এই দুঃসংবাদ পাওয়া গেলেও সরকারিভাবে এখনও বিস্তারিত কিছু জানানো হয়নি।

জানা গেছে, গত সোমবার পেট ব্যথার উপসর্গ দেখা দিলে প্রথমাবস্থায় ধীরেন কলিতাকে গুয়াহাটিতে অবস্থিত বেসরকারি হাসপাতাল নেমকেয়ারে নিয়ে ভরতি করা হয়েছিল। কিন্তু তাঁর নমুনা পরীক্ষায় তাঁকে কোভিড পজিটিভ হিসেবে শনাক্ত করা হয়। এর পর তাঁকে কোভিড চিকিৎসার জন্য বুধবার রাতে নেমকেয়ার থেকে গুয়াহাটি মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু চিকিৎসকদের সব চেষ্টা ব্যর্থ করে আজ সকালের দিকে শেষ নিশ্বাস ত্যাগ করেন ধীরেন কলিতা। কলিতার বাড়ি কামরীপ গ্রামীণ জেলার পুঠিমারিতে বলে জানা গেছে। এখানে উল্লেখ করা যেতে পারে, গতকাল বুধবার অসমের বিভিন্ন হাসপাতালে ছয় কোভিড রোগীর মৃত্যু হয়েছিল। গতকাল যাঁরা মৃত্যুবরণ করেছেন তাঁরা যথাক্রমে কামরূপ মহানগরের রমেশ চন্দ্র মেধি (৮১), ডিব্রুগড়ের রাম কুমার মাহাতো (৫৮) এবং তারিণীচরণ কলিতা (৬০)। এছাড়া তিনসুকিয়ার বাদল দেবনাথ (৫৬), কাছাড়ে কানু পাল (৫৬) ও দরঙের লালভানু খাতুন (৩৫)। বুধবার পর্যন্ত রাজ্যে করোনায় মৃত্যু হয়েছিল ১২১ জনের। এভাবে মঙ্গলবার পর্যন্ত ১১৫ জন মারা গেছেন। প্রসঙ্গত অসমে বুধবার মধ্যরাত পর্যন্ত কোভিড-১৯ সংক্রমিতের সংখ্যা বেড়ে হয়েছে ৫০,৪৪৫। পাশাপাশি সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছেন ৩৫, ৮৯২ জন এবং সক্রিয় রোগী রয়েছেন ১৪,৪২৯ জন।

## বিজেপিতে যোগ দিচ্ছেন করিমগঞ্জের জোড়বাড়ি-ডেফলআলার প্রাক্তন জিপি সভাপতি সাহাব

পাথারকান্দি (অসম), ৬ আগস্ট (হি.স.) : বিজেপির আদর্শে অনুপ্রাণিত হয়ে কংগ্রেসের সঙ্গ ছাড়ছেন করিমগঞ্জ জেলার অন্তর্গত পাথারকান্দি বিধানসভা নির্বাচন ক্ষেত্রের জোড়বাড়ি-ডেফলআলা গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন সভাপতি সাহাব উদ্দিন। খুব শীঘ্রই কম পক্ষে দেড় থেকে দু-হাজার কংগ্রেসি তথা তাঁর অনুগামী নিয়ে ভারতীয় জনতা পার্টিতে যোগদান করছেন। তাঁর এই সিদ্ধান্তের কথা নিজেই জানিয়েছেন স্থানীয় কংগ্রেস নেতা সাহাব।

পাথারকান্দিতে তাঁর নিজস্ব বাসভবনে সাহাব উদ্দিন তাঁর এই চূড়ান্ত সিদ্ধান্তের কথা প্রকাশ করে বলেন, কংগ্রেস আজ আর সেই কংগ্রেস নেই। কোনও নীতি-নিয়ম নেই। এই দলের নেতারা নোংরা রাজনীতি করেন। বলেন দীর্ঘদিন থেকে কংগ্রেসের ছত্রছায়ায় থেকে দলের একঘেয়েমি নীতিতে তিনি এবং দলীয় কর্মীরা অতিষ্ঠ হয়ে উঠে ছেন। কেন্দ্রে ও রাজ্যে বিজেপি নেতৃত্বাধীন সরকারের আদর্শের ভূয়সী প্রশংসা করে তিনি বলেন, কংগ্রেসিদের ভুল নীতির জন্য আগামীদিনে এই দলের অস্তিত্ব খুঁজে পাওয়া মুশকিল হয়ে যাবে। ছয়ের পাতায়

## চিনে এবার এসএফটিএস ভাইরাস : মৃত ৭, সংক্রামিত ৬০ জন

বেজিং, ৬আগস্ট (হি.স.): চিনে এসএফটিএস ভাইরাসে মৃত্যু হল ৭ জনের। সংক্রামিত হয়েছেন ৬০ জন। সরকারিভাবে এমনটাই নিশ্চিত করা হয়েছে। বিশেষজ্ঞরা জানিয়েছেন, বিশেষ এক ধরনের রক্তচোষা পোকার কামড় থেকে ছড়িয়ে পড়ছে ভাইরাসের সংক্রমণ।

জানা গিয়েছে, পূর্ব চিনের জিয়াংসু প্রদেশে এখনও পর্যন্ত ৩৭ জনের শরীরে এই এসএফটিএস ভাইরাসের উপস্থিতি শনাক্ত করা হয়েছে। এই ভাইরাসের যেসব উপসর্গ রয়েছে তার মধ্যে রয়েছে জ্বর, সর্দিকাশি, সেইসঙ্গে লিউকোসাইটের সংখ্যা হ্রাস। যাকে একসঙ্গে এসএফটিএস বলা হচ্ছে।

অন্যদিকে, পূর্ব চিনের আনহুই প্রদেশেও ২৩ জনের শরীরে এই ভাইরাসের উপস্থিতি লক্ষ্য করা গিয়েছে। এই ভাইরাস প্রাণঘাতী কিনা, তা নিয়ে এখনও পরীক্ষা চলছে।

চিনের ভাইরাস বিশেষজ্ঞরা জানাচ্ছেন, এসএফটিএস ভাইরাস আদতে নতুন ভাইরাস নয়। ২০১১ সালেই এই ভাইরাসের প্যাথোজেনকে পৃথক করা হয়। এটি বুনিযাভাইবাস-এব ক্যাটেগরিতে পড়ে। তবে, মানুষ থেকে মানুষের শরীরে সংক্রামিত হওয়ার আশঙ্কা একেবারে উড়িয়ে দিচ্ছেন না তাঁরা।

প্রসঙ্গত, করোনার আতুড়ঘর চিনের উহান থেকে ছড়িয়ে পড়া করোনা ভাইরাস গোটা বিশ্বব্যাপী মহামারির আকার নিয়েছে। দিন দিন বেড়েই চলেছে সংক্রামিত ও মৃতের সংখ্যা। এরমধ্যে ফের এই নতুন ভাইরাসের উৎপত্তি।

## ১০২ বছর বয়সে প্রয়াত বিশিষ্ট শিক্ষাবিদ ‘প্রফেসর এমিরিটাস’ অমরেশ দত্ত

গুয়াহাটি, ৬ আগস্ট (হি.স.) : চলে গেলেন বিশ্রুত অধ্যাপক ‘প্রফেসর এমিরিটাস’ ড় অমরেশ দত্ত। বৃহস্পতিবার সকালে ডিব্রুগড়ে তাঁর বাড়িতে ১০২ বছর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন প্রথিতযশা শিক্ষাবিদ দত্তের।

গুয়াহাটি বিশ্ববিদ্যালয়ের ইংরংজি বিভাগের অধ্যাপক ছিলেন ড় অমরেশ দত্ত। ২০১৮ সালে কৃষ্ণকান্ত সন্দিকৈ জাতীয় পুরস্কারে সম্মানিত ড দত্তের শেষকৃত্য রাজ্য মর্যাদায সম্পন্ন হবে বলে জানিয়েছে অসম সরকার। গুয়াহাটি বিশ্ববিদ্যালয়ের ইংরংজি বিভাগের অধ্যাপক ছিলেন ড় অমরেশ দত্ত। ২০১৮ সালে কৃষ্ণকান্ত সন্দিকৈ জাতীয় পুরস্কারে সম্মানিত ড দত্তের শেষকৃত্য রাজ্য মর্যাদায় সম্পন্ন হবে বলে জানিয়েছে অসম সরকার। বিশিষ্ট শিক্ষাবিদের প্রয়াণে গভীর শোক ব্যক্ত করেছেন মুখ্যমন্ত্রী সর্বানন্দ সনোয়াল। তিনি তাঁর শোকসন্তপ্ত পরিবার ও অনুরাগী মহলের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন।

প্রসঙ্গত, ১৯৫০ সালে মধ্যপ্রদেশ থেকে ক্যারিয়ার শুরু করেছিলেন প্রফেসর দত্ত। পরবর্তীতে গুয়াহাটি বিশ্ববিদ্যালয়ে বদলি হয়ে আসেন। গুয়াহাটি বিশ্ববিদ্যালয় তাঁকে ‘প্রফেসর এমেরিটাস’ সম্মানে ভূষিত করেছিল। ১৯৮০ সালে অবসর গ্রহণ করেন তিনি।

উল্লেখ্য, ‘প্রফেসর এমিরিটাস’ ড় অমরেশ দত্তের কবিতা সংকলন ক্যাপটিভ মোমেন্টস (১৯৫২)-এর জন্য ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব পয়েট্রির তরফ থেকে সাম্মানিক পুরস্কারে সম্মানিত হয়েছিল। ড় দত্তের রেখা কয়েকটি উল্লেখযোগ্য বই যথাক্রমে ক্যাপটিভ মোমেন্টস (কবিতা সংকলন), শেকসপিয়ারস টর্যাজিক ন্যাশান অ্যান্ড আর্ট, টাইমস হারভেস্ট, লটাস অ্যান্ড ক্রস।

এদিকে বিশ্রুত অধ্যাপক ‘প্রফেসর এমিরিটাস’ অমরেশ দত্তের জীবনাবসানের খবর পেয়ে শোক ব্যক্ত করেছেন কটন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক প্রশান্ত চক্রবর্তী। প্রশান্ত তাঁর ফেসবুক পেজে লিখেছেন, ‘ছাত্রজীবন থেকেই তাঁর নাম শুনে আসছি আমার মাস্টারমশাইদের মুখে। ডিব্রুগড়ে থাকতেন। জীবনে একবার তাঁর পা ছুঁয়ে প্রণামের খুব ইচ্ছে ছিল। সেই ইচ্ছে পূর্ণ হয়নি যদিও তিনি নিজে দয়া করে এই অভাজনকে তাঁর অযাচিত আশীর্বাদের রঙে রাঙিয়ে দিয়ে গেছেন।’

স্মৃতি রোমন্থন করে অধ্যাপক চক্রবর্তী লিখেছেন, ‘বছর চারেক আগের কথা। একদিন সায়ংকালে পাণ্ডু অ্যাকাউন্টস কলোনির গোলপার্ক বাজারে শাকসবজি কিনছি, হঠাৎ ফোন, আমি কি প্রশান্ত চক্রবর্তীর সাথে কথা বলছি? বললাম, বলছি। আপনি কে বলছেন? আমি অমরেশ দত্ত বলছি। ডিব্রুগড় থেকে।

মাই গড! আমার তো হাত-পা কাঁপছিল! সেই অমরেশ দত্ত, যাঁর নাম উচ্চারণে কানে হাত দিতে হয়, তিনি!! বললাম, স্যার প্রণাম। আমাকে ”তুমি” করে বলবেন।” হাসলেন।

বললেন, ’অনেক দিন ধরেই তোমার লেখা পড়ি। আজ লেখার নীচে ফোন নম্বর পেয়ে মনে হলো কথা বলি। তোমার কলমটি খুব শক্তিশালী আর গদ্যটা খুব মিষ্টি বাবা। গবেষকের স্বভাবটি বজায় রেখো। তথ্য ও সত্যই গবেষকের লক্ষণ। আর লেখাগুলোর একটা বই করো।’ এ রকম আরও কিছু উপদেশ পরামর্শ তিনি দিয়েছিলেন। আজ তাঁর মহাপ্রয়াণের পর শতাব্দীপ্রাচীন এই বনস্পতিকে আমার প্রণাম জানাই।’

## বারো সদস্য সহ শপথ নিলেন করিমগঞ্জ জেলা সংখ্যালঘু উন্নয়ন পর্ষদের নবনিযুক্ত চেয়ারম্যান ইকবাল

করিমগঞ্জ (অসম), ৬ আগস্ট (হি.স.) : করিমগঞ্জ জেলার পশ্চাদপদ সংখ্যালঘু সম্প্রদায়ের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য সরকারি প্রকল্পগুলো যাতে সঠিক ভাবে বাস্তবায়িত হয়, সে ব্যাপারে সচেষ্ট থাকাটাই হবে তাঁর কার্যকালের অগ্রাধিকার। বৃহস্পতিবার জেলা সংখ্যালঘু উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নিয়ে এই শপথ নিলেন ইকবাল হুসেন। জেলাশাসকের কনফারেন্স হল-এ ডিডিসি রঞ্জিত কুমার লস্কর জেলা সংখ্যালঘু উন্নয়ন পর্ষদের নবনিযুক্ত চেয়ারম্যান ইকবাল হুসেন সহ বোর্ডের অন্য ১৩ জন সদস্য-সদস্যাকে শপথবাক্য পাঠ করিয়েছেন।

পর্ষদের চেয়ারম্যান ইকবাল হুসেন শপথ নেওয়ার পর একে একে শপথ নেন বোর্ডের ভাইস চেয়ারপার্সন ফাতিমা বেগম, সদস্য রোশনা বেগম, আব্দুল কালাম, আব্দুল মুনিম, ইন্দ্রিয় চড়াই, নজমুল হুসেন, রাজিবুর রহমান, মনোয়ারা বেগম, আব্দুল রৌফ, আব্দুল লতিফ, সাবিরা ইয়াসমিন, কলিম আহমদ প্রমুখ। শপথ পাঠের অনুষ্ঠান সম্পন্ন হওয়ার পর জেলাশাসকের কার্যালয় প্রাঙ্গণে সাংবাদিকদের মুখোমুখি হয়ে নবনিযুক্ত চেয়ারম্যান ইকবাল হুসেন হুঙ্কার দিয়ে বলেন, মাইনোরিটি স্কলারশিপ কেলেঙ্কারির বিরুদ্ধে এখন কঠোর পদক্ষেপ নেওয়া হবে। জেলা বিজেপিও চাইছে এই কেলেঙ্কারির সঙ্গে জড়িতদের উপযুক্ত শাস্তি হোক।

এদিকে শপথ গ্রহণের পর নতুন বোর্ডকে শুভেচ্ছা জানিয়ে সংখ্যালঘুদের উন্নয়নে নিষ্ঠার সঙ্গে কাজ করে যাওয়ার পরামর্শ দেন এআইডিসির চেয়ারম্যান মিশন রঞ্জন দাস ও ছয়ের পাতায়



বৃহস্পতিবার উমাকান্ত একাডেমীর ইংরেজী মাধ্যমে কর্মকর্তারা সাংবাদিক সম্মেলনে মিলিত হন। ছবি- নিজস্ব।

# করোনা পজিটিভ তিন ব্যক্তির অবাধ বিচরণ, আতঙ্ক করিমগঞ্জের নিলামবাজারে

নিলামবাজার (অসম), ৬ আগস্ট (হি.স.) : বর্তমান পরিস্থিতিতে করোনা সংক্রমণকে কেন্দ্র করে জনমনে এমনিতেই ব্যাপক আতঙ্ক বিরাজ করছে। তাঁর উপর এ সম্পর্কে প্রশাসনিক উদাসীনতা জনগণকে অতিরিক্ত ভাবনায় ফেলেছে। করিমগঞ্জ জেলার নিলামবাজারের কালীবাড়ি এলাকায় তিন-তিনজন ব্যক্তির কোভিড পজিটিভ ধরা পড়েছে গত সোমবার। কিন্তু চারদিন অতিবাহিত হলেও কোনও ধরনের কোভিড প্রটোকল মানা হচ্ছে না এলাকায়। খোদ কোভিড পজিটিভ ব্যক্তি এবং তাঁদের পরিবারের সদস্যদের অবাধ বিচরণে রীতিমতো আতঙ্ক ছড়িয়েছে গোটা নিলামবাজার এলাকায়। প্রশাসনিক উদাসীনতার বিরুদ্ধেও সৃষ্টি হয়েছে তীব্র জনক্ষোভ।

আজ বৃহস্পতিবার, পজিটিভ রিপোর্ট বেরোনোর চারদিন অতিবাহিত হয়ে গেছে। অথচ এখন পর্যন্ত প্রশাসনিক তরফে কোনও ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়নি সংশ্লিষ্ট এলাকায়। কোভিড-১৯ প্রটোকল বলতে কোনও কিছুই মানা হচ্ছে না। ফলে গণ সংক্রমণের আশঙ্কায় আতঙ্কের সৃষ্টি হয়েছে কালীবাড়ি সহ গোটা নিলামবাজার এলাকায়। গত শুক্রবার কালীবাড়িতে সোয়াব সংগ্রহ করা হয়েছিল টেস্টের জন্য। সোমবার জেলা স্বাস্য বিভাগের তরফ থেকে তাঁদের যে রিপোর্ট প্রকাশ করা হয়েছে, ওই তালিকায় কোভিড পজিটিভ হিসাবে নাম রয়েছে কালীবাড়ির বাসিন্দা প্রণব দে ওরফে পিকলু (৪৯), জয়দীপ রায় ওরফে গোষ্ঠ (২৭) এবং সমীরণ কুমার দেব (৫৫)-এর। এই খবর লেখা পর্যন্ত এই তিন পজিটিভ রোগীকে কোভিড হাসপাতালে নিয়ে যাওয়া সহ পরিবারের সদস্যদের হোম কোয়ারেন্টাইন বা পজিটিভ ব্যক্তিদের বাড়ি সিল করা কোনও কিছুই করা হয়নি।

এছাড়া সরকারিভাবে স্যানিটাইজেশনের কোনও বন্দোবস্ত করা না হওয়ায় প্রশাসনের বিরুদ্ধে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। অভিযোগ, কোভিড পজিটিভ খোদ প্রণব দে নাকি অবাধে বাজার এলাকায় ঘোরাফেরা করছেন। এছাড়া অন্য দুই পজিটিভ ব্যক্তির পরিবারের সদস্যরাও নাকি অবাধে বিচরণ করছেন সর্বত্র। এতে গণ সংক্রমণের আশঙ্কার পাশাপাশি প্রশাসনের ভূমিকায় তীব্র জনক্ষোভের সৃষ্টি হয়েছে নিলামবাজারে।

## আগামীকাল থেকে আবহাওয়ার উন্নতি

কলকাতা, ৫ আগস্ট (হি. স.):বৃহস্পতিবার থেকে বাংলার দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ কমলেও, আবার সপ্তাহ শেষে বৃষ্টির পরিমাণ বাড়ার সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে হাওয়া অফিস।কলকাতায় মুলত মেঘলা আকাশ থাকার আশঙ্কা করছে আবহাওয়াবিদরা। আজও দক্ষিণবঙ্গের কিছু জেলায় ভারী বৃষ্টি। পশ্চিমের জেলাগুলিতে ভারী বৃষ্টি হতে পারে। বাঁকুড়া ঝাড়গ্রাম পশ্চিম মেদিনীপুর পুরুলিয়াতে দু-এক পশলা ভারী বৃষ্টির সম্ভাবনা। কলকাতাসহ দক্ষিণবঙ্গে মেঘলা আকাশ। বৃষ্টির পরিমাণ কমবে। আগামীকাল থেকে আবহাওয়ার উন্নতি হবে।

উত্তরের জেলাগুলিতে প্রবল বর্ষণের পর কয়েকদিন দক্ষিণে স্থায়ী হয়েছিল মৌসুমি বায়ু। সেই সঙ্গে জুটেছিল বঙ্গোপসাগরীয় নিম্নচাপ। এই দুইয়ের মিশ্রণে বর্ষা বেশকিছু স্থায়ী হয়েছিল দক্ষিণবঙ্গে। তবে বর্তমানে এই বঙ্গোপসাগরীয় নিম্নচাপ ক্রমশ পশ্চিমের দিকে এগোচ্ছে। যার ফলে এবার দক্ষিণবঙ্গে কমবে বৃষ্টির পরিমাণ। শনি ও রবিবার উত্তরবঙ্গে বৃষ্টিপাতের সম্ভাবনা। দার্জিলিং কালিম্পং আলিপুরদুয়ার কোচবিহার জলপাইগুড়ি এই পাঁচ জেলায় দু-এক পশলা ভারী বৃষ্টির সম্ভাবনা। সোমবার দক্ষিণবঙ্গের দুই মেদিনীপুর ও ঝাড়গ্রামে বৃষ্টির পূর্বাভাস।


বৃহস্পতিবার কলকাতায় মেঘলা আকাশ। বাতাসে জলীয় বাষ্প বেশি থাকায় আদ্রতাজনিত অস্বস্তি। সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৫ ডিগ্রী। সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রির আশেপাশে। বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ ৯২থেকে ৯৭ শতাংশ। গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ৩৭.৪ মিমি।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল :** জিবি : ২৩৫-৫৮৮৮ আইজিএম : ২৩২-৫৬০৬, টি এম সি : ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক :** জিবি : ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), আইজিএম: ২৩২-৫৭৩৬, আই এল এস : ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# কোভিড-১৯ পরীক্ষায় দেশে তৃতীয় স্থানে ত্রিপুরা, শীর্ষে গোয়া

**আগরতলা, ৬ আগস্ট (হি.স.)।।** সারা দেশে কোভিড-১৯ নমুনা পরীক্ষায় ত্রিপুরা তৃতীয় স্থানে রয়েছে। রাজ্যে জাতীয় গড়ের তুলনায় অনেক বেশি পরীক্ষা হচ্ছে। তবে, শীর্ষে রয়েছে গোয়া, তার পরেই স্থান দিল্লির।

সম্প্রতি কেন্দ্রীয় স্বাস্থ্যসচিব নয়াদিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে বলেছেন, ২৪ ঘন্টায় দেশে ৬ লক্ষ ৬০ হাজার কোভিড-১৯ পরীক্ষা হয়েছে। তাতে জাতীয় গড় হিসেবে প্রতি লাখে ১৫,১১৯টি নমুনা পরীক্ষা হয়েছে। তবে, ২৪টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল জাতীয় গড়ের তুলনায় অনেক বেশি নমুনা পরীক্ষা করেছে। তিনি বলেন, এক্ষেত্রে সারা দেশে গোয়া নমুনা পরীক্ষায় শীর্ষ স্থানে রয়েছে। ওই রাজ্যে প্রতি লাখে ৮৪,০০০ নমুনা পরীক্ষা হয়েছে। তার পরেই রয়েছে দিল্লি ৫৭,০০০ এবং ত্রিপুরায় ৪০,০০০ নমুনা পরীক্ষা হয়েছে। তাঁর কথায়, জম্মু ও কাশ্মীর ৩৮,০০০ এবং তামিলনাড়ু ৩৫,০০০ নমুনা পরীক্ষায় যথেষ্ট ভালো কাজ করেছে। সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় সচিবের দেওয়া তথ্য টুইটারে পোস্ট দিয়ে ত্রিপুরার মুখ্যমন্ত্রী বলেন, প্রত্যেককে সুরক্ষিত রাখার জন্য সর্বাধিক কোভিড-১৯ পরীক্ষা করা হচ্ছে। প্রতি লাখে নমুনা পরীক্ষায় অন্য রাজ্যের তুলনায় ত্রিপুরা তৃতীয় স্থানে রয়েছে। তাই তিনি স্বাস্থ্য কর্মীদের নিরলস পরিশ্রমে কোভিড-১৯ পরিস্থিতিতে উন্নতি হওয়ায় ধন্যবাদ জানিয়েছেন।

# মাধবাড়িতে দূর্ঘটনায় আহত দু’জন জ্বলল ডিআই গাড়ি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ আগস্ট।।** বৃহস্পতিবার টিআর ০১এজি-১৭৯৫ নাম্বারের একটি চোরাই কাঠের লক বোঝাই গারি পশ্চিম রাধাপুর থেকে খুমুলুঙ হয়ে রানীরবাজার মোহনপুর যাচ্ছিল। অপর দিক থেকে যাচ্ছিল টিআর-০১এক্স৬২৭২ নাম্বারের বাইক। খুমুলুঙ ইয়াকলি স্কুলের সামনে চোরাই কাঠের লক বোঝাই গাড়ীটির সঙ্গে বাইকের সংঘর্ষ বাঁধে। এই ঘটনায় গুরুতর আহত হয় বাইকে থাকা দুজন। কিন্তু গাড়িতে চোরাই কাঠ থাকায় গারিটি ঘটনাস্থলে না দাঁড়িয়ে পালিয়ে যায়। তবে দুর্ঘটনার ফলে গাড়ির মধ্যে আটক থাকে বাইকটি। দীর্ঘ রাস্তা বাইক গাড়ির সঙ্গে হেঁচড়ে আসে। এই ঘটনার পর পিছু ধাওয়া হয়ে স্থানীয় বাসিন্দারা। গাড়ীটি মাধব বাড়ি আশা মাত্রই আগুন লেগে যায়। গোটা ঘটনায় এলাকায় উত্তেজনা দেখা দেয়। গাড়ি থেকে পালিয়ে যাওয়ার সময় গাড়ির চালক ও এক শ্রমিককে আটক করে স্থানীয় জনতা। ঘটনার খবর পেয়ে ছুটে আসে এস ডি পি ও সহ রানীরবাজার থানার পুলিশ। উত্তম মধ্যম দিয়ে পুলিশের হাতে তুলে দেওয়া হয় গাড়ি চালক শান্তমনি দেববর্মা ও শান্ত দেবনাথকে। এদিকে এই ঘটনায় বাইকে থাকা দুই আরোহী লংজাংদুই কাইপেং এবং সম্পাংনাগ কাইপেংকে জিবি হাসপাতালে স্থানান্তর করা হয়। পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি স্বাভাবিক হয়।

## অসচেতনতাই শহরে বাড়াচ্ছে সংক্রমণ, উদ্বিগ্ন ফিরহাদ

কলকাতা, ৬আগস্ট(হি. স.): করোনা সংক্রমিত হলেও অনেকেই পরীক্ষা করাচ্ছেন না এক ঘরে হওয়ার ভয়ে। আর এতেই ছড়াচ্ছে সংক্রমণ। যা ক্রমশই উদ্বেগ বাড়াচ্ছে। এদিকে অনেকেই হোম আইসোলেশনে থাকলেও মানছেন না স্বাস্থ্য বিধি। এতেই উদ্বেগ প্রকাশ করেছেন কলকাতা পুরসভার মুখ্য প্রশাসক ফিরহাদ হাকিম। বিশেষজ্ঞ থেকে চিকিৎসক সকলেই একযোগে জানিয়েছেন এই মারণ ভাইরাসকে পরাজিত করার একমাত্র পন্থা সচেতনতা অবলম্বন করা। কিন্তু শহরে দেখা যাচ্ছে হোম আইসোলেশনের রোগীর বর্জ্য হলুদ প্যাকেটে করে নির্দিষ্ট গাড়িতে ফেলা হচ্ছে না বলে অভিযোগ উঠছে। এতেই উদ্বেগ প্রকাশ করেছেন কলকাতা পুরসভার মুখ্য প্রশাসক ফিরহাদ হাকিম।

## শ্যামল চক্রবর্তী প্রয়ানে শোক প্রকাশ মুখ্যমন্ত্রীর

কলকাতা, ৬ আগস্ট (হি স): নিভে গেল বাতি। প্রয়াত বর্ষীয়ান সিপিএম নেতা শ্যামল চক্রবর্তী।বৃহস্পতিবার মৃত্যু হয় তাঁর সিপিএম নেতার মৃত্যুতে শোকবার্তা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের।

শোক প্রকাশ করে মুখ্যমন্ত্রী জানান, ”রাজ্যের প্রাক্তন পরিবহন মন্ত্রী তথা সিপিআই (এম) নেতা শ্যামল চক্রবর্তীর মৃত্যুতে আমি গভীর শোক প্রকাশ করছি। তিনি আজ কলকাতায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৭৮ বছর।শ্যামলবাবু সিটু-র রাজ্য সভাপতির দায়িত্ব পালন করেছিলেন। রাজ্যসভার সাংসদও নির্বাচিত হন। এছাড়া তিনি দলের কেন্দ্রীয় কমিটির সদস্য ছিলেন।তাঁর মৃত্যুতে রাজনৈতিক জগতের ক্ষতি হল।আমি শ্যামল চক্রবর্তীর পরিবার-পরিজন ও অনুরাগীদের আন্তরিক সমবেদনা জানাচ্ছি”।

উল্লেখ্য,৩০ জুলাই থেকে ফুসফুসের সংক্রমণ নিয়ে বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয় শ্যামল চক্রবর্তীকে। শ্যামল চক্রবর্তীকে ওই হাসপাতালের একটি পৃথক কেবিনে রাখা হয়েছিল। পরে, সিপিএম নেতার নমুনা পরীক্ষা করা হলে সেই রিপোর্ট আসে পজেটিভ। প্রথমে স্থিতিশীল থাকলেও পরে ১ আগস্ট তাঁকে ভেন্টিলেশনে রাখা হয়। হাসপাতাল সূত্রে জানা যায় ওষুধে সাড়া দিয়েছিলেন বর্ষিয়ান নেতা। কিন্তু শেষ রক্ষা হল না। বৃহস্পতিবার শারীরিক অবস্থার আরো অবনতি হওয়ায় শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন শ্যামল চক্রবর্তী। বেলা ১.৪৫ মিনিটে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।

## গৃহঋণ পাইয়ে দেওয়ার নামে প্রতারণা, পুলিশের জালে মূল পান্ডা সহ তিন

কলকাতা, ৬ আগস্ট ( হি স): ফের প্রতারণার অভিযোগ উঠল শহরে। গৃহঋণ পাইয়ে দেওয়ার নামে প্রতারণা। বিধান নগর পুলিশের জালে মূল পান্ডা সহ তিন।অভিযোগ উঠেছে, সরকারি কর্মীদের হোম লোন পাইয়ে দেওয়ার নাম করে প্রতারণা করা হয়েছে। আধার কার্ড ও অন্যান্য নথি নিয়ে ঋণের আবেদন করা হয়। এরপর রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ভুয়ো অ্যাকাউন্ট খুলে টাকা লোপাট হয়ে যাওয়ার অভিযোগ ওঠে। ঋণের কয়েক কোটি টাকা লোপাটের অভিযোগ। কিস্তির টাকা না পেয়ে ব্যাঙ্কের তরফে থানায় অভিযোগ। অবশেষে বিধাননগর পুলিশের জালে মূল পাণ্ডা-সহ ৩।

## চেয়ারম্যান ইকবাল

পাচের পাতার পর

বিশ্বরূপ ভট্টাচার্য। অন্যদিকে দলীয় নেতৃত্ব তাঁকে এমন গুরুদায়িত্ব অর্পণ করার জন্য মুখ্যমন্ত্রী সর্বানন্দ সনোয়াল, স্বাস্থ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা, প্রদেশ বিজেপি সভাপতি রঞ্জিতকুমার দাস, প্রদেশ সংখ্যালঘু উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান মমিনুল আওয়াল গরিয়ার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন ইকবাল। সেইসঙ্গে জেলা বিজেপি সভাপতি সুব্রত ভট্টাচার্য সহ জেলার দলীয় নেতৃত্বের প্রতিও গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করেন ইকবাল।

## জিপি সভাপতি সাহাব

পাচের পাতার পর

বর্তমান সময়ে কেন্দ্র ও রাজ্যে বিজেপি সরকারের জয় জয়কার সহ উন্নয়নের ধারা অব্যারহত রয়েছে। একই সাথে পাথারকান্দিতে বিধায়ক কৃষ্ণেন্দু পালের নেতৃত্বে উন্নয়নের গতি দ্রুত এগিয়ে যাচ্ছে। তাই তিনি খুব শীঘ্রই কংগ্রেসের ডুবন্ত নৌকা থেকে নেমে বিধায়ক কৃষ্ণেন্দু পালের হাত ধরে দলবল নিয়ে বিজেপিতে নাম লেখাবেন, জানান সাহাব উদ্দিন।

# শ্যামল চক্রবর্তীর প্রয়াণে শোকস্তব্ধ প্রদীপ ভট্টাচার্য

কলকাতা, ৬ আগস্ট (হি স): প্রয়াত বর্ষীয়ান সিপিএম নেতা শ্যামল চক্রবর্তী। করোনা আক্রান্ত হয়ে হাসপাতালে চিকিৎসারত ছিলেন নেতা। বৃহস্পতিবার মৃত্যু হয় তার। সিপিএম নেতার মৃত্যুতে শোকস্তব্ধ কংগ্রেস নেতা প্রদীপ ভট্টাচার্য।

শোক প্রকাশ করে প্রদীপবাবু জানান, ”শ্যামল চক্রবর্তী আমাদের ছেড়ে চলে গেছেন। বাংলার রাজনৈতিক অধ্যায় অনেক বড় শূন্যতা তৈরী হল। অনেক বড় ক্ষতি। শ্যামলবাবুর রাজনৈতিক চিন্তার সঙ্গে আমার অনেক চিন্তা ধারার পরিবর্তন থাকলেও তার কাছ থেকে যে আন্তরিকতা পেয়েছি তা ভোলার নয়। বিভিন্ন সময় তার সঙ্গে আমার কথা হয়েছে। তার মধ্যে এক নির্ভীক ক্ষমতার লড়াই ছিল। শ্যামলবাবুর পাশে থেকে শ্রমিক আন্দোলনে লড়েছি। উনি আমাদের মধ্যে নেই আমি ভাবতেই পারছি না। কি করে করোনা গ্রাসে উনি চলে গেলেন তা সত্যিই কল্পনা করতে পারছিনা”।

উল্লেখ্য,৩০ জুলাই থেকে ফুসফুসের সংক্রমণ নিয়ে বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয় শ্যামল চক্রবর্তীকে। শ্যামল চক্রবর্তীকে ওই হাসপাতালের একটি পৃথক কেবিনে রাখা হয়েছিল। পরে, সিপিএম নেতার নমুনা পরীক্ষা করা হলে সেই রিপোর্ট আসে পজেটিভ। প্রথমে স্থিতিশীল থাকলেও ১ আগস্ট তাঁকে ভেন্টিলেশনে রাখা হয়। হাসপাতাল সূত্রে জানা যায় ওষুধে সাড়া দিয়েছিলেন বর্ষিয়ান নেতা। কিন্তু শেষ রক্ষা হল না। বৃহস্পতিবার শারীরিক অবস্থার আরও অবনতি হওয়ায় শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন শ্যামল চক্রবর্তী। বেলা ১.৪৫ মিনিটে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।

## ততটাই পেটান, যতটা পিঠে সহ্য হয়, রাম আরাধনায় বাধা দেওয়ায় তোপ দিলীপ ঘোষের

কলকাতা,৬ আগস্ট (হি. স.): বুধবার অযোধ্যায় রাম মন্দিরের ভূমি পুজো হয়। আর সেই ভূমি পুজো উদযাপনে রাজ্যের বিভিন্ন জায়গায় পালিত হয় পুজো। কিন্তু অন্যদিকে গতকাল রাজ্য জুড়ে ছিল সাপ্তাহিক লকডাউন। ফলে বিভিন্ন জায়গায় পুজোর ক্ষেত্রে বাধা দেওয়ার অভিযোগ ওঠে। আর তারপরই বৃহস্পতিবার রাজারহাটের ‘ চায়ে পে চর্চা’ থেকে ”ততটাই পেটান, যতটা পিঠে সহ্য হয়,” নাম না করেই হুঁশিয়ারি রাজ্য বিজেপি সভাপতি দিলীপ ঘোষের।

এই প্রসঙ্গে রাজ্য বিজেপি সভাপতি বলেন, ” বাধা দেওয়া সত্ত্বেও পুজো করায় বিভিন্ন জায়গায় বিজেপি কর্মীদের মারধর করা হয়েছে। পুলিশ জোর করে তুলে নিয়ে গিয়েছে। কী রাজত্ব চলছে। অপরাধীরা ঘুরে বেড়াচ্ছে আর সাধারণ মানুষ রাম মন্দিরের পুজো উদযাপন করছে বলে তাঁদের আক্রমণ করা হচ্ছে। এরপরই আক্রমণাত্মক ভঙ্গিতে পুলিশকে ইঙ্গিত করে রাজ্য বিজেপির সভাপতি মন্তব্য করেন যে, পেটাতে থাকুন যতটা সহ্য হয়, লাল ডায়েরিতে সব লিখছি। ফিরিয়ে দেব। বাংলায় কংশের রাজত্ব শুরু হয়েছে। তুঘলকের রাজত্ব শুরু হয়েছে। ভাল কাজ করলে পুলিশ মারছে”।

## ডিলার

● প্রথম পাতার পর

না করা হয়। নাবালিকার বাবা ভয়-ভীতি উপেক্ষা করে বৃহস্পতিবার সকালে চাম্পাহাওর থানায় মামলা করে। চাম্পাহাওর থানার পুলিশ মামলা হাতে নিয়েই ময়দানে নেমে পড়ে। থানার ওসি পুলিশ বাহিনী নিয়ে বাবুল দেববর্মার বাড়িতে হানা দেয়। নিজ বাড়ি থেকে গ্রেফতার করে নিয়ে আসে বাবুল দেববর্মাকে।

## চিকিৎসক

● প্রথম পাতার পর

অভিযুক্তদের জামিন বাতিল করে দেন। এর সঙ্গে বেশকিছু নির্দেশ দেন।

ওই নির্দেশিকায় অভিযুক্তদের দুদিনের মধ্যে পুলিশের কাছে আত্মসমর্পণ করার জন্য আদেশ দেন বিচারপতি লোধ। আত্মসমর্পণ না করলে পুলিশকে তাঁদের গ্রেফতার করার জন্য নির্দেশ হয়েছে। পুলিশ যদি অভিযুক্তদের খুঁজে না পায় তা হলে নিম্ন আদালতকে অভিযুক্তদের বিরুদ্ধে জামিন অযোগ্য ধারায় গ্রেফতারি পরোয়ানা জারি করার জন্য বলা হয়েছে এবং অভিযুক্তদের সহসাই টিআই প্যারেডের নির্দেশ দিয়েছে ত্রিপুরা হাইকোর্ট।

আজ দুপুরে বিশ্বজিৎ দাস, রঞ্জিত সাহা, মিরন দাস এবং সহকারী সরকারি আইনজীবী কর্ণজিৎ দে এনসিসি থানায় পুলিশের কাছে আত্মসমর্পণ করেছেন। এসডিপিও প্রিয়া মাধুরী মজুমদার বলেন, ওই চার অভিযুক্তকে ফার্স্টক্লাস জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের আদালতে সোপর্দ করা হবে।

## প্রত্যাহার

● প্রথম পাতার পর

সহকারে দেখার দাবি জানান তিনি। আশা ব্যক্ত করেন অচল অবস্থার জট অচিরেই খুলে যাবে। প্রশাসনিক ভাবে সদিচ্ছা থাকলে কোভিডের বিরুদ্ধে লড়াই করতে তাদের মনোবল বারবে বলে জানান তিনি।

বৃহস্পতিবার মহাকরণে অতিরিক্ত মুখ্যসচিবের পৌরহিত্যে এই বৈঠক অনুষ্ঠিত হয়। এদিনের বৈঠকে আইএমএ, এটিজিডিএ এবং এজিএমসি-র ফাকাল্টি এসোসিয়েশনের প্রতিনিধি , এম এস জিবি ও স্বাস্থ্য অধিকর্তা অংশ নেন। এই বিষয় গুলি বিবেচনা করার আশ্বাস দেন অতিরিক্ত মুখ্যসচিব। শুক্রবার দুপুরে এই বিষয়ে তাদের বক্তব্য জানিয়ে দেওয়া হবে বলে আশ্বাস দেওয়া হয়।

## উদ্ধার

● প্রথম পাতার পর

ঘটনার খবর পেয়ে কল্যাণপুর থানার পুলিশ ছুটে এসে মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতাল মর্গে পাঠিয়েছে।

## বেড়ে ১৫৭,৯৩০

আটের পাতার পর

সংখ্যা প্রায় ১ লক্ষ ৫৭ হাজার ৯৩০-তে পৌঁছে গিয়েছে। বিগত ২৪ ঘন্টায় আমেরিকায় মৃত্যু হয়েছে ১,২৬২ জনের।

## রামালিঙ্গা রেড্ডি

আটের পাতার পর

ছিলেন এস রামালিঙ্গা রেড্ডি।

সম্প্রতি একটি বেসরকারি হাসপাতালে তাঁর হাঁটুর অস্ত্রোপচার হয়েছিল। তারপর তিনি অসুস্থ হয়ে পড়েন, সেই হাসপাতাল থেকে তাঁকে এশিয়ান ইনস্টিটিউট অফ গ্যাস্ট্রোএন্টারোলজিতে ভর্তি করা হয়েছিল। বৃহস্পতিবার ভোররাতের সেখানেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন তিনি।

## মনোজ সিনহা

আটের পাতার পর

থেকে জানানো হয়েছে, গিরিশ চন্দ্র মুর্মুর ইস্তফা গৃহীত হয়েছে। জম্মু ও কাশ্মীরের নতুন উপ-রাজ্যপাল নিযুক্ত করা হয়েছে মনোজ সিনহাকে।

১৯৫৯ সালের ১ জুলাই পূর্ব উত্তর প্রদেশের গাজিপুর জেলার মোহনপুরায় জন্মগ্রহণ করেছিলেন মনোজ সিনহা। ১৯৮২ সালে বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ের ছাত্র ইউনিয়নের সভাপতি নির্বাচিত হয়েছিলেন মনোজ সিনহা, তারপর থেকেই তাঁর রাজনৈতিক পথচলা শুরু। ১৯৯৬ সালে সর্বপ্রথম লোকসসভায় নির্বাচিত হয়েছিলেন তিনি। ১৯৮৯-১৯৯৬ সাল পর্যন্ত বিজেপির জাতীয় পরিষদের সদস্য ছিলেন মনোজ সিনহা।

# আইআইএমসি, উত্তর পূর্বাঞ্চল কেন্দ্রে সাংবাদিকতা পাঠ্যক্রমে ভর্তি শুরু

**আগরতলা, ৭ আগস্ট।।** ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ মাস কমিউনিকেশন(আই আই এম সি), আইজল স্থিত উত্তরপুর্বাঞ্চল কেন্দ্রে ইংরেজি সাংবাদিকতার স্নাতকোত্তর ডিপ্লোমার এই বছরের পাঠ্যক্রম শুরু হতে চলছে। এক বছরের এই পাঠ্যক্রমে ভর্তির আবেদন পত্র গ্রহনের বিজ্ঞপ্তি জারি হয়েছে বুধবার। করোনা মহামারী পরিস্থিতির বিচারে, এই বছর কোন প্রবেশিকা পরিক্ষা হচ্ছে না, স্নাতক স্তরের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভর্তি গ্রহন করা হবে। আগামী ২৮ আগষ্ট পর্যন্ত আবেদন গ্রহন চলবে। সাধারণ প্রার্থীদের জন্য ফি এক হাজার টাকা। অন্যান্য ক্ষেত্রে ৭৫০ টাকা। গোটা পাঠ্যক্রম দুটি সেমিস্টারে ভাগ করা। তবে এই বছরের করোনা মহামারী পরিস্থিতির নিরিখে প্রথম সেমিস্টারের পড়াশোনা অনলাইন পদ্ধতিতে হবে। আই আই এম সি উত্তর পূর্বাঞ্চল কেন্দ্রটি বর্তমানে আইজল স্থিত মিজোরাম বিশ্ববিদ্যালয় চত্তরে রয়েছে। ২০১১ সালে আই আই এম সি’’র এই উত্তর পূর্বাঞ্চল কেন্দ্রটি শুরু হয়।

## জুমিয়া পরিবারের কৃতি সন্তান নমিতা

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ৭ আগস্ট।।** জুমিয়া পরিবারের কৃতি সন্তান নমিতা ত্রিপুরাকে তার চোখ ধাঁধানো সাফল্যের জন্য অভিনন্দন জানাতে বিধায়ক শংকর রায় বিলোনিয়া গার্লস স্কুলে আসেন। দারিদ্রতার সঙ্গে লড়াই করে আসো নমিতা ত্রিপুরার কে ভবিষ্যতে পড়ার যাবতীয় সাহায্যের প্রতিশ্রুতি দেন। নমিতা ত্রিপুরা এবছর উচ্চ মাধ্যমিকে চারটি বিষয়ে লেটার মার্ক সহ ৮১ শতাংশের বেশি নম্বর পেয়ে প্রথম বিভাগে পাস করেন।

## পৃথক

● প্রথম পাতার পর

দেববর্মার অবস্থা সঙ্কটজনক। অপর আহত বাইক আরোহীর নাম হৃদয় দেববর্মা। বর্তমানে দুজন ওই হাসপাতালে চিকিৎসাধীন। এ ব্যাপারে পুলিশ একটি মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে। পুলিশ জানিয়েছে বাইকটির নম্বর বিহীন। দুর্ঘটনার পরপরই লরি চালক পালিয়ে যেতে সক্ষম হয়েছে। বাইক এবং লরি উদ্ধার করে থানায় নিয়ে গেছে সিধাই থানার পুলিশ। এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত অব্যাহত রেখেছে পুলিশ। প্রাথমিকভাবে জানা গেছে লরি চালক এর অসাবধানতার কারণেই এই ভয়াবহ দুর্ঘটনাটি ঘটেছে।

এদিকে দক্ষিণ ত্রিপুরা জেলার সাবরুম থানা এলাকার সাতচান ব্লকের জলেফাতে বাইক দুর্ঘটনায় এক যুবক গুরুতর ভাবে আহত হয়েছে। দুর্ঘটনার খবর পেয়ে দমকল বাহিনীর জওয়ানরা ঘটনাস্থলে ছুটে এসে আহত বাইক চালককে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। বর্তমানে তার চিকিৎসা চলছে। আহত বাইক চালক এর অবস্থা সঙ্কটজনক বলে হাসপাতাল সূত্রে জানা গেছে। তবে এখনো পর্যন্ত বাইক চালক এর নাম ধাম ঠিকানা কিছুই পাওয়া যায়নি। পুলিশ এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে। উল্লেখ্য রাজ্যের বিভিন্ন স্থানে প্রতিদিন পথদুর্ঘটনা ক্রমাগত বৃদ্ধি পেয়েছে। এর ফলে বাড়ি থেকে পরিবারের কোনো সদস্য বাড়ি থেকে বের হলে পুনরায় বাড়িতে ফিরে না আসা পর্যন্ত পরিবারের সদস্যরা নিশ্চিত হতে পারছেন না। পথদুর্ঘটনা রীতিমতো আতঙ্কের বিষয় হয়ে উঠেছে। প্রশাসন দুর্ঘটনা মোকাবেলায় বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করল পরিস্থিতির মোকাবেলা করা কঠিন হয়ে উঠেছে।

## ১০৩২৩

● প্রথম পাতার পর

বছরের ৩১ মার্চ ওই সকল শিক্ষকের চাকরির মেয়াদ সমাপ্ত হয়ে গেছে।

সম্প্রতি সুপ্রিমকোর্টে পুনরায় একাধিক মামলা হয। সুপ্রিমকোর্ট চাকরিচ্যুতদের বিকল্প কর্মসংস্থানের প্রশ্নে ত্রিপুরা সরকারের কাছে হলফনামা চেয়েছিল। ত্রিপুরা সরকার হলফনামা দিয়ে বিকল্প কর্মসংস্থানের ক্ষেত্রে বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে জানিয়েছে। তাতে বিজ্ঞাপন ছাড়া নিয়োগের অনুমতি চাওয়া হয়েছিল। কিন্তু সুপ্রিমকোর্ট রায়ে সাফ বলেছে, সমস্ত নিয়ম মেনে নিয়োগ করা যাবে। তাছাড়া, চাকরিচ্যুত শিক্ষকদের ৩১ মার্চ ২০২৩ পর্যন্ত নিয়োগ প্রক্রিয়া মেনে শিক্ষক পদে নিয়োগে অনুমতি দিয়েছে। এক্ষেত্রে যাঁরা অকৃতকার্য হবেন তাদের গ্রুপ-সি কিংবা গ্রুপ-ডি পদে বিকল্প কর্মসংস্থান পদনমন বলে বিবেচিত হবে না।

## মৃত্যুবরণ

● প্রথম পাতার পর

শারীরিক সমস্যা হচ্ছে। তিনি বলেন, মাতৃগর্ভেই সন্তানের মৃত্যু হয়েছে বলে চিকিৎসকরা দ্রুত আমাদের ইমফল নিয়ে যাওয়ার জন্য পরামর্শ দেন।

রোশান বলেন, চিকিৎসকদের পরামর্শ মেনে স্ত্রী-কে নিয়ে সঙ্গে সঙ্গে ইমফলের উদ্দেশ্যে রওয়ানা দেন। কিন্তু সারা রাত হাসপাতালের দরজায় দরজায় ঘুরেও স্ত্রীকে বাঁচাতে পারেননি। তিনি বলেন, পাঁচটি হাসপাতাল আমার স্ত্রীকে ভরতি করেনি। ভোর চারটা নাগাদ ইমফলের সিজা হাসপাতালের বাইরে তাঁর স্ত্রী শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি আক্ষেপ করে বলেন, জওহরলাল নেহরু ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্স (জেএনআইএমএস) হাসপাতালও ভরতি করেনি। এই ঘটনায় মণিপুর জুড়ে তীব্র চাঞ্চল্য ও প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।

## ভূস্বর্গ

● প্রথম পাতার পর

মনে করেন।

মুখ্যমন্ত্রী বলেন, ধারা ৩৭০ বাতিলে জম্মু ও কাশ্মীরের উন্নয়নে ৮০ হাজার কোটি টাকা কেন্দ্র বরাদ্দ করেছে। কেন্দ্রের ওই আর্থিক সহায়তায় আইআইটি, আইআইএম, এবং এআইআইএম স্থাপনের সাথে জাতীয় সড়ক, বিদ্যুৎ উৎপাদন এবং সেচ প্রকল্পের উন্নয়ন সম্ভব হবে। তাঁর দাবি, জম্মু ও কাশ্মীর এবং লাদাখে পর্যটনের বিকাশে স্বদেশ দর্শন এবং প্রসাদ প্রকল্পে ৫৯৪ কোটি টাকার সাতটি প্রকল্পের অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় সরকার।

এদিন মুখ্যমন্ত্রী আরও বলেন, ধারা ৩৭০ বাতিল হওয়ায় জম্মু ও কাশ্মীরে ছয়টি সুকৌশলি সেতু উদ্বোধন হয়েছে। আন্তর্জাতিক সীমান্ত এবং নিয়ন্ত্রণরেখার সাথে উন্নত যোগাযোগ স্থাপনে রেকর্ড সময়ের মধ্যে ওই সেতুগুলির নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। সাথে তিনি যোগ করেন, এখন ভূস্বর্গে কৃষিজাত বাণিজ্য বৃদ্ধি হয়েছে। যা অতীতে কখনও দেখা যায়নি। তাঁর দাবি, ২০১৯-২০ অর্থবর্ষের জানুয়ারি পর্যন্ত ১৮.৩৪ এমটি তাজা আপেল রফতনি হয়েছে। এদিন ত্রিপুরার মুখ্যমন্ত্রীর একাধিক টুইটে স্পষ্ট, এক বছর পূর্বে আজকের দিনে ভূস্বর্গে নতুন সূর্যোদয় হয়েছে। দেশ এক ও অভিন্ন তার প্রাতিষ্ঠানিক রূপ পেয়েছে।

## চাঞ্চল্য

● প্রথম পাতার পর

চুরি করার চক্রান্তে লিপ্ত হয়েছিল। কিন্তু তাদের সেই চক্রান্ত ব্যর্থ হয়েছে। বনদস্যুদের সন্ধানে বনকর্মী এবং পুলিশের তৎপরতা অব্যাহত রয়েছে। স্থানীয় সূত্রে জানা যায় গভীর রাতে গুলির আওয়াজে ওই এলাকার জনমনে তীব্র আতঙ্কের সৃষ্টি হয়। অনেকেই ঘর থেকে বেরিয়ে পড়েন। বনদস্যুদের খুঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে স্থানীয় জনগণ দাবি জানিয়েছেন। উল্লেখ্য ১৮ মুরা পাহাড়ে হাতির খাদ্যাভাব দেখা দিলে প্রতি বছরই এই মৌসুমে হাতির দল সমতল এলাকায় নেমে আসে খাবারের সন্ধানে। সেই সুযোগকে কাজে লাগিয়ে বনদস্যুরা হাতিকে গুলি করে হত্যা করে হাতির দাঁত চুরি করার চক্রান্তে লিপ্ত হচ্ছে।

## নাবালকের

● প্রথম পাতার পর

গাছে বিদ্যুত সংযোগ দিয়ে রাখা হয়েছে তা এখনো স্পষ্ট নয়।তবে মনুবাজার থানার পুলিশ ঘটনাস্থলে ছুটে গেছে। মৃত বালকের দেহ হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। এই ঘটনায় বাকরুদ্ধ ও শোকে পাথর গোটা গ্রাম।

# াঙ্গন

## অনির্দিষ্টকালের জন্য পিছিল আইপিএল, জানিয়ে দিল বিসিসিআই

নয়াদিল্লি, ১৫ এপ্রিল (হি. স.) : করোনার বর্তমান পরিস্থিতি দেখে অনির্দিষ্টকালের জন্য আইপিএল পিছিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিলভারতীয় ক্রিকেট কন্টোল বোর্ড। বুধবার সকালে আইপিএলের ফ্র্যাঞ্চাইজিদের জানানো হয়েছে, লকডাউনের মেয়াদ বাড়ানোর পর আইপিএল করাতে হলে তা গরমের মধ্যে করাতে হবে যেটা সম্ভব নয়। সে কারণেই অনির্দিষ্টকালের জন্য পিছিয়ে দেয়া হচ্ছে আইপিএল। পরবর্তীতে পরিস্থিতি স্বাভাবিক হলে নতুন করে সিদ্ধান্ত নেওয়া হবে।

মঙ্গলবার সন্ধ্যায় বোর্ডের শীর্ষকর্তারা বৈঠকে বসেছিলেন। বোর্ড প্রেসিডেন্ট সৌরভ গঙ্গোপাধ্যায়, সচিব জয় শাহ, আইপিএল চেয়ারম্যান ব্রিজেশ পটেল, বোর্ডের কোষাধ্যক্ষ অরুণ ধুমল এবং আইপিএলের চিফ অপারেটিং অফিসার হেমাঙ্গ আমিন বৈঠকে ছিলেন। ওই বৈঠকেই অনির্দিষ্টকালের জন্য আইপিএল পিছিয়ে দেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত হয়। এদিন সকালে বোর্ড ফ্র্যাঞ্চাইজিগুলোকে এই সিদ্ধান্তের কথা জানিয়ে দেয়। প্রসঙ্গত, ১৫ এপ্রিল থেকে চলতি বছরের ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ শুরু হওয়ার কথা ছিল।

## ‘ক্রিকেটারদের চার্টার্ড ফ্লাইটে এনে হলেও বিশ্বকাপ হোক’

করোনাভাইরাসের প্রভাবে একের পর এক সিরিজ ও টুর্নামেন্ট স্থগিত বা বাতিল হয়ে যাচ্ছে। শঙ্কা জেগেছে অস্ট্রেলিয়ায় হতে যাওয়া টি-টোয়েন্টি বিশ্বকাপ নিয়েও। তবে টুর্নামেন্ট স্থগিত বা বাতিলের পক্ষে নন ব্র্যাড হগ। সূচি অনুযায়ী টুর্নামেন্ট শুরুর জন্য প্রয়োজনে এক মাস আগে বিশেষ বিমানে সব দলকে অস্ট্রেলিয়া নিয়ে যাওয়ার পরামর্শ দিয়েছেন সাবেক অস্ট্রেলিয়ান স্পিনার।

বিশ্বজুড়ে ছড়িয়ে পড়া করোনাভাইরাসের কারণে বিপর্যস্ত হয়ে পড়েছে জনজীবন। প্রতিদিন বাড়ছে আক্রান্তের সংখ্যা, বাড়ছে মৃত্যু। অনেক দেশই অন্যান্য দেশের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন করে দিয়েছে। এমন পরিস্থিতিতে আগামী অক্টোবর-নভেম্বরে হতে যাওয়া টি-টোয়েন্টি বিশ্বকাপ নিয়েও শঙ্কা বাড়ছে।

তবে হগ মনে করেন, আয়োজকরা কিছু সিদ্ধান্ত নিলে ঠিক সময়েই টুর্নামেন্ট মাঠে গড়ানো সম্ভব। টুইটারে এক ভিডিও বার্তায় ৪৯ বছর বয়সী সাবেক অস্ট্রেলিয়ান স্পিনার তার ভাবনার ব্যাখ্যাও দিয়েছেন।

“অস্ট্রেলিয়ায় টি-টোয়েন্টি বিশ্বকাপ বাতিল বা পরিবর্তিত সূচিতে হতে পারে, এমন অনেক কথাই বলা হচ্ছে। আমি এমনটি চাই না...। তবে কিছু বিষয় আছে, যেগুলো নিয়ে আমরা কথা বলতে পারি।”

“অনেক খেলোয়াড় এখন লকডাউনে রয়েছে। তারা বাইরে যেতে পারছে না, বিশ্বকাপের মতো টুর্নামেন্টের জন্য অনুশীলন করতে, প্রস্তুতি নিতে পারছে না। যে সময়ে তাদের এখানে (অস্ট্রেলিয়ায়) আনার কথা, প্রয়োজনে তার চেয়ে এক মাস বা দেড় মাস আগে এখানে নিয়ে আসা যেতে পারে।”

বিশ্বজুড়ে বিমান যোগাযোগ সীমিত হয়ে এসেছে অনেক। বিশ্বকাপের আগেও যদি যোগাযোগ স্বাভাবিক না হয়, চার্টার্ড ফ্লাইটে দলগুলোকে অস্ট্রেলিয়া নিয়ে যাওয়ার পরামর্শ হগের। তার আগে সবার করোনাভাইরাস পরীক্ষাও করানো হোক, বলছেন জনপ্রিয় এই ধারাভাষ্যকার।

“এই মুহূর্তে কোনো বাণিজ্যিক ফ্লাইট নেই। আমাদের তাই চার্টার্ড ফ্লাইট ব্যবহার করতে হবে...। তার আগে যারা এসব ফ্লাইটে উঠবে, তাদের সবার করোনাভাইরাস পরীক্ষা করে নিতে হবে।”

“অস্ট্রেলিয়া পৌঁছার পর তারা দুই সপ্তাহের জন্য লকডাউনে থাকবে। দুই সপ্তাহের কোয়ারেন্টিনের মেয়াদ যখন শেষ হবে, তাদের আবারও পরীক্ষা করাতে হবে। যদি তারা পরীক্ষায় নেগেটিভ হয়, তাহলে তারা বাইরে যেতে, অনুশীলন করতে পারবে।”

ক্রিকেট মাঠে সামাজিক দূরত্ব বজায় রাখায় কোনো সমস্যা হবে বলে মনে করেন না হগ।

“সামাজিক দূরত্ব ক্রিকেটে কোনো সমস্যা নয়। কারণ মাঠে খেলোয়াড়রা সবসময়ই পরস্পর থেকে দেড় মিটারের বেশি দূরে থাকে। একমাত্র সমস্যা হতে পারে স্লিপ কর্ডনে। সেখানে একটা নিয়ম করা যেতে পারে, স্লিপ কর্ডনে পরস্পর থেকে দুই মিটার দূরত্বে দাঁড়াতে হবে।”

দর্শকদের কথা বিবেচনা করে টুর্নামেন্ট বাতিল করা ঠিক হবে না বলেই মনে করেন সাবেক অস্ট্রেলিয়ান স্পিনার।

“টুর্নামেন্ট কেন বাতিল করা হবে? অনেক দর্শক আছে যারা ক্রিকেটের জন্য উদগ্রীব হয়ে আছে। তারা টিভিতে সরাসরি ক্রিকেট দেখতে চায়, সেরা ক্রিকেটারদের মাঠে দেখতে তাদের তর সইছে না।”

“আগামী বছর অক্টোবর-নভেম্বরে আরেকটি টি-টোয়েন্টি বিশ্বকাপ আছে ভারতে। এক বছরের কম সময়ের মধ্যে দুটি টি-টোয়েন্টি টুর্নামেন্ট কাম্য নয়, কারণ তা হবে অদ্ভুত, গ্রহণযোগ্যতাও থাকবে কম।”

## খেলেই শিরোপা জিততে চান বার্সা কোচ

নভেল করোনাভাইরাসের প্রকোপে এবারের লা লিগা মৌসুম ভেস্তে যাওয়ার শঙ্কা জেগেছে। তেমনটা হলে লিগ টেবিলের শীর্ষে থাকায় সেরার মুকুট পেতে পারে বার্সেলোনা। তবে মাঠে লড়াই করেই শিরোপা জিততে চান দলটির কোচ কিকে সেতিয়েন।

প্রাণঘাতী কোভিড-১৯ রোগের কারণে স্থগিত হয়ে আছে অধিকাংশ দেশের ক্রীড়াঙ্গন। ইতোমধ্যে অনেকগুলো আন্তর্জাতিক টুর্নামেন্ট পিছিয়ে গেছে। স্প্যানিশ লিগের ক্ষেত্রেও তেমনটা হলে কী হবে?

২ পয়েন্ট এগিয়ে শীর্ষে থাকায় হয়তো চ্যাম্পিয়ন ঘোষণা করা হবে বার্সেলোনাকে। ২৭ রাউন্ড শেষে বার্সেলোনার পয়েন্ট ৫৮, রিয়ালের ৫৬।

স্পেনের ‘টিভিথ্রি’-কে কাতালান ক্লাবটির কোচ জানান, এভাবে শিরোপা জিততে চান না তারা।

“আমি অবশ্যই খেলতে পছন্দ করব এবং খেলেই চ্যাম্পিয়ন হতে চাইব।”

“কিন্তু বাস্তবতা হলো, পরিস্থিতি একইরকম আছে এবং লিগ মৌসুমের সময় পার হয়ে যাচ্ছে। আমি জানি না, শিরোপার জন্য এটাই(বর্তমানে এগিয়ে থাকা) যথেষ্ট কিনা। আমি নিজেকে চ্যাম্পিয়ন হিসেবে ভাবতে চাচ্ছি না।”

বিশ্ববাসীর জন্য কঠিন এই সময়ে শুধু ফুটবল নিয়ে ভাবছেন না সেতিয়েন। সঙ্কটময় এই সময় দ্রুত কেটে যাবে, মানুষ আগের মতো স্বাভাবিক জীবনে ফিরবে-প্রত্যাশা ও প্রার্থনা স্প্যানিশ এই কোচের।

শেষ দিকে, লিগ শিরোপা লড়াইয়ে কিছুটা এগিয়ে থাকায় স্বস্তিও ফুটে উঠল সেতিয়েনের কণ্ঠে।

“যদি আমাদের না খেলেই মৌসুম শেষ করতে হয়যদি আমরা খেলতে পারি, তাহলে তো দারুণ। দেখা যাক, আমরা এগিয়ে থাকতে পারি কি-না।”

## করোনা ভাইরাস: সুস্থ রুগানি ও মাতুইদি

করোনাভাইরাসে আক্রান্ত হওয়া ইউভেন্তুসের দুই ফুটবলার ব্লেইস মাতুইদি ও দানিয়েলে রুগানি সেরে উঠেছেন।

ইতালিয়ান ক্লাবটি বুধবার এই দুই খেলোয়াড়ের সুস্থ হওয়ার বিষয়টি নিশ্চিত করেছে।

সেরি আর প্রথম খেলোয়াড় হিসেবে মার্চে কোভিড-১৯ রোগে আক্রান্ত হয়েছিলেন রুগানি। পরে দলটির দ্বিতীয় খেলোয়াড় হিসেবে আক্রান্ত হন মাতুইদি। দুই জনের কারোরই অবশ্য তখন কোনো উপসর্গ ছিল না।

সম্প্রতি দুই জনেরই দুবার করে পরীক্ষায় নেগেটিভ ফল এসেছে বলে বিবৃতিতে জানায় ইউভেন্তাস।

## আসিফই পিটারসেনের সেরা বোলার

ক্যারিয়ারটা খুব বেশি লম্বা হয়নি মোহাম্মদ আসিফের। আর সেটা হতে পারেনি তাঁর নিজের দোষেই। স্পট ফিক্সিংয়ে জড়িয়ে ২০১১ সালে সাত বছর নিষিদ্ধ হওয়ার আগে ২৩ টেস্টে নিয়েছেন ১০৬ উইকেট। গড় ২৪.৩৬! এই সাফল্যেই বলছে, অল্প সময়ের মধ্যেই বল হাতে দলের নির্ভরতা হয়ে ওঠার কথা।

কিন্তু তাঁকে বিশ্বমানের কোনো ব্যাটসম্যান তাঁর দেখা সেরা বোলার বলবেনএমনটা বোধ হয় খোদ আসিফও আশা করেন না। যা বললেন কেভিন পিটারসেন। দক্ষিণ আফ্রিকার বংশোদ্ভূত ইংলিশ এই ব্যাটসম্যানের চোখে পাকিস্তানের বাঁহাতি এই পেসারই তাঁর মুখোমুখি হওয়া সেরা বোলার।

আসিফকে সেরার স্বীকৃতি দিতে কেভিন পিটারসেন বেছে নিয়েছেন টুইটারকে। ৩৪ বছর বয়সী পাকিস্তানি এই পেসারকে নিয়ে গতকাল তিনি লিখেছেন, ‘আমি যেসব বোলারদের মুখোমুখি হয়েছি, তাদের মধ্যে মোহাম্মদ আসিফই সেরা।”টুইটারের সে পোস্টে একটা ভিডিও জুড়ে দিয়েছেন। যেখানে দেখা যাচ্ছে সাদা পোশাকের ক্রিকেটে আসিফের বলে শূন্য রানে আউট হয়ে ফিরে আসছেন পিটারসেন।

আসিফকে ‘সেরা বোলার’ বলার আগে আরও একটা লাইন লিখেছেন পিটারসেন, ‘আমার মনে হয় ,সে নিষিদ্ধ হওয়ায় বিশ্বের অনেক ব্যাটসম্যানই খুশি হয়েছে।” নিষিদ্ধ হওয়ার কারণেই যে তাঁদের আর আসিফের মুখোমুখি হতে হয়নি।

আসিফের সঙ্গে স্পট ফিক্সিংয়ে জড়িয়ে বিভিন্ন মেয়াদে নিষিদ্ধ হয়েছিলেন তাঁর নতুন বলের জুটি মোহাম্মদ আমির ও ব্যাটসম্যান সালমান বাট। নিষেধাজ্ঞা কাটিয়ে আমির পাকিস্তানের জাতীয় দলে জায়গা করে নিলেও আন্তর্জাতিক ক্রিকেটে আর ফেরা হয়নি আসিফ ও বাটের।

## ভয়ডরহীন স্বাস্থ্যকর্মীদের মেসির ধন্যবাদ

করোনাভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ে সবার সামনে আছেন তাঁরা। নিজেদের জীবন ঝুঁকিতে ফেলেই সেই স্বাস্থ্যকর্মীরা প্রতিনিয়ত জীবন বাঁচানোর লড়াই চালিয়ে যাচ্ছেন। করোনায় আক্রান্ত হয়ে মারাও গেছেন অসংখ্য স্বাস্থ্যকর্মী। ভয়ডরহীন সেই সব স্বাস্থ্যকর্মীদের এবার ধন্যবাদ দিলেন লিওনেল মেসি। বার্সেলোনার আর্জেন্টাইন মহাতারকা পরশু বিশেষ এক বার্তায় ধন্যবাদ দিয়েছেন বিশ্বজুড়ে লড়াই চালিয়ে যাওয়া সেই সব স্বাস্থ্যকর্মীকে।গত শনিবার শেষ হয়েছে অষ্টম বিশ্ব স্বাস্থ্যকর্মী সপ্তাহ। সেই উপলক্ষেই স্বাস্থ্যকর্মীদের ধন্যবাদ দিলেন ফুটবলে ইতিহাসের অন্যতম সেরা এই খেলোয়াড়। নিজের ইনস্টাগ্রামে ইউনিসেফের বিশেষ দূত মেসি লিখেছেন স্বাস্থ্যকর্মীদের নিয়ে, ‘গতকাল বিশ্ব স্বাস্থ্যকর্মী সপ্তাহ শেষ হলো। তাঁরা যে কাজ করছেন সেটির জন্য আমি ইউনিসেফকে সঙ্গে নিয়ে আমি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি। ধন্যবাদ জানাচ্ছি নাম না জানা সেই সব বীরকে, যারা পরিবার থেকে দূরে থেকে দিনরাত পরিশ্রম করে চলেছেন আমাদের কোভিড ১৯ ভাইরাস থেকে বাঁচাতে। ধন্যবাদ জানাচ্ছি কারণ এত কিছুর পরও তাঁরা কাজ করে যাচ্ছেন গর্ভবতী নারী, শিশু ও কিশোরদের যত্নে। ঘরে থাকুন ইউনিসেফ।’

করোনাভাইরাসে সবচেয়ে বেশি প্রাণহানি হওয়া দেশগুলোর মধ্যে আছে স্পেন। দেশটিতে ফুটবল বন্ধ হয়ে গেছে গত মাসেই। স্থগিত হওয়ার আগে মেসির বার্সেলোনা চিরপ্রতিদ্বন্দ্বী রিয়াল মাদ্রিদের চেয়ে ২ পয়েন্ট এগিয়ে ছিল। যাতে বরাবরের মতো সবচেয়ে বড় অবদান মেসিরই। করোনা সংকটে বার্সেলোনা ৭০ ভাগ বেতন কেটে নিয়েছে ফুটবলারদের। সেই আলোচনায় সামনেই ছিলেন আর্জেন্টাইন তারকা। অনেকেই মনে করেন মেসিরা ওই সিদ্ধান্ত মেনে নেওয়াতেই অন্যান্য ক্লাবও এই সিদ্ধান্ত নিতে পেরেছে।

## আইপিএল নিয়ে ক্লার্কের সঙ্গে একমত নন লক্ষন

বিশ্বের বেশির ভাগ ক্রিকেটারের স্বপ্নে এখন থাকে আইপিএলের চুক্তি। এই টুর্নামেন্ট খেলার আশায় সব দেশের ক্রিকেটাররাই ভারতীয় ক্রিকেটারদের সমঝে চলেন বলে কয়েকদিন আগে মন্তব্য করেছিলেন মাইকেল ক্লার্ক। তবে অস্ট্রেলিয়ার বিশ্বকাপজয়ী অধিনায়কের এই কথার সঙ্গে একমত নন ভিভিএস লক্ষন। সাবেক ভারতীয় ব্যাটসম্যানের মতে, ভালো খেলেই জায়গা পেতে হয় আইপিএল দলে।

২০১৮-১৯ মৌসুমে অস্ট্রেলিয়ার মাটিতে প্রথমবারের মত টেস্ট সিরিজ জিতে ফিরেছে ভারত। ক্লার্কের মতে, সেই সিরিজে টিম পেইনের দলে অস্ট্রেলিয়ার সহজাত ‘আগ্রাসী ক্রিকেট’ দেখা যায়নি। সাবেক অস্ট্রেলিয়া অধিনায়ক বলেছিলেন, বিশ্বের সব দেশের ক্রিকেটাররাই বিরাট কোহলিদের সঙ্গে ভালো আচরণ করেন আইপিএল চুক্তির আশায়।

কিন্তু লক্ষনের মত ভিন্ন। আইপিএলে সানরাইজার্স হায়দরাবাদের পরামর্শক হিসেবে দায়িত্ব পালন করছেন তিনি। দল গোছানোর সময় বিদেশি ক্রিকেটার নির্বাচনের দায়িত্ব থাকে তার কাঁধেও। স্টার স্পোর্টসের একটি অনুষ্ঠানে তিনি দ্বিমত পোষণ করলে ক্লার্কের মন্তব্যের সঙ্গে।

“ভারতীয় ক্রিকেটারদের সঙ্গে বন্ধুসুলভ হওয়া মানে এই নয় যে আইপিএল চুক্তি সহজে পাওয়া যাবে।”

“মেন্টর হিসেবে নিলামের সময় আমি থাকি। আমরা ওই সব আন্তর্জাতিক ক্রিকেটারদের নির্বাচন করি, যারা নিজের দেশের হয়ে অসাধারণ খেলছে এবং ফ্র্যাঞ্চাইজিকে বাড়তি কিছু দিতে পারে। কোনো ভারতীয় ক্রিকেটারের সঙ্গে বন্ধুত্ব আইপিএলে সুযোগ নিশ্চিত করে না।”

## সরাসরি বিশ্বকাপে ভারতের মেয়েরা

ভারত ও পকিস্তানের মেয়েদের সিরিজ বাতিল হয়েছিল আগেই। এবার দুদলকে পয়েন্ট ভাগ করে দিল আইসিসির টেকনিক্যাল কমিটি। আর তাতেই ২০২১ সালে হতে যাওয়া মেয়েদের বিশ্বকাপের টিকেট পেয়ে গেল ভারত।

সিরিজটি ছিল আইসিসি নারী চ্যাম্পিয়নশিপের অংশ। যেটি হওয়ার কথা ছিল গত বছরের জুলাই ও নভেম্বরের মাঝে। কিন্তু দুই প্রতিবেশী দেশের মধ্যে চলা রাজনৈতিক বৈরিতার কারণে সেটি মাঠে গড়ায়নি।

ভারত-পাকিস্তান সিরিজের পাশাপাশি দক্ষিণ আফ্রিকা ও অস্ট্রেলিয়া এবং শ্রীলঙ্কা ও নিউ জিল্যান্ডের সিরিজ করোনাভাইরাসের কারণে বাতিল হয়ে গেছে। তিনটি সিরিজেরই পয়েন্ট দলগুলোকে ভাগ করে দেওয়ার কথা বুধবার জানায় আইসিসি।

আইসিসি নারী চ্যাম্পিয়নশিপের ২০১৭-২০২০ সংস্করণে আট দল একে অপরের সঙ্গে খেলে একটি করে তিন ম্যাচের সিরিজ। স্বাগতিক নিউ জিল্যান্ড ও চ্যাম্পিয়নশিপের পয়েন্ট তালিকার শীর্ষ চার দল সরাসরি খেলবে আগামী বছর অনুষ্ঠেয় আট দলের বিশ্বকাপে।

নিয়মানুযায়ী অস্ট্রেলিয়া (৩৭), ইংল্যান্ড (২৯), দক্ষিণ আফ্রিকা (২৫) ও এখন ভারত (২৩) সেরা চারে থেকে সরাসরি বিশ্বকাপে জায়গা করে নিল।

তালিকার পরের চারটি স্থানে আছে পাকিস্তান (১৯), নিউ জিল্যান্ড (১৭), ওয়েস্ট ইন্ডিজ (১৩) ও শ্রীলঙ্কা (৫)। নিউ জিল্যান্ড ছাড়া বাকিদের খেলতে হবে আগামী জুলাইয়ে শ্রীলঙ্কায় হতে যাওয়া ১০ দলের বাছাইপর্বে।

এই তিনটি দলসহ বাছাইপর্বে অংশ নেবে বাংলাদেশ, আয়ারল্যান্ড ও পাঁচটি আঞ্চলিক বাছাইপর্বের বিজয়ী পাঁচ দল। সেখান থেকে বিশ্বকাপের টিকেট পাবে তিন দল। যদিও করোনাভাইরাসের কারণে বাছাইপর্ব হওয়া নিয়ে জেগেছে শঙ্কা।

PNIeT NO- 14/EE/PWD(DWS)/KMP/2020-2I

The Executive Engineer, DWS Division Kamalpur, Dhalai District, Tripura invites on behalf of the Governor of Tripura, single bid percentage rate e-tender. The details are below;

| SL NO | DN1eT No | Estimated Cost | Deadline for bidding |
|---|---|---|---|
| 1 | DNIe-T No. 14/ EE/PWD(DWS)/ KMP/2020-21 | 2114225.00 | 25-08-2020 |

All details can be seen press notice & bid documents for the work on website www.tripuratenders.govin at free of cost. For contact 8974414234/9089352571

For and on behalf of Governor of Tripura

ICA/C-1272/2020-21

(Er. B. Debbarma) Executive Engineer DWS Division, Kamalpur, Dhalai District, Tripura.

F NO.10 (1)/PO(BDO)/UR/TENDER/MGNREGA/2020- 21/ 3173-82

**SHORT NOTICE INVITING RE-TENDER**

Date:-04/08/2020

On behalf of the Governor of Tripura, the undersigned invite sealed tender office stationeries under Laljuri R.D. Block, Kanchanpur, North Tripura in connection with smooth running of office works during the financial Year 2020-21 from Registered Vendors/traders/Cooperative Societies dealing in the items, for details, office of the undersigned may be communicated.

The Tender Box will be kept open from 05/08/2020 to 17/08/ 2020 during workin

ICA/C-1278/2020-21

(Pinku D. Barma TCS-Il) Block Development Officer Laljuri RD Block, Tripura (N).

No.F.1(44)/ Estt/TBW/2020/2074

Date, Agartala, the GE/4August,2020

**NOTICE INVITING QUOTATIONS**

Tripura Board of Wakf invites quotation in sealed envelope for hiring of one Maruti Wagon R for use of the office of the Tripura Board Wakf, Govt. of Tripura, for a period of 1( one) year. Terms and conditions may be collected from Tripura Board of Wakf in any working days between 11 AM to 4 PM within 11th August, 2020. This has issued in cancellation of previous quotation vide No.F.1(44)/ Estt/TBW/2020/2039-40 dated.16th July,2020.

1. Last date for receiving quotation : 14.08.20 upto 3.00 p.m
2. Date of opening of Tender/quotation Box. : 14.08.20 at 3.30 p.m

ICA/C-1285/2020-21

(Md. Habi. Uddin,) Chief Executive Officer Tripura Board of Wakf

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪
ই-মেল : rainbowprintingworks@gmail.com

# মৃদু ভূমিকম্পে কাঁপল হরিয়ানা, রোহতকে তীব্রতা মাত্র ২.৯

চণ্ডীগড়, ৬ আগস্ট (হি.স.): ভোররাতে মৃদু তীব্রতার ভূমিকম্পে কেঁপে উঠল হরিয়ানা। বৃহস্পতিবার ভোররাত ১.৫০ মিনিট নাগাদ হালকা তীব্রতার ভূকম্পন অনুভূত হয় হরিয়ানার রোহতকে। রিখটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা ছিল মাত্র ২.৯।

ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি জানিয়েছে, বৃহস্পতিবার ভোররাত ১.৫০ মিনিট নাগাদ ২.৯ তীব্রতার ভূকম্পন অনুভূত হয় হরিয়ানার রোহতক জেলায়। ভূমিকম্পের উৎসস্থল ছিল ভূপৃষ্ঠের মাত্র ৫ কিলোমিটার গভীরে। যদিও, মৃদু তীব্রতার ভূমিকম্পে ক্ষয়ক্ষতির কোনও খবর পাওয়া যায়নি।

# আহমেদাবাদে কোভিড-১৯ হাসপাতালে আগুন, মৃত্যু ৮ জন রোগীর

আহমেদাবাদ, ৬ আগস্ট (হি.স.): গুজরাটের আহমেদাবাদে কোভিড-১৯ হাসপাতালের আইসিইউ ওয়ার্ডে আগুন লেগে মৃত্যু হয়েছে করোনা-সংক্রমিত ৮ জন রোগীর। মৃত ৮ জনের মধ্যে পাঁচজন পুরুষ এবং তিনজন মহিলা। বৃহস্পতিবার ভোররাত তিনটে নাগাদ আহমেদাবাদে নবরঙ্গপুরা এলাকায় অবস্থিত শ্রেয় হাসপাতালের আইসিইউ ওয়ার্ডে ভয়াবহ আগুন লাগে। প্রাণে বাঁচানো সম্ভব হয়েছে কমপক্ষে ৪০ জন করোনা-আক্রান্ত রোগীকে। বেসরকারি শ্রেয় হাসপাতালে কোভিড-১৯ রোগীদেরই চিকিৎসা চলছিল। হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, বৃহস্পতিবার ভোররাত তিনটে নাগাদ আচমকাই হাসপাতালের আইসিইউ ওয়ার্ডে আগুন লাগে। অগ্নিকাণ্ডের খবর পাওয়া মাত্রই আগুন নেভাতে আসে দমকলের আটটি ইঞ্জিন। আইসিইউ ওয়ার্ডে চিকিৎসাধীন ৮ জন রোগীর মৃত্যু হয়েছে এবং কমপক্ষে ৪০ জন রোগীকে উদ্ধার করে সর্দার বল্লভভাই প্যাটেল ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস এন্ড রিসার্চে ভর্তি করা হয়েছে। আগুন লাগার প্রকৃত কারণ খতিয়ে দেখা হচ্ছে।শোকস্তব্ধ প্রধানমন্ত্রী, কথা বলেছেন রূপানির সঙ্গে আহমেদাবাদে কোভিড-১৯ হাসপাতালে অগ্নিকাণ্ডে ৮ জন রোগীর মৃত্যুতে গভীর শোকস্তব্ধ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সামগ্রিক পরিস্থিতি সম্পর্কে গুজরাটের মুখ্যমন্ত্রী বিজয় রূপানি এবং মেয়রের সঙ্গে কথা বলেছেন প্রধানমন্ত্রী।

# গিরিশের ইস্তফা গৃহীত, জম্মু-কাশ্মীরের নতুন উপ-রাজ্যপাল হচ্ছেন মনোজ সিনহা

নয়াদিল্লি, ৬ আগস্ট (হি.স.): জম্মু ও কাশ্মীরের নতুন লেফটেন্যান্ট গভর্নর (উপ-রাজ্যপাল) হচ্ছেন প্রাক্তন রেল প্রতিমন্ত্রী তথা উত্তর প্রদেশের বিজেপি নেতা মনোজ সিনহা। জম্মু ও কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নর পদ থেকে বুধবারই ইস্তফা দিয়েছেন গিরিশ চন্দ্র মুর্মু। গিরিশের ইস্তফাপত্র গ্রহণ করেছেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, এরপরই বৃহস্পতিবার জম্মু ও কাশ্মীরের নতুন লেফটেন্যান্ট গভর্নর (উপ-রাজ্যপাল) নিযুক্ত করা হয়েছে মনোজ সিনহাকে। বৃহস্পতিবার রাষ্ট্রপতি ভবনের পক্ষ

ছয়ের পাতায় দেখুন



বৃহস্পতিবার সিপাহীজলা জেলায় যাত্রাপুরে কমন সার্ভিস সেন্টারের নতুন ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে সাংসদ প্রতিমা ভৌমিক ও শিক্ষামন্ত্রী রতন লাল না। ছবি- নিজস্ব

# বসত বাড়ি বিক্রিকে কেন্দ্র করে ধুন্ধুমার কান্ড চুরাইবাড়িতে

**নিজস্ব প্রতিনিধি, চুরাইবাড়ি, ৬ আগস্ট।।** বসত বাড়ি বিক্রিকে কেন্দ্র করে ধুন্ধুমার কান্ড। বাড়িতে আগুন ভাঙচুর সহ গাছ পালা কেটে লঙ্কা কাণ্ড গ্রামের ৪০ জনের একটি দলের বিরুদ্ধে, অভিযোগ বাড়ি মালিকের। গ্রাম বাসীদের পাল্টা অভিযোগ বাড়ি মালিক হিন্দু ধর্মীয় স্থান রাখাল তলী থেকে ১০০ মিটার দূরে অবস্থিত নিজের বাড়িটি চুপিসারে এক মুসলমান সম্প্রদায়ের ব্যক্তির কাছে বিক্রি করার অভিযোগ জানিয়ে বাড়ি মালিককে বাধা জানানো হয় গ্রামবাসীদের পক্ষ থেকে।আর তাতে বাড়ি মালিক গ্রামবাসীকে ফাঁসানোর জন্য পরিকল্পিত ভাবে নিজেই নিজ বাড়িতে লঙ্কা কাণ্ড বাঁধিয়ে উত্তপ্ত পরিস্থিতি সৃষ্টি করেছেন। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে উপস্থিত মহকুমা পুলিশ আধিকারিক রাজীব সূত্রধর সহ চুরাইবাড়ি,কদমতলা ও ধর্মনগর থানার পুলিশ সহ বিশাল টিএসার বাহিনী। ঘটনা চুরাইবাড়ি থানাধীন পূর্ব হুরুয়া গ্রামে। ঘটনার বিবরণে প্রকাশ, উত্তর জেলার চুরাইবাড়ি থানাধীন পূর্ব হুরুয়া গ্রাম পঞ্চায়েতের ২ নং ওয়ার্ডের বাসিন্দা দেবাশীষ ধর পিতা দেবেন্দ্র ধরের বাড়িতে গ্রামের স্থানীয় ৫/৬ জনের নেতৃত্বে ৪০ জনের একটি দল হামলা চালায় বলে বাড়ি মালিক দেবাশীষ ধরের অভিযোগ।গতকাল রাত্রিবেলা প্রায় ৮:৫৫ তিনটের সময় ৪০ জনের একটি দল দা-কুড়াল ইটপাটকেল দিয়ে এলোপাতাড়ি ডিল সহ দরজা-জানালায় কোপাতে থাকে। বাইরে থাকা দেবাশীষ ধরের একটি স্কুটিও ভাঙচুর করে বলে অভিযোগ। ৪০ জনের এই দলটি ঘরের জানালা ভেঙ্গে ঘরের শোকেজে ভাঙচুর করে।তার সাথে ঘুমানোর বিছানায় আগুন লাগিয়ে দেয়। করে দেওয়া হয় বিদ্যুৎ বিচ্ছিন্ন। বাড়ি মালিক দেবাশীষ ধর অভিযোগ করে বলেন, স্থানীয়রা রাতের আধারে অতর্কিতভাবে উনার বাড়িতে হামলা চালিয়ে অনেক ক্ষয়ক্ষতি করেছে। ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় ৪০ হাজারের অধিক হবে বলেও জানান বাড়ি মালিক। বাড়ি মালিক আরো বলেন, গত বেশ কিছু বছর যাবত উনি ওই বাড়িটি বিক্রির জন্য গ্রামের সকলের সাথেই কথাবার্তা বলেছিলেন কিন্তু কেউ বাড়িটি কেনার জন্য এগিয়ে আসেননি। অবশেষে টাকার বিশেষ প্রয়োজনে গত ২৮ জুলাই পাশের গ্রামের বশারত আলীর সাথে দরদাম ধার্য করে বায়না করা হয়। আর সেই খবর পূর্ব হুরুয়া গ্রামের ৪০ জনের একটি দুষ্ট চক্রের কাছে যেতেই ২৯ জুলাই উনাকে ডেকে নিয়ে রাখাল তলী মন্দিরে বাড়ি বিক্রি কেন করছেন তা বলে অনেকটা ভয়-ভীতি দেখানো হয়। যদিও সেই স্থান থেকে সেই সময় বাড়ি মালিক দেবাশীষ ধর কোনভাবে প্রাণ নিয়ে ঘরে ফিরে এসেছেন বলেও অভিযোগ করেন।কিন্তু গতকাল রাতের অতর্কিত হামলায় বর্তমানে নিরাপত্তাহীনতায় ভুগছেন বাড়ি মালিক বলে জানান।ঘটনার খবর পেয়ে গতকাল রাতেই ঘটনাস্থলে ছুটে আসেন ধর্মনগর মহকুমা পুলিশ আধিকারিক রাজীব সূত্রধর, চুরাইবারি,কদমতলা ও ধর্মনগর থানার পুলিশ সহ বিশাল টিএসআর বাহিনী। এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে গতকাল রাত থেকে সংবাদ লেখা পর্যন্ত পুলিশি নিরাপত্তায় মুড়ে রাখা হয়েছে গোটা পূর্ব হুরুয়া গ্রাম পঞ্চায়েতের ২ নং ওয়ার্ড।

অপরদিকে স্থানীয় গ্রামবাসী ও স্থানীয় ওয়ার্ডের মেম্বার রজল সিং জানান, পূর্ব হুরুয়া গ্রাম পঞ্চায়েতের ২ নং ওয়ার্ডের বাসিন্দা দেবাশীষ ধর নিজের ৩৮ শতক বসতবাড়িটি পাশের গ্রামের বশারত আলীর কাছে চুপিসারে বিক্রি করার খবর চাউর হতে স্থানীয় এলাকাবাসী বাড়ি মালিক দেবাশীষ ধরকে মুসলমান

# উমাকান্ত ইংরেজী মাধ্যম স্কুলে কলা ও বিজ্ঞানের আসন বৃদ্ধিতে সন্তোষ প্রকাশ স্কুল পরিচালন কমিটির

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ আগস্ট।।** রাজধানীর অন্যতম বনেদি স্কুল উমাকান্ত একাডেমি ইংরেজি মাধ্যম স্কুলে কলা বিভাগ চালু এবং বিজ্ঞান বিভাগে আসন সংখ্যা বৃদ্ধির ঘটনায় সন্তোষ প্রকাশ করেছে স্কুল পরিচালন কমিটি। স্কুল উন্নয়ন কমিটির পক্ষ থেকে বৃহস্পতিবার স্কুলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে রাজ্য সরকারের ভূমিকায় সন্তোষ প্রকাশ করা হয়েছে। স্কুল পরিচালন কমিটির কর্মকর্তারা জানিয়েছেন রাজ্যের শিক্ষামন্ত্রী রতন লাল নাথ এবং মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এর অথ তান্ত্রিক প্রচেষ্টাতেই উমাকান্ত ইংরেজি মাধ্যম বিদ্যালয়ে কলা বিভাগ চালু করা সম্ভব হয়েছে এবং বিজ্ঞান বিভাগে আসন সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। এ ধরনের প্রয়াস এর ফলে ছাত্র-ছাত্রীরা তারুন উপকৃত হবে বলে তারা আশা ব্যক্ত করেছেন। রাজ্য সরকারের শিক্ষা নোরগে এই মানসিকতা সম্পন্ন অভিভাবকরাও।

# একাউন্ট থেকে গায়েব হওয়া টাকা ফেরত পেলেন দুই গ্রাহক

**নিজস্ব প্রতিনিধি, কাঞ্চনপুর, ৬ আগস্ট।।** আজ বিকাল ৫.৩০ মিনিটে কাঞ্চনপুর এস বি আই ব্যাংক শাখায় ২০১৯ সালে কাস্টমারের অ্যাকাউন্ট থেকে টাকা হারিয়ে যায় এবং থানায় মামলা হয়। আজ আনুষ্ঠানিকভাবে টাকা ফেরত দেওয়া হয় ব্যাংকের চেক এর মাধ্যমে দুই ব্যক্তি কে (১) সোরিত ময় নাথ বয়স ৪৯ বাড়ি কাঞ্চনপুর টুছ-৮০০০০ হাজার টাকা ব্যাংক হইতে ফেরত দেওয়া হয়। (২) জহ রাম রিয়াং বয়স ৪০ বাড়ি দশটা পুণ্য জয় পাড়া টুছ-৫৯০০০ হাজার টাকা ফেরত দেওয়া হয় ব্যাংক হইতে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাঞ্চনপুর মহকুমা শাসিকা চানদিনি চন্দ্রন ও সাব ডিভিশন পুলিশ অফিসার বিক্রম জিৎ শুক্লা দাস ব্যাঙ্ক ম্যানেজার শিবেন্দ্র তালুকদার এই টাকা পেয়ে উনারা উপকৃত হন হন বলে জানান।

# বিশালগড় মহকুমা হাসপাতালের দুদিনের জন্য চিকিৎসা পরিসেবা বন্ধ

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ৬ আগস্ট।।** বিশালগড় মহকুমা হাসপাতাল গত বুধবার দিন দুজনের করোণা পজিটিভ ধরা পড়ে। তাতে গোটা হাসপাতাল চত্বরে আতঙ্ক ছড়িয়ে পড়ে। সঙ্গে সঙ্গে মহাকুমা হাসপাতালে বিভিন্ন কক্ষকে সেনিটাইজার করা হয় এবং হাসপাতাল বিভিন্ন প্রান্ত থেকে আসা রোগীদের ভর্তি বন্ধ করে দেওয়া হয়। প্রসঙ্গত হাসপাতালের একজন নার্সের কোভিড-১৯ করোনা সংক্রমণ পজিটিভ ধরা পরে এবং পাশাপাশি হাসপাতলে ভর্তি অবস্থায় একজন রোগীর করোনা সংক্রমণ পজিটিভ ধরা পড়ে। তাতে গোটা হাসপাতাল চত্বরে চিকিৎসক থেকে শুরু করে সকল স্বাস্থ্যকর্মীদের মধ্যে একটা হতাশা লক্ষ্য করা গেছে। এসডিএমও জে.এম. দাস জানান আগামী শুক্রবার দিন থেকে যথারীতি হাসপাতালে ভর্তি এবং ওটিপি খোলা থাকবে এতে ভয়ের কিছু নেই। পুরোপুরিভাবে হাসপাতাল কে সেনিটাইজার করা হয়েছে কিন্তু হাসপাতাল এসে দূর-দূরান্ত থেকে অসুস্থ্য রোগি নিয়ে আসা হলে ফিরে যেতে হচ্ছে অন্যান্য হাসপাতালে। সমস্যার সম্মুখীন হতে হচ্ছে হতদরিদ্র সাধারণ জনগণকে। রোগীদের নিয়ে আসা হলে ডাক্তার থাকা সত্ত্বেও চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে সাধারণ জনগণের। দুদিনের জন্য হাসপাতালকে সমস্ত চিকিৎসা পরিষেবা বন্ধ করে দেওয়া হয়।

# কনটেইনমেন্ট জোনে ব্যারিকেট বিক্ষোভ দেখালেন বামুটিয়ার জনগণ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ আগস্ট।।** বামুটিয়া রাঙ্গুটিয়া গ্রামের চারদিকে বেরিকেট দেওয়ার ঘটনাকে কেন্দ্র করে স্থানীয় জনমনে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। বৃহস্পতিবার ওই এলাকায় বসবাসকারী জনগণ তীব্র প্রতিবাদ বিক্ষোভ সংগঠিত করেছেন। উল্লেখ্য ওই এলাকার এক বিয়েবাড়িতে করোনা সংক্রামিত পাওয়ার পর প্রশাসনের তরফ থেকে এলাকাকে কনটেইনমেন্ট জোন হিসেবে ঘোষণা করে বেরিকেড দিয়ে দেওয়া হয়। ফলে এলাকার কৃষক সহ বিভিন্ন অংশের মানুষজন এলাকা থেকে বের হতে পারছেন না। কৃষকদের উৎপাদিত ফসল নষ্ট হয়ে যাচ্ছে। ফলে তারা আর্থিকভাবে মারাত্মক ক্ষতির সম্মুখীন হচ্ছেন। কাজ ও খাদ্যের অভাবে এলাকার শ্রমিক ও গরিব অংশের মানুষ অনাহারে অর্ধাহারে দিন কাটাতে বাধ্য হচ্ছেন। প্রশাসনের তরফ থেকে পর্যাপ্ত খাদ্য সামগ্রী প্রদান ও অন্যান্য সহযোগিতা করা হচ্ছে না বলে এলাকাবাসীর অভিযোগ। এরই প্রতিবাদে তারা প্রতিবাদ-বিক্ষোভ আন্দোলনে সামিল হয়েছেন। অবিলম্বে এলাকাকে কনটেইনমেন্ট জোন মুক্ত করা না হলে তারা আরও বৃহত্তর আন্দোলনে সামিল হবেন বলে হুঁশিয়ারি দিয়েছেন।

# হিরোশিমা দিবস উপলক্ষে বৃক্ষরোপণ উদয়পুরে

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ৬ আগস্ট।।** আজ ৬ই আগস্ট ২০২০ হিরোশিমা দিবসে বিশ্ব শান্তির বার্তা ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে রিফর্মিস্ট সোসাইটি, সংকল্প এর যৌথ উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয় উদয়পুরের ভাণ্ডারপার এলাকায়। বৃক্ষরোপণ কর্মসূচির পাশাপাশি করোনা মহামারী কে মাথায় রেখে ছোট পরিসরে পরিবেশ সচেতনতা বিষয়ক ও বৃক্ষ রোপনের প্রয়োজনীয়তা বিষয়ক একটি আলোচনা সভা ও অনুষ্ঠিত হয় সোসাইটির অফিস গৃহে। অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন উদয়পুর রমেশ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক শ্রী শংকর দাস মহাশয়। তাছাড়া উপস্থিত ছিলেন উদয়পুরের বিশিষ্ট ফুটবলার তথা রিফর্মিস্ট সোসাইটির অন্যতম সদস্য অমৃত মিয়া মহাশয় সহ সোসাইটির অন্যান্য সদস্যরা।

# ব্রাউনসুগার সহ যুবক আটক মেলাঘরে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ আগস্ট।।**সিপাহী জলা জেলার মেলাঘর থানার পুলিশ ব্রাউন সুগার সহ এক যুবককে আটক করেছে। যে গাড়িতে করে ব্রাউন সুগার নিয়ে যাচ্ছিল সেই গাড়িটি আটক করেছে পুলিশ। জানা গেছে গাড়িটি মেলাঘরের দিক থেকে সোনামুড়ার দিকে যাচ্ছিল। আগাম সুনির্দিষ্ট খবরের ভিত্তিতে মেলাঘর থানার পুলিশ গাড়ি আটক করে এক যুবককে ব্রাউন সুগার সহ পাকড়াও করতে সক্ষম হয়েছে। আটক করা যুবকের কাছ থেকে ১০০ গ্রাম ব্রাউন সুগার উদ্ধার হয়েছে বলে পুলিশ জানিয়েছে। এব্যাপারে এনডিপিএস ধারায় সুনির্দিষ্ট মামলা গ্রহণ করেছে মেলাঘর থানার পুলিশ। এদিকে ব্রাউন সুগার সহ আটক যুবককে বৃহস্পতিবার আদালতে সোপর্দ করা হয়েছে।

# পুনরায় অপরিবর্তিত রেপো রেট ও রিভার্স রেপো রেট : আরবিআই

মুম্বই, ৬ আগস্ট (হি.স.): রেপো রেপ (যে সুদের হারে বাণিজ্যিক ব্যাঙ্কগুলিকে ঋণ দেয় রিজার্ভ ব্যাঙ্ক) পুনরায় অপরিবর্তিত রাখল রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (আরবিআই)। রেপো রেট-এর পাশাপাশি অপরিবর্তিত রাখা হয়েছে রিভার্স রেপো রেটও। অপরিবর্তিত থাকার পর রেপো রেট এবং রিভার্স রেপো রেট যথাক্রমে ৪ শতাংশ এবং ৩.৩ শতাংশ রয়ে গিয়েছে। গত তিন-দিন ধরে বৈঠকে বসেছিলেন মনেটারি পলিসি কমিটি (এমপিসি)—র ছ'জন সদস্য। তার পরেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৃহস্পতিবার সাংবাদিক সম্মেলনে আরবিআই গভর্নর শক্তিকান্ত দাস জানিয়েছেন, রেপো রেট এবং রিভার্স রেপো রেট অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এদিন আরবিআই গভর্নর জানিয়েছেন, আরবিআই সম্ভবত বিশ্বের মধ্যে অন্যতম কেন্দ্রীয় ব্যাঙ্ক, যে ব্যাঙ্ক ক্রিটিকাল অপারেশনে ধারাবাহিকতা আনতে বিশেষ কোয়ারেন্টিন ব্যবস্থা স্থাপন করেছে। অর্থনীতির চাকা ঘোরার বিষয়ে সেরকম কোনও আশার বাণী শোনাতে পারেননি আরবিআই গভর্নর। তিনি বলেন, "কৃষি ক্ষেত্রে খানিকটা উন্নতির সম্ভাবনা উজ্জ্বল হচ্ছে খারিপ শস্যের ভাল উতপাদন ও ভাল বর্ষার জেরে। তাই গ্রামীণ অর্থনীতি আশা করছি শীঘ্রই ঘুরে দাঁড়াবে।" কিন্তু যেহেতু বিশ্ব অর্থনীতির নড়বড়ে অবস্থা, তাই ভারতের সার্বিক আর্থিক বৃদ্ধির হার নেগেটিভই থাকবে বলে জানান তিনি।

# আকস্মিক মৃত্যু! প্রয়াত টিআরএস বিধায়ক এস রামালিঙ্গা রেড্ডি

হায়দরাবাদ, ৬ আগস্ট (হি.স.): প্রয়াত হলেন তেলেঙ্গানা রাষ্ট্র সমিতি (টিআরএস)-র বিধায়ক এস রামালিঙ্গা রেড্ডি। বৃহস্পতিবার ভোররাতে হৃদরোগে আক্রান্ত হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন তিনি। মৃত্যুকালে বয়স হয়েছিল ৫৯ বছর। তেলেঙ্গানার সিদ্দিপেট জেলার ডুববাকা বিধানসভা কেন্দ্রের বিধায়ক

ছয়ের পাতায় দেখুন

# শিক্ষার্থীরা হচ্ছে আগামী প্রজন্মের ভবিষ্যৎ ঃ শিক্ষামন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ আগস্ট।।** বর্তমান প্রজন্মের শিক্ষার্থীরা শ্রেণীকক্ষ থেকে শিক্ষা নিয়ে ভবিষ্যতে রাজ্য এবং দেশ পরিচালনা করবে। তাই শিক্ষার্থীরা হচ্ছে আগামী প্রজন্মের ভবিষ্যৎ। প্রত্যেক শিক্ষার্থীকে গুণগত শিক্ষায় শিক্ষিত হতে হবে এবং নিজেকে স্বাবলম্বী করার শিক্ষা নিতে হবে। আজ কাঠালিয়া ব্লকের যাত্রাপুর গ্রাম প'ায়েতে কমিউনিটি সার্ভিস সেন্টার এবং ডায়েট কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করে শিক্ষামন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। উল্লেখ্য, কমিউনিটি সার্ভিস সেন্টারের নতুন ভবন নির্মাণে ব্যয় হবে ২ কোটি ৭ লক্ষ ৩৫ হাজার টাকা এবং ডায়েট কলেজের নতুন ভবন নির্মাণে ব্যয় হবে ৪ কোটি ২৯ লক্ষ ৬ হাজার টাকা। এছাড়াও নিদয়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের দ্বিতল নতুন ভবনের উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী রতনলাল নাথ। ভবনটি নির্মাণে ব্যয় হয়েছে ৪ কোটি ৮৮ লক্ষ ৪৩ হাজার টাকা। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানকে শিক্ষক তাদের নিজের বাড়ির মত ভাবতে হবে। শিক্ষকদের আধুনিক শিক্ষা ব্যবস্থা সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। সরকার রাজ্যে শিক্ষাক্ষেত্রে অনেক বিষয়ে পরিবর্তন এনেছে। সারা রাজ্যব্যাপী এক প্রশপত্র চালু হয়েছে। বছর বাঁচাও কর্মসূচি চালু করা হয়েছে। গত শিক্ষাবর্ষে রাজ্যে ২৮টি নতুন ইংরেজী মাধ্যম স্কুল চালু করা হয়েছে।

অনুষ্ঠানে সাংসদ প্রতিমা ভৌমিক বলেন, উন্নয়নের প্রথম শর্ত হচ্ছে শান্তি ও সুস্থিতি। লেখাপড়া করার উদ্দেশ্য হচ্ছে 'ান অর্জনের পাশাপাশি নিজেকে স্বাবলম্বী করার শিক্ষা নেওয়া। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সহকারী সভাধিপতি পিন্টু আইচ, শিক্ষা দপ্তরের অধিকর্তা উত্তম চাকমা, কাঠালিয়া প'ায়েত সমিতির চেয়ারম্যান পুপরাণী ভৌমিক দেবনাথ, মহকুমা শাসক সুবত মজমদার, কাঠালিয়া ব্লকের বি ডি ও প্রবাল কান্তি দেব।

# পশ্চিম জেলায় নৈশ কার্ফু জারি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ আগস্ট।।** কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে এবং জনগণের সুরক্ষায় পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক এক আদেশে সমগ্র জেলায় আগামী ৩১ আগস্ট পর্যন্ত রাত ৯ টা থেকে পরদিন সকাল ৫টা পর্যন্ত নৈশ কার্ফু জারি করেছেন। ভারতীয় দণ্ডবিধির ১৪৪ ধারার অধীনে এই আদেশ জারি করা হয়েছে।

জনগণের সুরক্ষায় জেলাশাসকের আদেশে বলা হয়েছে কনটেইনমেন্ট জোনের বাইরে ১০ বা ততোধিক ব্যক্তি সমবেত হতে পারবেন না। এই জেলায় সব ধরণের সামাজিক/রাজনৈতিক/ক্রীড়া, বিনোদন, শিক্ষা বিষয়ক/সাংস্ক'তিক/ধর্মীয় অনুষ্ঠান/ জন জমায়েত প্রভ'তির আয়োজন করা যাবে না। সিনেমা হল, সুইমিং পুল, বিনোদন পার্ক, থিয়েটার, বার, মিলনায়তন প্রভ'তি খোলা যাবে না। এম ও এইচ এফ ডব্লিও-এর এস ও পি মেনে যোগা সেন্টার এবং জিমন্যাসিয়াম খোলা যাবে। কনটেইনমেন্ট জোন এবং পরবর্তী নির্দেশ পর্যন্ত ধর্মীয় স্থান বা উপাসনা কেন্দ্র স্বল্প সংখ্যক ব্যক্তির উপস্থিতিতে ক্রিয়াকর্ম চলবে। আগামী ৩১ আগস্ট পর্যন্ত বিদ্যালয়, মহাবিদ্যালয়, শিক্ষা এবং কোচিং কেন্দ্রগুলো বন্ধ থাকবে। কনটেইনমেন্ট জোন ছাড়া এবং পরবর্তী নির্দেশ পর্যন্ত এম ও এইচ এফ ডব্লিও-এর এস ও পি মেনে হোটেল, রেস্টুরেন্ট, শপিং মল এবং অন্যান্য হোস্টালিটি সার্ভিসের অনুমোদন দেওয়া হবে। লাইসেন্স করা অথবা অন্য কোনও আগেয়া' বহণ করা বা পরিবহণ করা যাবে না। বিনা প্রয়োজনে রাত ৯টা থেকে পরদিন সকাল ৫টা পর্যন্ত কোনও ব্যক্তির চলাফেরা নিষিদ্ধ করা হয়েছে। প্রকাশ্যে মুখ আচ্ছাদন/মাস্ক পরা বাধ্যতামূলক। প্রকাশ্যে সরকারি জায়গায় বা কর্মস্থলে থুতু ফেলা এবং স্রাব করা দণ্ডনীয় এবং জরিমানা করা হবে। দোকানগুলিতে ক্রেতাদের মধ্যে ৬ ফুট দূরত্ব বজায় রাখা এবং দোকানে একসঙ্গে ৫ জনের বেশি ক্রেতা থাকবে না তা নিশ্চিত করতে হবে। জেলাশাসক আদেশে জানিয়েছেন আদেশ অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

# পাকিস্তানে মৃত্যু বেড়ে ৬,০৩৫, করোনা-সংক্রমিত ২,৮১,৮৬৩

ইসলামাবাদ, ৬ আগস্ট (হি.স.): দৈনিক আক্রান্তের সংখ্যা অনেকটাই কমছে, তবে সংক্রমণ ও মৃত্যুতে কোনও ভাবেই রাশ টানা যাচ্ছে না। পাকিস্তানে নতুন করে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে আরও ২১ জনের। বিগত ২৪ ঘন্টায় পাকিস্তানে নতুন করে আক্রান্ত হয়েছেন ৭২৭ জন। বৃহস্পতিবার সকাল পর্যন্ত পাকিস্তানে করোনা-আক্রান্তের সংখ্যা ২ লক্ষ ৮১ হাজার ৮৬৩-এ পৌঁছেছে। পাকিস্তানের পঞ্জাব প্রদেশে এখনও পর্যন্ত সংক্রমিত হয়েছেন ৯৩,৮৪৭ জন, সিন্ধু প্রদেশে ১২,২৩,৭৩ জন, খাইবার পাখতুনখাওয়া প্রদেশে ৩৪,৩৫৯, ইসলামাবাদে আক্রান্তের সংখ্যা ১৫,১৪১, বালোচিস্তানে ১১,৭৯৩, গিলগিট-বালতিস্তানে ২,২৩৪, আজাদ কাশ্মীরে ২,১১৬।

পাকিস্তানের ন্যাশনাল কমান্ড এন্ড কন্টোল সেন্টারের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় পাকিস্তানে নতুন করে করোনা-আক্রান্ত হয়েছেন ৭২৭ জন এবং মৃত্যু হয়েছে ২১ জনের। পাকিস্তানে এখনও পর্যন্ত করোনায় মৃত্যু হয়েছে ৬,০৩৫ জনের।

# করোনা-দৌরাত্ম্য অব্যাহত! আমেরিকায় মৃত্যু বেড়ে ১৫৭,৯৩০

ওয়াশিংটন, ৬ আগস্ট (হি.স.): মারণ করোনাভাইরাসের দৌরাত্ম্য অব্যাহত রয়েছে আমেরিকায়। দৈনিক করোনা-আক্রান্তের সংখ্যা প্রতিদিনই হু হু করে বাড়ছে। উদ্বেগ বাড়িয়ে বিগত ২৪ ঘন্টায় (বুধবার সারা দিনে) আমেরিকায় নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৫৩,১৫৮ জন মানুষ। ফলে মার্কিন মুলুকে মোট করোনা-আক্রান্তের সংখ্যা ৪,৮১৮, ৩২৮-এ পৌঁছে গিয়েছে।

আমেরিকায় আক্রান্তের পাশাপাশি মৃত্যুও লাফিয়ে লাফিয়ে বাড়ছে প্রতিদিনই। জোন্স হপকিন্স ইউনিভার্সিটির দেওয়া তথ্য অনুযায়ী, লাগাতার বাড়তে বাড়তে মার্কিন মুলুকে করোনায় মৃত্যুর

ছয়ের পাতায় দেখুন

# ২৪ ঘন্টায় মৃত্যু ৯০৪ জনের, ভারতে করোনা-মুক্ত ১৩.২৮ লক্ষের বেশি : স্বাস্থ্য মন্ত্রক

নয়াদিল্লি, ৬ আগস্ট (হি.স.): ভারতে করোনা-আক্রান্তের সংখ্যা প্রতিদিনই বাড়ছে! অস্বস্তি বাড়িয়ে রোজই বেড়ে চলেছে মৃত্যু-মিছিল। বাড়তে বাড়তে বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে করোনা-আক্রান্তের সংখ্যা ১৯,৬৪,৫৩৭-তে পৌঁছে গেল। ভারতে বিগত ২৪ ঘন্টায় (বুধবার সারাদিনে) নতুন করে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়ে ৯০৪ জনের মৃত্যু হয়েছে। শেষ ২৪ ঘন্টায় ভারতে নতুন করে সংক্রমিত হয়েছেন ৫৬, ২৮২ জন। বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ৪০,৬৯৯ জন এবং সংক্রমিত ১৯,৬৪,৫৩৭ জন। এখনও পর্যন্ত করোনা-মুক্ত হয়েছেন ১৩,২৮,৩৩৭ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের রিপোর্ট অনুযায়ী, বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে সক্রিয় করোনা রোগীর সংখ্যা ৫ লক্ষ ৯৫ হাজার ৫০১।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক বুলেটিনে জানিয়েছে, ৪০,৬৯৯ জনের মধ্যে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে ১৪ জনের মৃত্যু হয়েছে, অন্ধ্রপ্রদেশে ১,৬৮১ জনের মৃত্যু হয়েছে, অরুণাচল প্রদেশে ৩ জন, অসমে ১২১ জন, বিহারে ৩৫৫ জনের, চন্ডীগড়ে ২০ জন, ছত্তিশগড়ে ৭১ জন, দাদর ও নগর হাভেলি এবং দমন ও দিউতে দু"জনের মৃত্যু হয়েছে, দিল্লিতে মৃত্যু হয়েছে ৪, ০৪৪ জনের, গোয়া ৬৪ জন, গুজরাটে ২৫৫৬ জনের, হরিয়ানায় ৪৫৫ জনের, হিমাচল প্রদেশে ১৪ জনের, জম্মু-কাশ্মীরে ৪২৬ জনের, ঝাড়খণ্ডে ১৩৬ জনের, কর্ণাটকে ২,৮০৪ জন প্রাণ হারিয়েছেন, কেরলে ৯৪ জন, লাদাখে ৭ জন, মধ্যপ্রদেশে ৯২৯ জন, মহারাষ্ট্রে ১৬,৪৭৬ জনের মৃত্যু হয়েছে, মণিপুরে ৭ জন, মেঘালয়ে ৫ জন, নাগাল্যান্ডে ৬ জন, ওড়িশায় ২২৫ জনের, পুদুচেরিতে ৬৫ জন, পঞ্জাবে ৪৯১ জন, রাজস্থানে ৭৪৫ জনের, সিকিমে একজন, তামিলনাড়ুতে ৪,৪৬১ জন, তেলেঙ্গানায় ৫৮৯ জন, ত্রিপুরায় ৩১ জন, উত্তরাখণ্ডে ৯৮ জন, উত্তর প্রদেশে ১,৮৫৭ জন এবং পশ্চিমবঙ্গে ১,৮৪৬ জন প্রাণ হারিয়েছেন।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক বুলেটিনে জানিয়েছে, ভারতে এই মুহূর্তে মৃত্যু হয়েছে ২.০৭ শতাংশ মানুষের, সুস্থ হয়েছেন ৬৭.৬২ শতাংশ মানুষ এবং চিকিৎসাধীন ৩০.৩১ শতাংশ মানুষ। কোভিড-১৯ ভাইরাসকে পরাজিত করতে ভারতে দ্রুততার সঙ্গে বেড়েই চলেছে করোনা-পরীক্ষা। ৫ আগস্ট পর্যন্ত ভারতে মোট ২,২১, ৪৯,৩৫১টি নমুনা পরীক্ষা করা হয়েছে। বৃহস্পতিবার সকালে ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, শুধুমাত্র ৫ আগস্ট ৬,৬৪,৯৪৯টি স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।